


# ঈযধঢ়ঃবৎ ১

এঐঊ

ইউএওঘঘওঘএ


এই গল্পটি হাজার হাজার বছরের পুরানো একটি বই-এ বলা হয়েছে। এর প্রতিটি শব্দ যা আমি তোমাদের বলতে যাচ্ছি তা সত্য। কিছু কথা তোমাদের বিশ্বাস নাও হতে পারে।
কিন্তু সত্য অনেক সময় গল্প কাহিনীর চেয়েও আশ্চর্য্য হয়ে থাকে।


আদিতে, প্রথম মানুষ সৃষ্টির পূর্বে, পৃথিবী সৃষ্টির পূর্বে, সূর্য, নক্ষত্র, এমন কি দীপ্তি এবং সময় সৃষ্টির পূর্বে ঈশ্বর ছিলেন। আরম্ভ ছাড়া তিনি একা ছিলেন, তবে তিনি একাকি ছিলেন না। সীমাবদ্ধ মানুষের ন্যায় নয়, ঈশ্বর একই সময়ে তিন ব্যক্তির রূপ নিয়ে এক ব্যক্তি হিসাবে বিরাজমান ছিলেন। প্রত্যেক আলাদা সত্ত্বার মানুষ একই ভাবে সমান এবং একই ভাবে অপরিহার্য ছিলেন। তিনি একই গুনাবলী, একই স্বভাবের এবং একই ইচ্ছার অধিকারী ছিলেন। তিনি নিজের মধ্যে সার্বিক ভালবাসার কথা বলেন।


ঈশ্বর তার জীবন অন্যদের সঙ্গে ভাগ করতে চাইলেন। তিনি বন্ধু ও প্রতিবেশী পেতে চাইলেন।


বাইবেল আমাদের বলে যে ঈশ্বর অনেক ধরনের স্বর্গীয় দূত সৃষ্টি করেছিলেন যেন তাঁর সিংহাসনের চারিদিকে তাঁর গৌরব করে ।কিন্তু লুসিফার নামে এক স্বর্গীয় দূত অন্যদেরকে নিয়ে দল করে বিদ্রোহ করল ।ঈশ্বর তাদেরকে স্বর্গ থেকে বের করে দিলেন এবং লুসিফারের নাম পরিবর্তন করে শয়তান রাখলেন ।




যিশাইয় ৪৫:১৮ দেখ পৃষ্ঠা

আদিতে ঈশ্বর স্বর্গ ও পৃথিবী সৃষ্টি করেছিলেন পৃথিবী তখন গঠন বিহীন ( ঘোর ) ও শূণ্য ছিল ।সৃষ্টিকর্তা জলরাশির উপর বিচরন করতেন ।




হঠাৎ করে ঈশ্বর অন্ধকারের মধ্যে বলে উঠলেন ---
তথায় দীপ্তি / আলো হউক !


এই বিষয়ে আধুনিক কালের মানুষের চিন্তাভাবনার মত ছিল না ।সৃষ্টিকর্তা কোনো বিবর্তন অনুসরণ করে কাজ করেন নি ।তিনি শুধু কথা দিয়ে সব জিনিস সৃষ্টি করেছিলেন ।পৃথিবীকে গাছপালা ও প্রাণী দিয়ে পূর্ণ করতে ঈশ্বর ২৪ ঘন্টার ৬ দিন সময় নিয়েছিলেন ।
প্রায় ৪০০৪ খ্রী :পূ:


ষষ্ঠ দিনে, মন্দদের চোখের
সামনে, ঈশ্বর ভূমির /
পৃথিবীর ধূলি দিয়ে একটা
নতুন প্রানী তৈরী করলেন।


ঈশ্বর ফুঁ দিয়ে নিজের জীবন মাটির
দেহের মধ্যে দিলেন এবং এই মানুষটি
জীবন্তআত্মায় পরিনত হলো। তাকে
ঈশ্বরের প্রতিমূর্তিতে অন্যান্য প্রানীদের
অপেক্ষা শ্রেষ্ঠ করে তৈরী করা হয়েছিল।


ঈশ্বর নতুন প্রাণীকে মানুষ বললেন এবং তার নাম দিলেন আদম।
ঈশ্বর তাঁর সমস্ত সৃষ্টির দিকে তাকালেন এবং বললেন ”খুব সুন্দর হয়েছে ।”
আদিপুস্তক ১:৩১.২:৭


প্রতিদিন ঈশ্বর আদমের সঙ্গে কথা বলতেন এবং জীবন চমৎকারভাবে চলছিল। ঈশ্বর সমস্ত প্রানীকে আদমের সামনে আনলেন যেন সে প্রত্যেকের একটি নাম দিতে পারে। তখন আদম বুঝতে পারলেন যে অন্যান্য প্রানীদের মত তার কোন সঙ্গী নেই।


ঈশ্বর বললেন...
যে আদমকে সাহায্য করার জন্য আমি একজন সঙ্গী তৈরী করবো।
ঈশ্বর আদমকে গভীর নিদ্রায় নিদ্রিত করলেন এবং তার শরীরের এক পাশ থেকে একটি পাঁজরের হাড় নিলেন আর সেই হাড় দিয়ে একজন সুন্দরী রমনীকে আদমের আনন্দময়ী সাহায্যকারী হিসাবে তৈরী করলেন।


ঈশ্বর আদমকে ঘুম থেকে জাগালেন এবং সেই রমনীকে তার সামনে আনলেন। তিনি তাদেরকে বললেন যে তোমরা ছেলে মেয়ের জন্ম দাও এবং পৃথিবীকে মনুষ্যে পূর্ণ কর। আদম তার সুন্দরী স্ত্রীর নাম হবা রাখলেন।
সে আমার অস্থির অস্থি এবং মাংসের মাংস।
দুষ্ট শয়তান এসব লক্ষ্য করছিল।
তারা উভয়ই শিশুদের মত উলঙ্গ ছিল এবং সেই সমন্ধে তাদের কোন ধারনা ছিল না।




আদিপুস্তক ১:২৮,২:২



শয়তান ঈশ্বরকে ঘৃণা করতো এবং ঈশ্বর যা করছিলেন তা ধ্বংস করতে চাচ্ছিল। সে হবার সঙ্গে যোগাযোগ করার জন্য পথ খুঁজছিল। তাই সে সুন্দরী মহিলার দেহে প্রবেশ করলো এবং তার মুখের মাধ্যমে কথা বললো।
ঈশ্বর কি তোমাদের বলেছেন যে তোমরা বাগানের সব গাছের ফল খেতে পারবে না?


তিনি বলেছিলেন এই গাছ ব্যতিত আমরা সব গাছের ফল খেতে পারি আর যদি তা স্পর্শ করি তবে মারা পড়বো।
হা, তোমরা মারা যাবে না, বরং তা খাওয়ার পর তোমরা ঈশ্বরের মত হবে। তোমরাও আমাদের মত জ্ঞান প্রাপ্ত হবে এবং ভাল ও মন্দ সম্বন্ধে সব জানতে পারবে।




কোনটি ভাল আর কোনটি মন্দ সেই সম্বন্ধে হবা জানতো না।


হবা ঈশ্বরের অবাধ্য হলো
এবং ফলটি খেয়ে ফেললো।
অনেক দেরীতে হবা বুঝতে পারলো
যে সে প্রতারিত হয়েছে। সে ভাল
ও মন্দ সম্বন্ধে বুঝতে পারলো। তার
মন্দের হাতে সব নিয়ন্ত্রন চলে গেল।


হবা ফলটি নিয়ে তার স্বামীর কাছে গেল এবং তাকে খেতে বললো।
দেখ, আমি মরে যায়নি, খেয়ে ফেল তুমিও জ্ঞানী হবে।
আদিপুস্তক ৩:১-৬


তারা জ্ঞান প্রাপ্ত হলো এবং তাদের উলঙ্গতাঁর জন্য লজ্জা পেল।
হা,হা,হা ! সে এখন তোমাকে মেরে ফেলবে ! দেখুন সে আমার সাথে কি করেছে।


আমরা একি করলাম ?
আমরা ঈশ্বরের অবাধ্য হয়েছি। তিনি শীঘ্রই আসবেন। আমরা অবশ্যই আমাদের উলঙ্গতা ঢাকবো।


আদম তুমি কোথায় ?
প্রভু, আমি তোমার ডাক শুনতে পাচ্ছি, কিন্তু আমি ভয় পাচ্ছি কারণ আমি উলঙ্গঁ।
আদম, কে তোমাকে বললো যে তুমি উলঙ্গ? তুমি কি আমার অবাধ্য হয়েছো এবং সেই নিষিদ্ধ গাছের ফল খেয়েছো?




আদিপুস্তক ৩:৬


হিসসস...
প্রভু, সাপ আমাকে প্রতারিত করেছে। সে আমাকে বলেছিল যে আমি মারা যাব না, আমি তোমার মত হবো। কিন্তু আমি তোমার মত হইনি। আমার ভীষন ভয় হচ্ছে।



ঈশ্বর এই কাজের জন্য সাপকে অভিশাপ দিলেন এবং বললেন ----
যেহেতু তুমি এই কাজ করেছো, আমি তোমাকে অভিশাপ দিচ্ছি যে এখন থেকে তুমি বুকে /
পেটে ভর করে হাঁটবে এবং মুখে ধূলি ভক্ষণ করবে।

আমি তোমার বংশে ও নারীর বংশে শত্রুতা জন্মাবো। তোমার বংশ নারীর বংশের পাদমূল চূর্ণ করবে এবং নারীর বংশ তোমার বংশের মস্তক চূর্ণ করবে।

আদিপুস্তক ৩:১৩



ঈশ্বর লুসিফার ও তার সমস্ত দূত বাহিনীকে এক মুহুর্তে ধ্বংস করতে পারতেন কিন্তু তিনি তাদেরকে মানব জাতির পরীক্ষার জন্য সুযোগ দিলেন এবং দেখতে চাইলেন যে মানুষ ঈশ্বরকে অনুসরণ করবে না শয়তানের বিদ্রোহ কে অনুসরন করবে?


ঈশ্বর মানব জাতিকে অভিশাপ দিয়ে বললেন ---
আদম, যেহেতু তুমি তোমার স্ত্রীর কথা শুনে আমার অবাধ্য হয়েছো তাই আমি ভূমিকে অভিশাপ দিলাম। সেখানে শাকসব্জী ও ফসলের পরিবর্তে কাঁটা গাছ ও শিয়াল কাঁটা জন্মাবে আর তোমার খাবারের জন্য কিছু উৎপন্ন করতে তোমাকে কঠিন পরিশ্রম করতে হবে।


ঈশ্বরের প্রতিশ্রুতি অনুসারে এখন আদম এবং হবার মৃত্যুর সময় হয়েছে ।কিন্তু ঈশ্বর আদম এবং হবার জায়গায় প্রাণী হত্যা করলেন এবং চামড়া দিয়ে আদম এবং হবার জন্য জামা তৈরী করেন ।



তিনি আমাদের মেরে ফেলেননি। আমরা এখনও জীবিত আছি।
তিনি আমাদের পরিবর্তে প্রাণীদের মেরেছেন।
আদম এবং হবা সেইদিন মারা গেলেন না কিন্তু তাদের পরিবর্তে নির্দোষ প্রানীরা মারা পড়েছিল। তবে তাদের উপর মৃত্যুর আদেশ জারি হয়েছিল। বংশের পক্ষান্তরে তারাও মারা যাবে কারণ পাপের শাস্তি হচ্ছে মৃত্যু।

যেহেতু আদম ও হবা এখন পাপী, তাই ঈশ্বর তাদেরকে সুন্দর বাগান থেকে বের করে দিলেন যাতে বাগানের জীবন বৃক্ষের ফল খেতে না পারে এবং পাপী অবস্থায় চিরকাল বেঁচে না থাকে।




ঈশ্বর করুব/ চিরবিয়ান নামে এক বিশেষ ধরনের দূতকে বাগানের প্রবেশ মুখে পাহারাদার হিসাবে রাখলেন যাতে কেহ জীবন বৃক্ষের কাছে আসতে না পারে। তবে ইতিমধ্যে বাগানটি ধবংস করা হয়েছে এবং জীবন বৃক্ষকে পৃথিবী থেকে সরিয়ে ফেলা হয়েছে। একদিন সেটাকে আবার পৃথিবীতে ফিরিয়ে আনা হবে -- আমি আমার গল্পের সামনের দিকে আগাচ্ছি।


আদিপুস্তক ৩:১৭


আদম এবং হবার অনেকগুলি ছেলেমেয়ে ছিল। পরবর্তীকালে তাদের ছেলেমেয়েরা পরস্পরের সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হয় এবং তাদের নিজেদের ছেলেমেয়ে হয়।
মানুষকে যখন প্রথম সৃষ্টি করা হয়েছিল তখন স্ববংশীয় থেকে জন্ম দানের ফলে যে বিকলাঙ্গতার সৃষ্টি হয় তা বৃদ্ধি পাই নি,কিন্তু পরবর্তীতে যখন তা সমস্যা হয়ে দেখা দিল তখন ঈশ্বর আদেশ দিলেন যে নিকট আত্মীয়ের মধ্যে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া উচিত নয়।

বংশের আদম এবং হবার প্রথম ছেলে কয়িন শাকসব্জী ও ফল উৎপন্ন করতো। তাদের দ্বিতীয় ছেলে হেবল পশু পালন করতো। তাদের মধ্যে একজন কি সেই প্রতিজ্ঞার সন্তান ছিল যে শয়তানকে ধবংস করবে?




কয়িন এবং হেবল ঈশ্বর সম্বন্ধে ও বাগানের ঘটনা বিষয়ে জানতো। ঈশ্বর তখন আর বেড়াতে আসতেন না এবং মানুষের সঙ্গে কথা বলতেন না। আদমের সব বংশধরেরা তার অবাধ্যতার জন্য ঈশ্বরের কাছ থেকে পৃথক হয়ে গিয়েছিল। ঈশ্বরকে বাদ দিয়ে জীবন তখন খুব কঠিন ছিল।


হে ঈশ্বর, আমি পাপী মানুষ। আমি এই মেষ শাবককে আমার মৃত্যুর পরিবর্তে হত্যা করে তোমাকে উৎসর্গ করলাম।
একদিন দুইছেলে সিদ্ধান্ত নিলো যে তারা ঈশ্বরের উপাসনা করবে। তাদের বাবা তাদেরকে বাগানে ঈশ্বর প্রানী হত্যা করেছিলেন সেই কথা বলেছিলেন। ফলে হেবল ভক্তি সহকারে একটি প্রানী হত্যা করলো এবং ঈশ্বরের উদ্দেশ্যে উৎসর্গ করলো।


কয়িন তার সবচেয়ে উৎকৃষ্ট জিনিস ঈশ্বরের কাছে উৎসর্গ করলো। কিন্তু সেটা রক্ত উৎসর্গ ছিলনা। কয়িন বুঝতে পারেনি যে তার পাপ ঈশ্বরকে অসন্তষ্ট করেছিল।
ঈশ্বর দয়া করে আমার সবচেয়ে ভাল জিনিস উপহার হিসাবে গ্রহন করো।
এই মানুষগুলির একজন কি সেই উদ্ধারকারী/পরিত্রানকর্তা যার বিষয় ঈশ্বর প্রতিজ্ঞা করেছেন ?

আদিপুস্তক ৪:১-৪


না,কয়িন
ঈশ্বর কয়িনের উপহার প্রত্যাখান করেছিলেন কারণ সেটা রক্ত বিহীন ছিল।


ঈশ্বর হেবল ও তার উপহারের প্রতি সন্তুষ্ট ছিলেন। যখন তিনি নিষ্পাপ মেষ শাবকের রক্ত ঝরতে দেখলেন তখন ঈশ্বর হেবলের পাপ মুক্ত করেছিলেন।
ঈশ্বর কয়িনকে বললেন, "তোমার যা করা উচত ছিল তা যদি কর তবে তোমার প্রতিও আমি সন্তুষ্ট থাকবো। তুমি তোমার ভাই হেবলের উপর কর্তত্ব করবে এবং সে তোমার অধীনে থাকবে।"


তুমি নিজেকে কি মনে কর? আমার ফল ও শব্জী / ফসল ঐ তুচ্ছ মেষশাবকের চেয়ে অনেক মূল্যবান ছিল। তুমি কিসে এতো বিশেষ হয়ে উঠলে?
ভাই, এখনও রক্ত নৈবেদ্য দেওয়ার সময় আছে।


এগুলি আমার সবই ছিল আমি তা এখন নিতে যাচ্ছি। একথা বলে কয়িন হেবলকে জোরে আঘাত করলো ---।
ওহাক!
হেবল মরে গেল এবং কয়িন তার হত্যাজনিত পাপ গোপন করতে চেষ্টা করলো।

আদিপুস্তক ৪:৫-৮


কয়িন তার মন্দ কাজ ঈশ্বরের দৃষ্টি থেকে আড়াল করতে পারলো না। ঈশ্বর সবই দেখতে ও জানতে পারলেন।
ঈশ্বর ডাক দিলেন, ‘কয়িন তোমার ভাই হেবল কোথায় ?’
কয়িন উত্তর দিলো, ‘কি করে আমি জানবো। আমি কি আমার ভাইয়ের রক্ষক’ ?
ঈশ্বর বললেন, তোমার ভাইয়ের রক্ত এখনও ভূমিতে পড়ে আছে এবং তোমার মন্দ কাজের কথা আমার কাছে বলছে।

ঈশ্বর সবকিছু জানেন। তিনি প্রত্যেককে সব সময় দেখেন। তাঁর কাছ থেকে কিছুই গোপন করা যায় না। কয়িন হেবলের প্রতি কি করেছিল তা তিনি দেখেছিলেন। ঈশ্বর কয়িনকে অভিশাপ দিলেন এবং কয়িন তার স্ত্রীকে সঙ্গে নিয়ে নির্জন স্থানে পলায়ন করলো। তার অপরাধ তাকে অনেক দুঃখ ও কষ্ট দিয়েছিল।




ঈশ্বরের প্রতিজ্ঞা এক পুত্র উদ্ধার করবে তার খবর কি? আদম এবং হবার আর একটা ছেলে ছিল তার নাম সেথ। তাদের আরও অনেক ছেলে মেয়ের জন্ম হয়েছিল।
কয়িন যাকে হত্যা করেছিল তার পরিবর্তে ঈশ্বর আমাকে আর একটি ছেলে দিয়েছেন।

আদিপুস্তক ৪:৯-১৬



সেথের এক ছেলে ছিল, এবং সেই ছেলের এক
ছেলে এবং অনেক ছেলের জন্ম হয়েছিল কিন্তু
তখন পর্যন্ত কেউ পাপের অভিশাপ দূর করতে
ও মৃত্যুকে ধ্বংস করতে আসেনি।শীঘ্রই পৃথিবী
অনেক শহর,গ্রাম,ও কৃষি খামারে ভরে উঠেছিল।



প্রত্যেক নতুন বংশে যেমন মানুষ বৃদ্ধি পাচ্ছিল তেমনি পাপও বৃদ্ধি পেয়েছিল। মানুষ যৌন পাপ করেছিল এবং এই ব্যাপারে মানুষ ভয়ানক হয়ে উঠেছিল। তাদের প্রতিটি চিন্তা পাপপূর্ণ ছিল। কেউ সৎ ভাবে জীবন যাপন করত না। আদম একটি পাপ করেছিল কিন্তু লোকেরা এখন অনেক পাপ করলো।
ঈশ্বর বললেন ‘‘পৃথিবীতে মানুষ সৃষ্টি করে আমি ভুল করেছি। পৃথিবীতে যা কিছু জীবিত আছে সব আমি ধ্বংস করবো।” শয়তান ঈশ্বরের রাজ্য ঘৃণা করতো, তাই ঈশ্বর যে সবাইকে মেরে ফেলবে তাতে সে খুশী হলো।


ইতিমধ্যে নয়টি বংশ অতীত হয়ে গেছে (১,৪০০ বছর) এবং পৃথিবী পাপে পূর্ণ হয়েছিল।
মানুষ তাদের সহকর্মীকে ক্রীতদাস বানিয়েছিল।
ঈশ্বর কি এমন কোন পরিবার কখনো পাবে যে তাকে ভালবাসবে এবং তার বাধ্যতায় চলবে?
আদিপুস্তক ৬:৫-৭




এক ব্যক্তি ছিল যে
ন্যায় বিচার ও সবসময়
সঠিক জিনিস করতো।
যদিও ঈশ্বর পৃথিবীতে
অন্য সকলকে মেরে
ফেলেছিলেন।তিনি
সিদ্ধান্ত নিলেন যে তিনি
(ঈশ্বর )এই লোকের প্রতি
দয়া দেখাবেন এবং তাকে
অথবা তার পরিবারকে
মেরে ফেলবেন না।


ঈশ্বর নোহকে বললেন, নোহ, আমি সমস্ত পৃথিবীতে মহা বন্যা / মহা প্লাবন ঘটাতে যাচ্ছি। এতে শ্বাস বিশিষ্ট সকল প্রাণী মারা যাবে।


আমি তোমাকে বলবো কিভাবে নৌকাটি / জাহাজটি তৈরী করবে এবং বন্যা / প্লাবনের জন্য তোমাকে কি প্রস্তুতি নিতে হবে। কয়িন ঈশ্বর নোহকে বললেন পৃথিবীর শ্বাস বিশিষ্ট প্রাণীর দুইটি করে তাদের খাবার সহ নিতে কত বড় নৌকা /জাহাজ লাগবে তা আমি তোমাকে বলব।

আদিপুস্তক ৬:৮-৯


নোহ কি সেই প্রতিজ্ঞার সন্তান যে শয়তানের কাজকে ধবংস করবে? সে কি ঈশ্বরের বাধ্য থাকবে, অথবা সেও বিফল হবে?
ঈশ্বর নোহকে বললেন, তুমি পৃথিবীর প্রত্যেক প্রাণী এক জোড়া করে নৌকায় / জাহাজে নিবে। আর যে সব প্রাণী খাদ্য হিসাবে অনুমোদিত তাদেরকে সাত জোড়া করে নিবে। আমি তোমাকে বলবো কিভাবে নৌকাটি / জাহাজটি তৈরী করবে এবং বন্যা / প্লাবনের জন্য তোমাকে কি প্রস্তুতি নিতে হবে। কয়িন ঈশ্বর নোহকে বললেন পৃথিবীর শ্বাস বিশিষ্ট প্রাণীর দুইটি করে তাদের খাবার সহ নিতে কত বড় নৌকা / জাহাজ লাগবে তা আমি তোমাকে বলব।



আমি তোমাদের শেষ বারের মত বলছি যে, ঈশ্বর পৃথিবীকে মহা প্লাবন / বন্যা দ্বারা ধ্বংস করতে যাচ্ছেন। তোমরা অবশ্যই আমার কথা বিশ্বাস করো এবং আমার সঙ্গে নৌকায় / জাহাজে আস।
সামনে যে প্লাবন / বন্যা আসছে তাতে প্রত্যেকে ধ্বংস হবে এ কথা ভেবে নোহ দুঃখ পেল। তাই সে যখনি সুযোগ পেল তখনই লোকদের সাবধান করে ছিল যেন তারা পাপ কাজ বন্ধ করে।


প্রেমময় ঈশ্বর কেন তাঁর সন্তানদের ধ্বংস করবেন?
বুড়োবোকা !
কারণ পাপের জন্য, তোমরা পাপ করা বন্ধ করবে এবং তোমাদের প্রতিবেশীদের সঙ্গে ভাল ও ন্যায় ব্যবহার করবে।

১২০ বছর পরে যখন নৌকা / জাহাজ বানানো শেষ হলো তখন ঈশ্বর পৃথিবীর সব প্রাণীকে নোহের কাছে ডাকলেন।





অনেকে খুব আশ্চর্য হয়ে দেখছিল। আমি জানতাম না যে এমন অদ্ভুদ প্রাণী আছে। নোহ যা বলছে এমন কিছু কি হবে যে, ঈশ্বর বন্যা পাঠাবেন?
কোন সম্ভাবনা নেই। তুমি কোথায় এত জল পাবে যে সারা পৃথিবীতে বন্যা হবে?

আদিপুস্তক ৭:৭-৯


বেশী জায়গা আর অবশিষ্ট নেই।
এটাই শেষ টুকু।
নোহ,
সময় এসে গেছে। তুমি এখন তোমার পরিবার ও প্রাণীদের নিয়ে জাহাজের মধ্যে প্রবেশ করো।


ঈশ্বর জাহাজের দরজাবন্ধ করেছিলেন এবং সাতদিন কিছু ঘটলো না।
হাঁ, হাঁ চেয়ে দেখ বন্যার / প্লাবনের দিকে। বড় জাহাজের ভিতর প্রাণীদের সঙ্গে শুকনো ভূমির উপর সব বন্ধ হয়ে আছে অথচ এখান থেকে কয়েক মাইলের মধ্যে কোন পানি নেই।
হাঁ, আমি বাজি রেখে বলতে পারি এতক্ষনে সিংহ সবাইকে খেয়ে ফেলেছে।
তারা সকলে সেখানে এক সপ্তাহ ধরে আছে।



কিন্তু সপ্তম দিনে বৃষ্টি শুরু হলো এবং ভূমির উপর পানি জমে গভীরতার সৃষ্টি হলো।
আমি এরকম কখনো দেখিনি। তাহলে কি জাহাজের ঐ উন্মাদ লোকগুলির কথাই ঠিক যে, পাপের কারণে ঈশ্বর সবাইকে মেরে ফেলবেন।




এই সময়ের পূর্বে কখনো বৃষ্টি হয়নি। আবহাওয়া সবসময় ভাল ছিল। পৃথিবী থেকে কুয়াশা উপরে উঠে গিয়ে ভূমিকে সিক্ত করতো কেউ কখনো বৃষ্টি দেখেনি বা বৃষ্টির কথা শোনেনি। কাজেই অনেকে চিন্তা করলো যে নোহ পাগল হয়ে গেছে পানির কথা ভাবতে ভাবতে যে তা আকাশ থেকে পড়বে। কিন্তু নোহকে ঈশ্বর যা বলেছেন তা বিশ্বাস করতেন।




আদিপুস্তক ৭:৯-১২


আনুমানিক খ্রীষ্টপূর্ব ২৩৪৮ বছর পূর্বে ---
তখন লোকেরা বুঝতে পারলো যে নোহ সত্য কথা বলেছিল, তবে তখন অনেক দেরি হয়ে গিয়েছিল।
চল্লিশ দিন ও রাত বৃষ্টি হলো যতক্ষন না পৃথিবীর সব পাহাড় পানিতে ডুবে গেল। শ্বাস বিশিষ্ট সব প্রাণী, যেগুলি নোহের সঙ্গে জাহাজে ছিল সেগুলি ছাড়া, সব মারা গেল। তাদের জাহাজ ছেড়ে যাওয়ার আগে প্রায় এক বছরের কিছু বেশী সময় অতিবাহিত হয়ে গিয়েছিল।
আদিপুস্তক ৭:১২


পানি যখন নেমে যাবে এবং আমরা জাহাজ ছেড়ে আসবো তখন আমি আনন্দিত হবো।
অবশেষে নোহ একটা ঘুঘু পাখি ছাড়লো এবং দেখতে পেলো যে পাখিটা একটি ছোট ডাল মুখে নিয়ে ফিরে এসেছে। তাতে বুঝা গেল যে কোথাও ইতিমধ্যে গাছ দেখা দিয়েছে। পরে সে আবার ঐ ঘুঘু পাখিটি ছাড়লো কিন্তু সেটি আর ফিরে এলো না। এতে বুঝা গেল যে, সে কোথাও থাকার জন্য ভাল জায়গা পেয়েছে।


অনেক দিন অতিবাহিত হবার পর জাহাজ এরারট নামক এক পাহাড়ের চূড়ায় আটকে গেল। তখন প্রত্যেকে জাহাজ থেকে নতুন পৃথিবীতে বের হয়ে আসলো। এই পৃথিবীতে পাপ ছিল না।

নোহ একটি বেদী তৈরী করলো এবং তাতে ঈশ্বরের উদ্দেশ্যে প্রাণী উৎসর্গ করলো। নোহ যদিও সৎ ব্যক্তি ছিলো তথাপি তার অন্তরে পাপ ছিল। এই রক্ত উপহার তার এবং তার পরিবারের জীবনে বিকল্প হিসাবে ছিল।



এই প্রাণীগুলি নোহর পরিবারের আট ব্যক্তির প্রতিনিধিত্ব করছে, কেননা তারাও বন্যায় মারা যেতে পারতো, কিন্তু ঈশ্বরের দয়ায় রক্ষা পেয়েছে। বিষয়টা অনেকটা বাগানের ঘটনার মত, যেখানে তিনি প্রাণীদের হত্যা করে আদম ও হবার জন্য বস্ত্র / কাপড় তৈরী করে দিয়েছিলেন।


আমি পৃথিবীকে আর কখনো পানি দ্বারা ধবংস করবো না তা স্মরন করার জন্য তোমাদেরকে আকাশে রংধনু দিব। তোমাদের অনেক ছেলেমেয়ে হবে এবং পৃথিবীকে আবার মনুষ্য বসতি পূর্ণ করার জন্য তারা সমগ্র পৃথিবীতে ছড়িয়ে পড়বে।


ও রিষষ সধশব ধহরসধষং ঃড় ভবধৎ সবহ. ণড়ঁ সধু বধঃ ধহু পৎবধঃঁৎব ঃযধঃ রং ধষরাব ধহফ পৎধষিরহম ড়হ ঃযব বধৎঃয, লঁংঃ ধং ুড়ঁ বধঃ াবমবঃধনষবং ধহফ যবৎনং, নঁঃ ুড়ঁ ধৎব হড়ঃ ঃড় বধঃ ঃযব নষড়ড়ফ ড়ভ ধহু পৎবধঃঁৎব. উড় হড়ঃ শরষষ ধহুড়হব.
ওভ ংড়সবড়হব রং ভড়ঁহফ ঃড় নব মঁরষঃু ড়ভ শরষষরহম ধহড়ঃযবৎ, ঃযবহ যব রং ঃড় নব শরষষবফ নু ড়ঃযবৎ সবহ. ওভ ধ সধহ ংযবফং ঃযব নষড়ড়ফ ড়ভ ধহড়ঃযবৎ সধহ, ঃযবহ ড়ঃযবৎ সবহ ংযড়ঁষফ ংযবফ যরং নষড়ড়ফ ঃড় ঢ়ধু ভড়ৎ যরং পৎরসব, নবপধঁংব ঃযব ষরভব রং রহ ঃযব নষড়ড়ফ.



নোহ কৃষক হয়েছিল এবং আঙ্গুর উৎপন্ন করার গাছ লাগিয়েছিল। নতুন পৃথিবীতে কেবলমাত্র চারজন কৃষক ছিল, কিন্তু শীঘ্রই তার ছেলেদের ও নিজেদের ছেলেমেয়ে হয়েছিল।



নোহ আবিষ্কার করলো যে যদি কিছু ফল পাত্রের মধ্যে কয়েক সপ্তাহ রাখা যায় তবে তা মদের মত পানীয় হয় এবং সেই পানীয় খেয়ে সে মজা অনুভব করে। “নোহ” মাঝে মাঝে সেই পানীয় এত বেশী খেয়েছিল যে সে কাজ করতে পারছিল না । সে কেবল বেহুসের মত পড়ে যাচ্ছিল। এতে ঈশ্বর অসন্তুষ্ট হয়েছিলেন।

আদিপুস্তক ৮:৪


একদিন নোহ মদ খেয়ে
এত মাতাল অবস্থায় ছিল
যে, সে উলঙ্গ অবস্থায়,
বেহুস হয়ে পড়েছিল। তার
ছেলে হাম তার লজ্জা স্থান
দেখে মজা পেয়েছিল। পরে
সে যা দেখেছিল সেটা মজা
করে ভাইদের বলেছিল।



নোহ যখন ঘুম থেকে জেগে উঠলো তখন তার ছেলেরা হাম কি করেছিল তা তাকে বললো।
তোমার ছেলে কনান এবং তার সব বংশধর তোমার ভাই শেমের বংশধরের দাস হবে।


অনেক বছর পরে এই ভবিষৎ বাণী সত্য হয়েছিল। কনানীয়রা প্যালেষ্টাইন দখল করেছিল। কিন্তু পরবর্তিতে তারা যিহুদাদের দাসত্বে পরিনত হয়েছিল।
আদিপুস্তক ৯:২১-২৭


সেথ
আদম ও হবা
কয়িন
হেবল
নোহ ও তার পরিবার ঈশ্বরের দৃষ্টিতে আশীর্বাদ পেয়েছিল।
ঐ আটজন লোক ছাড়া ঈশ্বর প্রত্যেক ব্যক্তিকে হত্যা করেছিলেন।


ইউরোপ
যেফৎ
তুরস্ক
শেম
এশিয়া
শেম পূর্ব দিকে গিয়েছিল এবং এশিয়াতে বসতি স্থাপন করেছিল।
হাম...
আফ্রিকা.....
মিশর্ঃ


সেই সময় যেফৎ পশ্চিম ও উত্তর দিকে গিয়ে বসতি স্থাপন করে পৃথিবীকে পুনরায় জন বসতি পূর্ণ করেছিল।
শেম
হাম...
আফ্রিকা.....
হাম দক্ষিন দিকে গিয়েছিল এবং আফ্রিকা ও এশিয়ার দক্ষিন দিকে বসতি স্থাপন করেছিল। তার ছেলে কানার বংশধরেরা এখন প্যালেষ্টাইনে বাস করছে।
এভাবে পৃথিবী আবার জন বসতি পূর্ণ হলো।


এটা খ্রীস্টপূর্ব আনুমানিক ২২৪৭ বছর আগের ঘটনা।
নোহের ছেলে হামের এক ছেলে ছিল তার নাম ক্রুশ। আর ক্রুশের এক ছেলে ছিল তার নাম নিম্রোদ। নিম্রোদ শিকারী হিসাবে বেড়ে উঠেছিল এবং সমগ্র পৃথিবীতে সুপরিচিত হয়েছিল। সে ঈশ্বরের অবাধ্য হলো এবং বাবিল নামক স্থানে তার নিজের একটা মিথ্যা ধর্ম প্রবর্তন করলো।


বাবিলের লোকেরা ঈশ্বরের কথা অনুযায়ী সমগ্র পৃথি
বীতে ছড়িয়ে পড়ে পৃথিবীকে জনবসতি পূর্ণ করতে চাই
নি ।তারা সকলে একজায়গায় একত্রিত হয়ে একটি বৃহৎ
স্তম্ভ তাদের উপাসনার কেন্দ্র হিসেবে নির্মাণ করল ।



তারা যার উপাসনা করছিল সেটা তাদের সৃষ্টিকর্তা ছিল না। শয়তান তাদেরকে কাঠ, পাথর ও ধাতু থেকে তাদের ঈশ্বরকে তৈরী করতে পরিচালিত করেছিল।


পৃথিবীতে ছড়িয়ে পড়াতে অস্বীকৃতি জানানোর জন্য ঈশ্বর তাদের উপর রেগে গিয়েছিলেন এবং তাদেরকে অভিশাপ দিলেন যেন তারা বিভিন্ন ভাষায় কথা বলে।
যে সব লোকেরা কাজ করছিল তারা আর পরস্পর কারও ভাষা বুঝতে পারছিলনা ফলে সেই নির্মাণ কাজ তারা চালিয়ে যেতে পারলো না।



তখন এক ভাষার লোক এক দল হয়ে নিজেদের মত একদিকে চলে গেল। কেউ কেউ পৃথিবীর দূরে স্থানে চলে গেল। কেউ জাহাজে করে দূর কোন দ্বীপে চলে গেল, কেউ উত্তর দিকে যেখানে খুব শীত সেখানে গেল, আবার কেউ মরুভূমিতে যেখানে গরম সেখানে চলে গেল। এই ভাবে পৃথিবীকে জন বসতি পূর্ণ করার আদেশ ঈশ্বর পরিপূর্ণ করলেন।




আদিপুস্তক ১০:৬-১০



## অধ্যায় - ২:

# অঠ্ঠ্রঠঘঠএ

আব্রাহাম নামে এক ব্যক্তি ছিলেন তিনি
ব্যবস্থায় বিশ্বাস করতে না। তবে তিনি
জানতেন যে ঈশ্বর বলে একজন সৃষ্টিকর্তা
আছেন। এবং তিনি তাঁকে দেবদেবীর
মাধ্যমে উপাসনা করা যায় না।




ঈশ্বর তাকে বললেন ‘‘আব্রাহাম, তুমি এই মূর্তি পূজার শহর, তোমার পরিবার ও তোমার দেশ ছেড়ে চলে যাও, এবং আমি তোমাকে দেখাব কোথায় যেতে হবে। আমি তোমাকে এক মহাজাতির পিতা করবো। আমি তাদেরকে আশীর্বাদ করবো যারা তোমাকে আশীর্বাদ করবে। আর যারা তোমাকে অভিশাপ দিবে আমিও তাদের অভিশাপ দিব। তোমার মাধ্যমে পৃথিবীর সমস্তজাতি আশীর্বাদ প্রাপ্ত হবে।
আব্রাহামই কি ছিলেন সেই প্রতিজ্ঞিত সন্তান যিনি পাপ এবং মৃত্যুকে ধ্বংস করবেন ?



আনুমানিক, খ্রীষ্টপূর্ব ১৯২১ বছর পূর্বের কথা ---
আব্রাহাম জানতেন, তিনি যে কণ্ঠস্বর শুনতে পেয়েছিলেন তা ঈশ্বরের ছিল। কাজেই তিনি তা পালন করলেন। কোথায় তিনি যাচ্ছেন তা না জেনে। তিনি শুধু জানতেন যে তিনি প্রতিমা পূজাকে পিছনে ফেলে জীবন্ত ঈশ্বরকে অনুসরন করছেন। এইটুকুই আব্রাহামের জন্য যথেষ্ট ছিল। তবে তিনি তার সঙ্গে তার ভাতিজাকে নিয়েছিলেন।


আব্রাহামের যাত্রা কানান দেশের দিকে ছিল। যেখানে হামের ছেলে বসতি স্থাপন করেছিল। বর্তমানে এই দেশের নাম প্যালেষ্টাইন। সেখানে ঈশ্বর আব্রাহামের সঙ্গে কথা বললেন।
আব্রাহাম
এই দেশের মধ্যে দিয়ে এক প্রান্ত থেকে আর এক প্রান্ত পর্যন্ত যাও। আমি এই সমস্ত কানান দেশ তোমার ভবিষ্যৎ ছেলে মেয়েদেরকে দিতে যাচ্ছি। আমি তোমাকে এত বেশী ছেলেমেয়ে দিব যে তাদেরকে গননা করা যাবে না। পৃথিবীর ধূলির মত তারা বৃদ্ধি পাবে।


সারা, ঈশ্বর আমাকে বলেছেন যে এতগুলি বছর পর তুমি ছেলেমেয়ে ধারণ করবে।
আমি জানি যে আমি একটি সন্তানও ধারন করতে পারিনি। এখন আমার সন্তান ধারনের বয়স পার হয়ে গেছে। কিভাবে আমি ছেলেমেয়ে পাব?
ঈশ্বর বললেন তুমি পারবে।

আদিপুস্তক ১২:১-৩



এই দেশের মধ্যদিয়ে যাত্রার সময় আব্রাহাম মাঝে মাঝে থামতেন এবং ঈশ্বরের উদ্দেশ্যে রক্ত উপহার উৎসর্গ করতেন। কেননা তিনি জানতেন যে তিনি পাপী এবং সেই কারণে মৃত্যুর উপযুক্ত।
মেষ শাবকের বলিদান / উৎসর্গ তার পাপ দূর করতে পারে না, কিন্তু ঈশ্বর যখন আব্রাহামের ভক্তি দেখলেন তখন তিনি তাঁর পাপ দূর করে দিলেন।


দশ বছর পরে।
আব্রাহাম, দশ বছর আগে তুমি বলেছিলে যে ঈশ্বর, তোমাকে বলেছেন যে আমার গর্ভে তোমার সন্তান আসবে, কিন্তু এখন আমার বয়স ৭৫ বছর এবং তোমার বয়স ৮৫ বছর। আমাদের বয়স বেড়ে গেছে কিন্তু এখন পর্যন্ত আমাদের কোন সন্তান নেই। শীঘ্রই তুমি অতি বয়স্ক হয়ে যাবে এবং তখন আর সন্তান উৎপন্ন করার শক্তি তোমার থাকবে না। তুমি কি নিশ্চিত যে ঈশ্বর তোমাকে বলেছিলেন?


আমি
জানি ঈশ্বরই আমার
সাথে কথা বলেছিলেন,কিন্তু আমি
বুঝতে পারছিনা তিনি কেন এতো দেরী
করছেন ।তিনি বলেছিলেন আমি এক বৃহৎ
জাতির পিতা হবো,কিন্তু এখন আমার
বৃদ্ধ শরীর ,এবং আমার এক বৃদ্ধ স্ত্রী
আছে,আর আছে বড় এক মেষের
পাল ।


অব্রাহাম ভয় করোনা, আমি তোমার রক্ষাকারী এবং তোমার মহা পুরস্কার।
তুমি আমাকে কি পুরস্কার দিবে। আমার তো কোন সন্তান নেই?
তুমি এবং সারা সন্তান পাবে।


আব্রাহাম এসো, আকাশের তারাদের দিকে দেখ তুমি তাদের গুনতে পার কি না। তারাগুলির মত তোমার সন্তানেরা এতো বেশী সংখ্যা হবে যে তাদেরকে গনণা করা যাবে না।
আমি বিশ্বাস করি যে তুমি যা বলেছো সেই রকম হবে।
আদিপুস্তক ১৫:১-৬


যেহেতু তুমি আমাকে বিশ্বাস করেছো সেহেতু আমি তোমার বিশ্বাসকে ধার্মিকতা হিসাবে দেখছি। তবে তুমি নিশ্চিত জানবে যে তোমার সন্তানেরা সেই দেশে বিদেশী / আগন্তুক হিসাবে থাকবে কারণ সেই দেশ তাদের নয়। সেই ৪০০ বছর ক্রীতদাস হিসাবে কষ্ট ভোগ করার পর আমি সেই জাতিকে শাস্তি দিব আর তোমার সন্তানেরা প্রচুর সম্পদ নিয়ে সেই দেশ ত্যাগ করবে। তারা আবার সেই দেশে ফিরে আসবে এবং সেখানে বসবাস করবে।


কোথায় আছে সেই প্রতিজ্ঞিত সন্তান ? এর মধ্যে আমার বয়স বেড়ে চলেছে। শীঘ্রই তুমিও সন্তান জন্মদিতে পারবে না। আব্রাহাম, আমি তোমাকে আর কখনো কোন সন্তান দিতে পারবো না।


এই দেশের নিয়ম হচ্ছে আমার দাসী তোমার জন্য একটি সন্তান উৎপন্ন করতে পারে।


আব্রাহাম, তুমি কি দেখতে পাচ্ছনা যে একটা সন্তান পাওয়ার জন্য এটা আমাদের শেষ সুযোগ? কিন্তু এরই মধ্যে অনেক দেরি হয়ে গিয়েছে। তুমি অবশ্যই আমার দাসীকে নিয়ে আমার জন্য একটি সন্তান জন্ম দেবে। সেই হবে তোমার সন্তান । এই ভাবে ঈশ্বর চান যে, তুমি এক মহা জাতির পিতা হবে।



এটাই হচ্ছে একমাত্র পথ;
আব্রাহাম ঈশ্বরের কাছে প্রার্থনা করেনি কারণ সে ঈশ্বরের প্রতিজ্ঞার কথা ভুলে গিয়েছিল। কিন্তু সে তার স্ত্রীর কথা শুনেছিল।


আদিপুস্তক ১৬:১-৪


কয়েক মাস পরের কথা।
আমি আব্রাহামের জন্য একটি সন্তান ধারণ করতে যাচ্ছি।
হাগার যখন জানতে পারলো সে আব্রাহামের জন্য একটি সন্তান ধারণ করছে, তখন সে গর্বিত হলো এবং সারাকে অবজ্ঞা করতে লাগল। এতে সারা মনক্ষুন্ন হয়ে ঈর্ষান্বিত হলো।


এর ফলে সারা হাগারকে দিয়ে কঠিন কাজ করতে লাগল এবং তার সাথে খারাপ ব্যবহার করতে লাগলো। কিন্তু ঈশ্বরের ইচ্ছা ছিলনা যে, এক ব্যক্তির দুই স্ত্রী থাকুক এবং উপপত্নির দ্বারা সন্তান হউক।
যখন তোমার পানি তোলার কাজ শেষ হবে, তারপর তুমি রান্নার জন্য কাঠ চিড়বে।
হাগার পালানোর চিন্তা করতে লাগলো...


হাগার সারার কাছ থেকে পালিয়ে প্রান্তরের দিকে গেল। তারপর সে যখন ক্লান্ত হয়ে পড়লো, আর চলতে পারছিল না, ক্লান্তিতে অবশ হয়ে পড়ছিল, এই অবস্থায় ঈশ্বর হাগারকে দেখতে পেলেন এবং হাগারকে বললেন ।
হাগার, তুমি সারার কাছে ফিরে যাও এবং তার বশ্যতা স্বীকার কর। তোমার একটি ছেলে হবে। এবং তার নাম ইসমাইল রাখবে, যার অর্থ ঈশ্বর শুনেন।


ঋৎড়স
যরস রিষষ পড়সব সধহু
পযরষফৎবহ, সড়ৎব ঃযধহ পধহ নব
হঁসনবৎবফ. ওংযসধবষ রিষষ নব ধ রিষফ
সধহ. ঐব রিষষ ধষধিুং নব ভরমযঃরহম
বাবৎুনড়ফু ধহফ বাবৎুনড়ফু রিষষ নব
ভরমযঃরহম যরস. ঐব রিষষ ধষধিুং ষরাব
পষড়ংব ঃড় ধষষ যরং নৎড়ঃযবৎং.


হাগার সারার নিকট ফিরে গেল এবং যথা সময়ে তার সন্তান হলো।
ঈশ্বর আমাকে বলেছিলেন যে, যেহেতু এই সন্তান আব্রাহামের সে বহুজাতির পিতা হবে।
পরবর্তীতে ইসমাইল সমস্ত আরব জাতির পিতাতে পরিণত হয়েছিল।
আদিপুস্তক ১৬:৪-১৬

ইসমাইল যখন জন্ম গ্রহন করেন, তখন আব্রাহামের বয়স ৮৬ বছর ছিল, ইসমাইলের জন্মের অল্প কাল পরেই আব্রাহাম আরও বয়স্ক হয়ে পড়েছিলেন। যে সন্তান জন্ম দানের মত কোন ক্ষমতা তার ছিল না, তবে কি ইসমাইলই ঈশ্বরের সেই প্রতিজ্ঞিত সন্তান? যা তিনি আব্রাহামের কাছে প্রতিজ্ঞা করেছিলেন। কিন্তু ঈশ্বর বলেছিল যে সেই সন্তান আব্রাহাম ও সারার মাধ্যমে আসবে।




ইসমাইলের বয়স যখন তেরো বছর আর আব্রাহামের বয়স যখন ৯৯ বছর তখন ঈশ্বর আবার তার সঙ্গে কথা বললেন।
আব্রাহাম, আমিই সেই সর্বশক্তিমান ঈশ্বর। আমি যে রকম তোমাকে বলি, সেই রকম কর। পাপ করোনা, যেমন আমি পূর্বে তোমাকে বলেছি, আমিই তোমার ছেলে মেয়েদের বৃদ্ধি দান করবো এবং তুমি বহুজাতির পিতা হবে। আমি তোমার সাথে একটি প্রতিজ্ঞা করবো এবং তোমার পরে তোমার ছেলে ও মেয়ের সাথেও করবো।


ও রিষষ মরাব ঃড়ুড়ঁং পযরষফৎবহ ঃযব ষধহফ ড়ভ ঈধহধধহ ধং ধ ঢ়ড়ংংবংংরড়হ ভড়ৎ বাবৎ. ঝধৎধয রিষষ পড়হপবরাব ধহফ যধাব ঃযব পযরষফ ধং ও ঢ়ৎড়সরংবফ, ঃযব ড়হব যিড় রং ঃড় নব ঃযব যবধফ ড়ভ সধহু হধঃরড়হং.
হা-হা এটা কিভাবে হবে। আমার বয়স এখন ৯৯ বছর আর সারার বয়স ৮৯ বছর। আমার শরীর এখন মরার মত হয়ে গেছে। এই অবস্থায় আমাদের ছেলে মেয়ে হতে পারে না। দয়া করে ইসমাইলকেই সেই প্রতিজ্ঞিত সন্তান করুন।


না, আমি যেমন তোমাদের প্রথম থেকে বলে এসেছি, সারা ও তোমার নিজেদের সন্তান হবে এবং সে তোমাদের নিজেদের শরীর থেকে হবে এবং তার মাধ্যমেই তোমরা প্রতিজ্ঞার আশীর্বাদ পাবে, কিন্তু ইসমাইলের মাধ্যমে নয়। এক বছরের মধ্যে সারা একটি পুত্র সন্তানের জন্ম দিবে।


ইহা কি সম্ভব? হ্যা যে ঈশ্বর মানুষের দেহ সৃষ্টি করেছেন তিনি সেই মৃতপ্রায় দুইটি দেহকে আবার উর্বর করতে পারেন, অবশ্যই ঈশ্বর ইহা করতে পাতরন।


কিছুদিন পর তিন জন লোক মরুভূমির দিক থেকে আসল, তাদের দেখে মনে হচ্ছিল না যে তারা অনেক লম্বা পথ অতিক্রম করে এসেছে বা তারা কোন স্থানীয় লোক, তাদের দেখে মনে হচ্ছিল শক্ত সামর্থ, আত্মবিশ্বাসী এবং অল্প বয়স্ক।


আব্রাহাম তাদের আগমন লক্ষ্য করছিলেন, এবং তারা আলাদা লোক ছিল। এবং তারা এই পৃথিবীর লোক ছিলনা।
তাদের মধ্যে দুইজন ছিল ধার্মিক স্বর্গদূত! এবং তৃতীয় জন ছিল ঈশ্বর নিজে যিনি স্বর্গদূতের রূপ নিয়ে এসেছিলেন যেন আব্রাহামের সঙ্গে কথা বলতে পারেন। আব্রাহাম তাদের সঙ্গে কথা বলতে বের হয়ে আসলেন।
আদিপুস্তক ১৭:১-২১


আব্রাহাম, তোমার স্ত্রী সারার একটি পুত্র সন্তান হবে।
হি-হি-হি ...
আমার যে বয়স, আব্রাহামের বসয় আমার চেয়েও বেশী। আমি কি ? আবার আনন্দ পেতে পারি ?


ঈশ্বর যখন বললেন যে সারার একটি সন্তান হবে, তখন সারা কেন হাসল।
আমি হাসি নি।
তুমি নিশ্চয় হেসেছো। কারণ তুমি বিশ্বাস করতে পারনি কোন কিছু করা কি ঈশ্বরের পক্ষে কঠিন কাজ। আমি আবার আসব- তুমি যখন গর্ভবতী হবে এবং তোমার সন্তান হবে।


আমি কি আব্রাহাম কে বলবো, যে আমি কি করতে যাচ্ছি ? সে বহু সন্তানের পিতা হতে যাচ্ছে, এবং সে তাঁর সন্তানদের এবং তার নাতী নাতনীদের যেন শিক্ষা দেয় আমার বাধ্য হয়ে চলতে ।
হ্যা, তার জানা দরকার ।


সদোম এবং ঘমোরাহে পাপ খুব বেশী বেড়ে গিয়েছিল। আমি এই দুই শহরের প্রত্যেকটি প্রান পুরুষ - মহিলা শিশু ধ্বংস করবো।
কিন্তু আমার ভাতিজা লোট এবং তার পরিবার সেখানে বাস করতো।


ঈশ্বর
খারাপ লোকের সঙ্গে ধার্মিক লোকদের ধ্বংস করবেন না। যদি সেখানে ৫০ জন ধার্মিক লোক থাকে তারজন্যও ঈশ্বর শহরটিকে রক্ষা করবেন। আমি জানি যিনি সমস্ত মানুষের বিচারক তিনিযা সঠিক তাই করবে।
যদি আমি সেই শহরে ৫০ জন ধার্মিক ব্যাক্তি পাই তবে সেই শহর ধ্বংস করবো না।


আমি পাপী, ঈশ্বর সম্বন্ধে কথা বলার কোন যোগ্যতা আমার নেই। কিন্তু যদি সেখানে ৪৫ জন ধার্মিক ব্যক্তি থাকে তাহলে কি হবে ? ৫০ থেকে যদি ৫ জন বাদ যায় তাহলেও কি শহরটি তুমি রক্ষা করবে?
যদি সেখানে ৪৫ জন থাকে, তবে আমি ধ্বংস করবো না।
যদি ৪০ জন পাওয়া যায়, তাহলে কি হবে?
যদি ৪০ জন ধার্মিক ব্যক্তি পাওয়া যায় তবেও ধ্বংস করবো না।


প্রভু আমার প্রতি রাগ করবেন না, যদি ৩০ জন পাওয়া যায় তবে কি হবে?
৩০ জন ধার্মিক ব্যক্তির জন্য হলেও আমি ধ্বংস করবো না।
যদি ২০ জন ধার্মিক ব্যক্তি থাকে তবে কি হবে?
যদি সেখানে ২০ জন ধার্মিক ব্যক্তি থাকে তবুও আমি ধ্বংস করবো না।


দয়া করে রাগ করবেন না, আপনাকে শেষ বারের মত জিজ্ঞাসা করছি যদি এই শহরে ১০ জন ধার্মিক ব্যক্তি থাকে? তবে কি আপনি তা ধ্বংস করবেন?
না, যদি ১০ জন ধার্মিক থাকে তবুও আমি ঐ শহর ধ্বংস করবো না।
যদিতুমি ১০ জন লোক না পাও তবে কি আমার ভাইয়ের ছেলে লোটকে সাবধান করবে?
আজ রাতে আমরা তার ওখানে যাব।


ঐ দিন সন্ধ্যায় দুইজন স্বর্গদূত ঐ শহরে লোটের বাড়ীর কাছে গিয়েছিল।
আমি যা ভেবে ছিলাম এখানকার লোক তার চেয়েও খারাপ।
এখন বুঝতে পারছি কেন ঈশ্বর এখানকার প্রত্যেককে, এমন কি শিশু এবং প্রাণীদেরকেও ধ্বংস করতে চাচ্ছেন।


এই যে, আপনারা এখানে অপরিচিত। এই রাস্তার মধ্যে রাত কাটাতে পারবে না। কারণ এটা নিরাপদ নয় বরং আপনারা আমার ঘরে এই রাতের জন্য আসেন।
দেখ, তারা বেশ ভাল মানুষ, তাদেরকে আমরা শহরের লোক সম্বন্ধে সব কিছু বলবো।
আদিপুস্তক ১৮:২৩


লোট, ঐলোকগুলিকে আমাদের কাছে বের করে দাও, আমরা তার সঙ্গেঁ যৌন মিলন করবো।
দূর হও, তোমরা এই মন্দকাজ তাদের সঙ্গে করতে পার না।
সে করে, আর নিজেকে ভাল মানুষ মনে করছে। ভন্ড কোথাকার।


আমরা দরজা ভেঙ্গে ফেলবো এবং তোমার সঙ্গে ও তোমার বিদেশীদের সঙ্গে আরও খারাপ কাজ করবো।
ঘৃণ্য ব্যবসায়ী !
আমরা তোমার মেয়েদের পরিবর্তে ঐ সুন্দরী লোকগুলিকে চাই।


প্রভু ঈশ্বর, তোমাদের অন্ধ করে দেবে।
তারা কোথায় ?


আলো কে নিভিয়ে দিলো ?
আমি দেখতে পাচ্ছি না কি ঘটছে।
এটা কি ধরনের শক্তি ?


তোমরা অবশ্যই আগামীকাল সকালে এই শহর ছেড়ে চলে যাবে। ঈশ্বর তোমাদের সাবধান করে দিচ্ছে কারণ তিনি এই ধরনের পাপ আর এক মুহুর্ত সহ্য করতে পারবে না।
আগামীকাল ঈশ্বর এই স্থানের উপর আকাশ থেকে আগুনের বৃষ্টি ফেলবেন। সদোম ও ঘোমরার প্রত্যেকে পিছন ফিরে তাকাবে না।


তাড়াতাড়ি করো, আগুন শীঘ্রই পড়বে কেউ বাঁচাতে পারবে না।
ঈশ্বর বললেন শহরটা যখন পুড়তে থ াকবে তখন কেউ তোমরা পিছন ফিরে তাকাবে না।


আদিপুস্তক ১৯:৪


পিছনে ফিরে তাকাবে না। একি হচ্ছে ।
ওহো !


ওহো না! বাবা, মা ঈশ্বরের কথার অবাধ্য হয়েছে, তাই লবণে পরিনত হয়েছে।
তাকাবে না, চলতে থাকো।

ঐ দিন সদোম এবং ঘমোরাহর সমস্ত জীবিত প্রাণী মারা গেল ঈশ্বর ধার্মিক, তিনি পাপ ঘৃনা করেন। বিশেষ করে বিকৃত যৌন মিলন যেমন পুরুষে পুরুষে এবং মহিলা মহিলারা যৌন কাজে লিপ্ত হওয়া। বিশেষ করে ছেলে মেয়েদেরকে যৌন কর্মে জড়ানো সব চেয়ে বড় অন্যায়। ঈশ্বর বলেছিলেন যে তিনি আর পানি দ্বারা কখনো পৃথিবী ধংস করবেন না। ককন্তু আগুন সম্পতকে কেকন ককছু বতেনকন।পরবর্তীকালে আগুন দ্বারা ধ্বংস করতবন।যে কোন পাপের শাস্তি মৃত্যু - শারীরিক মৃত্যু এবং অনন্ত মৃত্যু অগ্নি হ্রদের মধ্যে। ঈশ্বরের আর্শীবাদে লোট ঈশ্বরের বিচার থেকে রক্ষা পেয়েছিল তার স্ত্রী ঈশ্বরে বিশ্বাস করতো না বলে, ঈশ্বর তাদেরকে সর্তক করে দিয়েছিলেন। যেন তারা পিছনে ফিরে না তাকায়।




ঞওযব হবীঃ ঃরসব রঃ রিষষ নব নু ভরৎব.  ঞওযব ঢ়বহধষঃু ড়ভ ধহু ংরহ রং ফবধঃয: ঢ়যুংরপধষ ফবধঃয ধহফ বঃবৎহধষ ফবধঃয রহ ঃযব ষধশব ড়ভ ভরৎব. ইঁ ঃযব মৎধপব ড়ভ এড়ফ, খড়ঃ ধিং ংধাবফ ভৎড়স ঃযব লঁফমসবহঃ ড়ভ এড়ফ. ঐরং রিভব ফরফ হড়ঃ নবষরবাব এড়ফ ধিং ংবৎরড়ঁং যিবহ যব ধিৎহবফ ঃযবস হড়ঃ ঃড় ষড়ড়শ নধপশ.
সব পাপের শাস্তি হচ্ছে মৃত্যু এর কোন ব্যতিক্রম নাই।




আদিপুস্তক ১৯:২৪-২৬


ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন যে, সারার একটি সন্তান হবে, আব্রাহাম এবং সারা সেটা অনুভব করতে শুরু করল এবং বহুদিনের পরিত্যক্ত ইচ্ছা তাদের মধ্যে অনুভূত হতে লাগল।
আব্রাহাম তোমার কি হয়েছে? তুমি তো অনেকদিন যাবৎ আগে এইভাবে আমার দিকে তাকিয়ে ছিলে।


এটা একটি আশ্চর্য কাজ ছিল। শীঘ্রই সকলে জানতে পেরেছিল যে, সারা সন্তান সম্ভাবা।




ঈশ্বর তার প্রতিজ্ঞা রেখেছিলেন।

ইসমাইল হাগারের মাধ্যমে আব্রাহামের সন্তান, বয়স এখন চৌদ্দ বছর ছিল এবং সে নতুন শিশুটিকে ঘৃণা করত।






ঈশ্বর আব্রাহামকে বললেন যে, সারার কথাই ঠিক। হাগার এবং ইসমাইলকে তাড়িয়ে দাও। ইসমাইল ইসহাকের সঙ্গে উত্তরাধীকার হতে পারে না, কিন্তু এতে তুমি দুঃখ পেয়ো না।



আমি তাদের দেখা শুনা করবো। কারণ ইসমাইল তোমার ছেলে, তাঁর মাধ্যমে আমি এক মহাজাতির সৃষ্টি করবো। কিন্তু প্রতিজ্ঞাত সেই উদ্ধারকারি যে শয়তানকে পরাস্ত করবে,সে আসবে ইসাহাকের মাধ্যমে ইসমাইলের মাধ্যমে নয়।
ইসমাইল সমস্ত আরব জাতির পিতা হিসাবে বেড়ে উঠলেন। অন্য দিকে ইসহাক সমস্ত যিহুদী জাতির প্রধান হিসাবে বেড়ে উঠলেন। আরব জাতি এবং যিহুদী জাতি তারা পরস্পর সৎ ভাই।


আদিপুস্তক ২১:১-৩



তুমি হচ্ছো অলৌকিক শিশু, তোমার মাধ্যমেই পৃথিবী পাপ থেকে মুক্তি পাবে।
আব্রাহাম তার ছেলে ইসাহাককে ভাল বাসতেন এবং তারা যেন পরস্পর অবিচ্ছিন্ন।


বাবা, তুমি কেন এই ছোট সুন্দর মেষশাবক গুলি মেরে ফেল এবং পাথরের উপর তাদেরকে পোড়াও।
স্বর্গ এবং পৃথিবীর ঈশ্বর পবিত্র, এত বেশী পবিত্র যে, আমার মত পাপী মানুষের চেয়েও আরও পবিত্র,
কিন্তু প্রথম মানুষ আদম ঈশ্বরের অবাধ্য হয়েছিল, এবং তখন থেকেই পাপ শুরু হয়েছিল।


যখন আমি একটি মেষ শাবককে হত্যা করি এবং ঈশ্বরের কাছে তা উৎসর্গ করি এটা দ্বারা এই বুঝায় যে, **আমি** আমার পাপ চিহ্নিত করতে পেরেছি এবং সেই পাপের পরিবর্তে একটি নির্দোষ শাবককে হত্যা করি আমার জায়গায়।


ইসাহাক শক্তসামর্থ্য হয়ে উঠলো এবং তার বাবার ঈশ্বরকে বিশ্বাস করতে জানলো। আব্রাহাম তাকে খুবই ভালবাসত। তারা প্রায় একসঙ্গে বলি উৎসর্গ করতে যেতেন। এই সময় মেষশাবক বলি দিয়ে বেদীর উপর রাখা হতো এবং পোড়ানো হতো।


আব্রাহাম, আমি চাই তোমার একমাত্র পুত্র ইসহাক যাকে তুমি অত্যন্ত ভালবাস তাকে তুমি আমার কাছে বলিরূপে উৎসর্গ কর।


ঈশ্বর,
তুমি কিভাবে আমাকে
এই কাজ করতে বলছো? এটা
তোমার কাজ নয়। মানুষ বলি দেওয়া
পপৌত্তলিকদের কাজ। তুমি বলেছিলে
যে আমার ছেলে ইসহাকের মাধ্যমে এক
মহাজাতি সৃষ্টি করবে। আমি যদি আমার
ছেলেকে হত্যা করি তবে তোমার সেই
প্রতিজ্ঞা সত্য হবে না।




আদিপুস্তক ২২:২


তিন দিন যাত্রার পর, আমরা এক সপ্তাহে সেখানে পৌঁছে যাব।
নিজেদের যত্ন নিও, আমি আমার দুইজন লোকের জন্য প্রার্থনা করব।

তিন দিন পর ---


বাবা, ঐ যে পাহাড় দেখা যায়, আমরা সন্ধ্যার আগে সেখানে পৌঁছে যাব।
হ্যাঁ, আমরা সেখানে গিয়ে বলি উৎসর্গ করে আবার ফিরে যাব।


বাবা, আমরা সঙ্গে করে কাঠ এনেছি, তুমি বেদী তৈরা করেছ। কিন্তু বলি দেওয়ার জন্য প্রানী কোথায়?
ইসাহাক, তুমি মনে করে দেখ, ঈশ্বর কেমন করে আমার সঙ্গে কথা বলেছিলেন এবং তোমার মা আর আমাকে বলেছিলেন, বৃদ্ধা বয়সে আমাদের সন্তান হবে। তিনি আবার আমার সঙ্গে কথা বললেন।


এইবার ঈশ্বর আমাকে বলেছেন তোমাকে বলিরূপে উৎসর্গ করতে।
আমাকে ? বাবা তুমি কি নিশ্চিত ?


ঈশ্বর কি তোমাকে বলেন নাই যে আমি তোমার উত্তরাধিকারী হবো এবং এক মহাজাতির প্রধান হবো, এবং আমার ছেলেমেয়েরা আকাশের অসংখ্য তারার মত হবে। কিন্তু আমি যদি এখন মারা যাই তাহলে ঈশ্বরের প্রতিজ্ঞার কি হবে।
আমি জানতে পেরেছি যে, ঈশ্বর যা প্রতিজ্ঞা করেন তা পালন করেন। যদি তিনি বলে থাকেন যে, তুমি এক মহাজাতীর পিতা হবে তাহলে তিনি তাই করবেন তুমি মারা গেলেও ।


আমি মারা গেলে সেটা কিভাবে হবে?
আমি জানিনা তিনি তোমাকে মৃত্যু থেকে উঠাবেন কিনা।
বাবা, যাই ঘটুক আমরা অবশ্যই ঈশ্বরের আদেশ মান্য করব।
আদিপুস্তক ২২:৩-৯


যদিও আব্রাহাম ঈশ্বরের আদেশ পালন করতে যাচ্ছেন। কিন্তু তার হৃদয় দুঃখে ভারাক্রান্ত ছিল এবং বলি উৎসর্গ করতে গিয়ে তার হাঁত কাপছিল।
সে তার ছেলের হাত এবং পা বেঁধেছিল এবং এর পরেই তার গলায় ছুরি চালানোর অপেক্ষায় ছিল।

আব্রাহাম ঈশ্বরের কাছে প্রার্থনা করার পর সে ছোরাটি উপরে তুলল আর যখনই সে তা নামাতে যাবে তখনই সে হঠাৎ স্বর্গ থেকে একটি স্বর শুনতে পেল।





আব্রাহাম, আব্রাহাম,
ছেলেটিকে মের না।


এখন আমি বুঝতে পারছি যে তুমি আমাকে বিশ্বাস করেছ এবং তোমার একমাত্র পুত্রকে আমার জন্য বলি দিতে প্রস্তুত আছ।


তখন আব্রাহাম চেয়ে দেখলেন যে, ঝোপের মধ্যে একটি মেষশাবক আটকে আছে।
বাবা দেখ! ঈশ্বর আমার পরিবর্তে একটি মেষশাবক দিয়েছেন।

আদিপুস্তক ২২:৯


আব্রাহাম, তুমি তোমার একমাত্র পুত্রকে আমার জন্য বলি দিতে পিছপা হওনি। আমি তোমাকে আশীর্বাদ করছি যে, তোমার ছেলে মেয়েরা আকাশের তারার ন্যায় বৃদ্ধি পাবে এবং এই দেশ তাদের হবে, তারা তোমার শত্রুদেও ধ্বংস করবে তোমার এক সন্তানের মাধ্যমে যার জন্ম এখনও হয় নাই। পৃথিবীর সব জাতি আশীর্বাদ প্রাপ্ত হবে।
বাবা, তিঁনি হচ্ছেন দয়ার ঈশ্বর যেমন তুমি আমাকে বলেছ।

আব্রাহামের দুই ছেলে ছিল, ইসমাইল এবং ইসাহাক। ইসাহাক ছিলেন ঈশ্বরের মনোনীত, যেমন ঈশ্বর আব্রাহামের কাছে প্রতিজ্ঞা করেছিলেন। ইসাহাকের এক ছেলে ছিল, তার নাম ছিল যাকোব। পরে তার নাম হয়েছিল ইসরায়েল। যাকোবের ১২ জন ছেলে ছিল। তাদের পরিবার পরবর্তীতে মিশরে গিয়ে বসবাস করছিল এবং তার পরিবার পরবর্তিকালে দাসে পরিণত হয়েছিল (খ্রিষ্টপূর্ব- ১৭০৬ বছর পূর্বে)।




আদিপুস্তক ২১:৫


যাকোবের ১২ জন ছেলেই পরবর্তীতে ইস্রায়েল জাতির ১২ বংশে পরিণত হয়েছিল।
ইসমাইয়েলের ১২ জন পুত্র ছিল এবং তারাই পরবর্তীতে আরব দেশীয় লোক হিসাবে পরিচিত হয়েছিল।
ইসমাইল
আব্রাহাম
ইসাহাক
যাকোব



# অধ্যায়-৩:

# বৈঠক


খ্রীষ্ট পূর্ব ১৭০৬ বছর পূর্বের কথা।
দুর্ভিক্ষের সময় যাকোব, যে আব্রাহামের নাতী ছিল, সে তার ১২ জন ছেলে এবং তাদের সব ছেলেমেয়ে ও দাস-দাসীদের নিয়ে মিশরে বাস করতে গেলেন। মিশরে তারা পৃথিবীর ধুলিকনার ন্যায় বৃদ্ধি প্রাপ্ত হয়েছিল।


শীঘ্রই যাকোব, যার নাম পরিবর্তন করে ইসরায়েল রাখা হয়েছিল তার ছেলে-মেয়েরা মিশরীয়দের সংখ্যার চেয়ে অধিক পরিমাণে বেড়ে গিয়েছিল।


ঐ সময় ফৌরণ মিশরের শাসন কর্তা ছিলেন। তিনি
যাকোবের বংশধরদেরকে দাস বানিয়ে তাদের দিয়ে ইট
বানানোর মত কঠিন কাজ করাত। যেখানে তারা ৩০০
শত বছরের অধিক সময় থাকার পরে তারা আব্রাহামের
কাছে ঈশ্বরের যে প্রতিজ্ঞা সে কথা ভুলে গিয়েছিল।

ঈশ্বর আব্রাহামকে বলেছিলেন যে, তার লোকেরা বা বংশধরেরা অন্য দেশে গিয়ে বাস করবে এবং সেখানে দাসত্ব করবে। ঈশ্বর আরও বলেছিলেন যে, সেখানে চারশত বছর থাকার পরে তিনি সেই জাতীর বিচার করবেন এবং তাদেরকে সেই প্রতিজ্ঞার দেশে ফিরিয়ে আনবেন।




আমি তোমাদের বলেছিলাম এই ঘটনাটি সত্য, ফৌরান ভয় পেয়েছিল কারণ ইব্রীয়রা সংখ্যায় অনেক বেড়ে যাচ্ছিল বলে আমাদের সব ছেলে বাচ্চাদের মেরে ফেলছিল। মিসরীয়রা দুর্বল এবং অলস ছিল। আমাদের লোকেরা কঠিন কাজ করার ফলে শক্তিশালী ছিল। তারা আমাদেরকে ভয় পাচ্ছিল।
তারা আমার ছেলেকে মেরে ফেলবে না, কারণ ঈশ্বর তাকে রক্ষা করবেন।
হ্যা, দেখ ঈশ্বর শক্তিশালী ফৌরনের বিরুদ্ধে কি করেন।


না! না এটা আমার সন্তান একে তোমরা মারতে পারনা।
যিহুদীরা সংখ্যায় বৃদ্ধি পাচ্ছে দেখে ফৌরন ভয় পেয়েছিলেন তাই সিদ্ধান্ত নিয়েছিলেন যে নতুন যত ছেলে শিশু জন্মাবে তাদের সবাইকে মেরে ফেলা হবে।

আদিপুস্তক ৪৬:৫-৭


কিন্তু মা, সৈন্যরা এবং প্রতিবেশীরা যখন জিজ্ঞাসা করবে আমাদের শিশুটি কোথায়, তখন আমি তাদের কি বলব।
তুমি তাদের সত্য কথাই বলবে। তার মা তাকে নদীতে ফেলে দিয়েছে, কাজেই সৈন্যরা আর কিছুই বলবেনা।


আনুমানিক খ্রীষ্টপূর্ব ১৫২৫ বছল আগের ঘটনা।
মা, তুমি কি নিশ্চিত এটাতে কোন ছিদ্র নেই তো।
এটা আলকতরা দিয়ে লেপা আছে। এটা পানিতে ভাসবে ডুববেনা।


ছোট ভাইকে কি আমরা আবার কখনও দেখতে পাবো? আহা মিসরিয়রা কি খারাপ।
ঈশ্বর তাকে রক্ষা করবেন। তুমি কাছাকাছি থেকে শুধু লক্ষ্য রাখবে।


ফৌরনের মেয়ে নদীতে স্নান করতে এসেছিল।
দেখ ঐ ঝুড়ি থেকে কান্নার শব্দ শোনা যাচ্ছে।


হয়তো এটা ইব্রীয়দের কোন বাচ্চা হবে।
উঃ বাচ্চাটা কি সুন্দর?
নিশ্চয় তার খুব ক্ষিদে পেয়েছে।



আমি
ঐ শিশুটিকে রাখবো
যদি তার সেবা যত্ন করার
জন্য কাউকে পাই।
ঐ যে ওখানে একটা
ইব্রীয় মেয়ে দেখা যায় সে
হয়তো বলতে পারবে শিশুটিকে
সেবা যত্ন করার জন্য কাউকে
পাওয়া যাবে কিনা।


আকম পেখতে যাই
যকে আকম এমন কাউতক খতুঁ ে
পাই পয াতেক পসবা করতে পাতর ।আমি
একজন ইব্রীয় মহিলাকে জানি, তার
বাচ্চাকে নদীতে ফেলে দেওয়া হয়েছে।
তার বুকে এখনও অনেক দুধ হয়।

যাত্রাপুস্তক ২:৩-৯


আমি কি করতে পারি? আমি কি আমার শিশু সন্তানকে আবার কখনো দেখতে পাব? ঈশ্বর কি তার যত্ন নিবেন?
তোমার আর কিছু করার নেই। তুমি চিরকাল তাকে গোপন রাখতে পারবে না। শীঘ্রই বা দেরিতে সৈন্যরা তাকে খুঁজে বের করবে এবং মেরে ফেলবে। তুমি শুধু ঈশ্বরের উপর বিশ্বাস রাখো।
মা, মা!


মা, ফৌরনের মেয়ে নদীতে এসেছিল এবং ছোট ভাইকে পেয়েছে। তিনি আমার ভাইকে নিজের কাছে রাখতে চান। সেই জন্য তিনি একজন ধাত্রী খুঁজছেন। তিনি এখন এখানে আসছেন।
অনন্তকালিন ঈশ্বরের আশীর্বাদ হউক।


আমি শুনতে পেলাম যে তুমি নাকি তোমার বাঁচ্চা হারিয়েছে। তার জন্য আমি অত্যন্ত দুঃখিত। আমি এই শিশুটিকে নদীতে পেয়েছি। আমার জন্য শিশুটিকে সেবাযত্ন করো তার জন্য আমি তোমাকে বেতন দিব।
কিশুটি যখন মাতের দুধ খাওো ছাড়তব খেন এতস আকম েতক কনতে যাব। পযখাতন পস পবতড় উঠতব পসটা প ৈরতের রাপ্রোসাে কমিতর। আমরা েতক পমাকি বতে ডাকতবা।
মোশি যেমন বেড়ে উঠছিল, সে তাকে তার বাবার সত্য ঈশ্বর সম্বন্ধে শিক্ষা দিচ্ছিল। এই ছোট শিশুটিকে নিয়ে ঈশ্বরের এক বিশেষ উদ্দেশ্য ছিল।


ছোট রাজকুমার লাফিয়ে উঠুন,আমরা রাজপ্রাসাদে যাত্রা করব।
এগুলো এতো দ্রুত কিভাবে চলে ?
মোশিকে সেবা-যত্ন করার জন্য ধন্যবাদ। তাকে দেখতে খুব স্বাস্থ্যবান মনে হচ্ছে। সে ধনী ব্যক্তির মত ক্ষমতাধর হিসাবে বড় হবে।
যাত্রাপুস্তক ২:৮-১০


ফৌরনের মেয়ের দত্তক পুত্র হিসেবে মোশি মিশরের একজন মহৎ ব্যক্তি হিসাবে বড় হতে লাগলো। তার ভাগ্য তাকে ধনী ও ক্ষমতাশালী করেছিল। তবে সে তার বংশধরদের ভুলে যায়নি।


মোশি, আমি তোমাকে বলতে চাই যে, আমাদের পূর্ব পুরুষ আব্রাহাম, ইসাহাক এবং যাকোবের ঈশ্বর আব্রাহামকে বলেছিলেন যে, তার বংশধরেরা সেই দেশে বৃদ্ধি প্রাপ্ত হবে বিদেশী হিসাবে, যেমন এখন আমরা এখানে।
হ্যাঁ, তিনি আরও আব্রাহামকে বলেছিলেন যে সেই বিদেশী দেশে তারা শোষিত হবে ৪০০ বছর ধরে। আমরা ইতিমধ্যে ৩৫৯ বছর কাটিয়েছি, আর কেবল ৪১ বছর বাকী আছে।


বিষয়টি অবিশ্বাস্য বলে মনে হয়। ফৌরন তার দাসদের ছেড়ে দেবেন না বিশেষ করে ধন সম্পদ নিয়ে তো নয়। কিন্তু ঈশ্বর হয়তো পথ রেখেছেন, যার জন্য আমাদেরকে ৪১ বছর আরও অপেক্ষা করতে হবে।
তিনি (ঈশ্বর) আব্রাহামকে আরও বলেছিলেন যে তিনি (ঈশ্বর) সেই জাতির বিচার করবেন তারা যে মন্দ ব্যবহার আমাদের উপর করেছে তার জন্য। পরে আমরা বহু ধন সম্পদ নিয়ে সেই দেশে ফিরে যাব, যে দেশ ঈশ্বর আমাদের পূর্ব পুরুষদের দিয়েছিলেন।


ইব্রীয় সন্তানেরা তাদের প্রভুদের অধীনে কষ্টভোগ করেছিল। তাদেরকে পিচ্ছিল গর্তের ভিতর কাজ করতে হতো, ইট তৈরী করতে হতো সেগুলি দেখে মোশি সহ্য করতে পারতো না এবং সে সিদ্ধান্ত নিলো কিছু একটা করার।
উঠে দাড়াঁও নোংরা শুকর!
তোমাকে পিটিয়ে মেরে ফেলার আগে তুমি উঠে দাঁড়াও।
শুকর, ওঠো!
যাত্রাপুস্তক ২:১০



একদিন মোশি দেখতে পেল যে একজন মিশরীয় মোশির গোত্রের একজন লোককে নির্দয়ভাবে মারধর করছে।
মুক্তির সময় এসে গেছে। এটাকে অবশ্যই বন্ধ করতে হবে।


ওয়াক !
আর এভাবে চলতে দেওয়া যায় না।
মোশি মিশরীয় লোকটিকে মেরে ফেললো এবং তার দেহ মাটিতে পুঁতে রাখলেন। কিন্তু এ সময় একটি লোক মোশিকে দেখেছিল এবং এ বিষয়ে ফৌরনের কাছে নালিশ করেছিল।


দাড়াঁও
তোমাকে হত্যার দায়ে বিচরের
সম্মুখীন হতে হবে।
ও প্রভু,
আমি একি
করলাম !
ঐ যে মোশি!



আনুমানিক খ্রীষ্টপূর্ব ১৪৯১ বছর আগে।
মোশি মিশর ছেড়ে নির্জন প্রান্তরে পালিয়ে গিয়েছিল। সেখানে সে একা পরিবার ও বন্ধুবান্ধব ছাড়া ছিল। সে তার জাতিকে মুক্ত করতে পারেনি - এমনকি নিজেকেও না।
যাত্রাপুস্তক ২:১১-১৫


তোমরা দেখ একটা লোক! তাকে মরার মত মনে হচ্ছে। পানি আন তাকে খাওয়াতে হবে।
তাকে মরার মত মনে হচ্ছে পানি আন।
মোশি অনেক দিন ধরে হেঁটে চলছিল কিন্তু যখন সে আর কিছুতেই হাটতে পারছিলনা তখন সে এক মেষ পালকদের তাবুর কাছে পৌছালো।
সে একেন মিশরীয় লোক।


মিদিয়ানদের মাঝে মোশি যেন নতুন জীবন ফিরে পেল। সে প্রান্তরে বসবাসের জীবন শিখলো, সেখানে বিয়ে করলো এবং পরিশেষে মেষ পালক হলো। ইতিমধ্যে ৪০ বছর পার হয়ে গেছে। মিশর এখন মোশির কাছে শুধু অতীত স্মৃতি। সে তার লোকদের আবার দেখতে পাওয়ার আশা ছেড়ে দিল।


বাস্তবিক, এটা আশ্চর্য বিষয়।
ঝোপের মধ্যে কিভাবে আগুন লাগলো
এবং কেন তা পুড়ে যাচ্ছে না শুধু
জ্বলতেছে তো জ্বলতেছেই !


মোশি তোমার জুতা জোড়া খুলে ফেল। কারণ তুমি পবিত্র স্থানের উপর দাঁড়িয়ে আছো। আমি তোমার পূর্ব পুরুষ আব্রাহাম, ইসাহাক ও যাকোবের ঈশ্বর।


মিশরে আমি আমার লোকদের নির্যাতন দেখেছি এবং তাদের প্রার্থনার রব শুনেছি। এখন সময় এসেছে তাদেরকে এই অত্যাচার থেকে মুক্ত করার এবং তাদেরকে ফিরিয়ে আনার সেই দেশে যা ঈশ্বর তাদের পূর্ব পুরুষদের কাছে প্রতিজ্ঞা করেছিল। আমি তোমাকে ফৌরনের কাছে পাঠাব যাতে তুমি আমার লোকদেরকে দাসত্বের হাত থেকে মুক্ত করে আন। তুমি ফৌরনকে বলবে সে যেন আমার লোকদের ছেড়ে দেয় কিন্তু সে যেতে দিতে অস্বীকার করবে। এরপর আমি মিশরে আমার ক্ষমতা দেখাবো। এরপর সে তাদের ছেড়ে দিবে।
যাত্রাপুস্তক ২:১৬


কিন্তু তারা বিশ্বাস করবে না যে তুমি আমাকে পাঠিয়েছো। আমার কথা শুনে তারা হাসবে।


তোমার হাতের লাঠিটা মাটিতে ফেল।


কি, আমার লাঠি!


এটা একটা বিষাক্ত সাপে পরিণত হয়েছে।



লেজ ধরে সাপটাকে তুলে ধরো।


এটা আবার লাঠিতে পরিণত হয়েছে!


তুমি মিশরে যাও। আমি তোমাকে বলবো, তোমাকে কি বলতে হবে, আবার আমিই তোমাকে বলবো তোমাকে কি করতে হবে। তোমার ভাই হারোন হবে তোমার সহকারী।
যাত্রাপুস্তক ৪:১-৪


খ্রীষ্টপূর্ব ১৪৪৫ বছর আগের কথা।
৪০ বছর পার হয়ে গেছে। যারা যারা আমার অতীত সম্পর্কে কিছু জানতো তারা সকলে মারা গেছে। এখন আমাকে কেউ চিনবে না।
তুমি আবার মিশরে ফিরে যাচ্ছ। কিন্তু যারা তোমাকে মারতে চেয়েছিল তাদের খবর কি?
ফৌরন যত দিন ঈশ্বরের লোকদেরকে যেতে না দিবে।
তুমি কত দিন সেখানে থাকবে?


সব প্রাচীনদেরকে ডাকো। তাদেরকে বলো উদ্ধার পাওয়ার সময় এখন এসে গেছে।
তারা কে ?
ঐ হচ্ছে হারোন একজন লেবীয় বংশের লোক। তার সঙ্গে অন্য লোককে আমাদের মত মনে হচ্ছে কিন্তু সে আমাদের মত দাস নয়।


মোশি
৮০ বছর আগে জন্মগ্রহণ
করেছিল। সেই সময় ফৌরনের
আদেশে প্রত্যেক ছেলে শিশুকে
হত্যা করা হচ্ছিল। মোশির মা
তাকে ঝুড়িতে করে নদীতে নামিয়ে
দিয়েছিল। কিন্তু ঈশ্বরের ইচ্ছায়
ফৌরনের মেয়ে তাকে পায় এবং
মানুষ করতে থাকে এবং তাকে
মিশরীয় হিসেবে লালন পালন
করতে থাকে।

যাত্রাপুস্তক ৪:২৯


৪০ বছর আগে মোশি সিদ্ধান্ত নিয়েছিল যে সে তার নিজেদের লোকদের সঙ্গে কষ্টভোগ করবে, কিন্তু মিশরীয় হিসাবে শাসন করবে না। সে তার নিজের শক্তিতে আমাদের উদ্ধার করতে চেয়েছিল কিন্তু ব্যর্থ হলেন। গত ৪০ বছর সে যে দেশ ঈশ্বর আমাদের পূর্বপুরুষদেরকে দিতে প্রতিজ্ঞা করেছেন সেই দেশের মরুভূমিতে বাস করছিল। সম্প্রতি ঈশ্বর মোশির সাথে কথা বলেছেন এবং তাকে দেখিয়েছেন যে সে কিভাবে আমাদেরকে ফৌরনের হাত থেকে উদ্ধার করবে। এখন মোশি আমাদেরকে চিহ্ন দেখাবে যা দেখে ফৌরন বিশ্বাস করবে এবং আমাদেরকে যেতে দিবে।


আব্রাহামের ঈশ্বর জ্বলন্ত প াপের মধ্য থেকে আমার সঙ্গে কথা বলেছেন এবং আমাকে পঠিয়েছেন যেন আমি তোমাদেরকে পূর্বপুরুষদের দেশে ফিরিয়ে নিয়ে যাই। এখন একটা চিহ্ন দেখুন।


আশ্চর্য! লাঠিটা একটা সাপ হয়ে গেছে।
ভয় পেয়ো না।


শুধু দেখো।


ঈশ্বর একজন উদ্ধারকারীকে পাঠিয়েছেন।
হাঁ, এটা ফৌরনকে দেখানো হবে।


এটা একটা আশ্চর্য ঘটনা !
আব্রাহামের ঈশ্বর ।
এখন আমরা ফৌরনের কাছে যাব ।
যাত্রাপুস্তক ৪:১৭


৪০ বছর আগে আমি এই স্থান ছেড়ে গিয়েছিলাম কিন্তু এর কোন পরিবর্তন হয়নি। আমি তোমাকে কি বলেছিলাম তা স্মরণ করে বল।


ইস্রায়েলের ঈশ্বর মোশির সঙ্গে কথা বলেছেন। ঈশ্বর বলেছেন তুমি এই লোকদেরকে প্রান্তরে তিন দিনের যাত্রা পথ যেতে দিবে কারণ তারা সেখানে উপাসনা ও বলি উৎসর্গ করবে।
হা ! ইস্রায়েলের ঈশ্বর ? হাঁ, হাঁ, হাঁ। আমি তোমাদের ঈশ্বরকে চিনি না। কে সেই ঈশ্বর, কেন আমি তার বাধ্য থাকব ? হাস্যকর ব্যাপার ! আমি আমার দাসদেরকে প্রান্তরে তিন দিনের যাত্রা পথে যেতে দিব না।


আমি শুনেছি যে তুমি কিভাবে আমার লোকদেরকে উত্তেজিত করছো, তাদের কাজ কর্ম বন্ধ করছো এবং এখন আবার তাদেরকে তিনদিনে যাত্রা পথে প্রান্তরে ঈশ্বরের উপাসনা করতে নিয়ে যেতে চাচ্ছ– যে ঈশ্বরকে আমি জানিনা। বিষয়টি আমি দেখছি তাদের আরও অনেক কাজ করার আছে।
এখন থেকে তারা নিজেরাই ইট তৈরীর জন্য খড় সরবরাহ করবে। তুমি আমার সম্মুখ থেকে দূর হও এবং যেখান থেকে এসেছিলে সেখানে ফিরে চলে যাও।
যাত্রাপুস্তক ৫:১-৭


তুমি কি এই উদ্ধত বিশ্বাস করেছো ?
এটা হাস্যকর ছিল। তারা এমনভাবে ভিতরে প্রবেশ করলো যেন তারা ঈশ্বরের কণ্ঠস্বর।


তুমি আমাদের বলছো যে তুমি সব কাজ সম্পন্ন করেছো কিন্তু **আমাদের** কাজের বোঝা দ্বিগুণ হয়েছে এটাও একধরনের উদ্ধার কাজ আর তুমি মনে করছো যে ঈশ্বর তোমাকে পাঠিয়েছে?
সে নিজেকে কি মনে করে ?
আমি বিশ্বাস করতে পারছিনা, আমরা তার চালাকির জালে পড়েছি।
এটা এক ধরনের ধর্মান্ধতা !


কাজেই তোমার আর তেমন কিছু করার নেই। তুমি ঈশ্বরের উপাসনা করতে যেতে চাও। তুমি যাতে অলস না হও তার শিক্ষা আমরা তোমাকে দিব।


যিহোবা, আমি তোমার নামে কথা বলতে এসেছি কিন্তু এখানে পরিস্থিতি অনেক খারাপ হয়ে গেছে। তুমি কেন আমাকে এখানে পাঠিয়েছো?
আমি যিহোবা, তোমার পূর্ব পুরুষদের ঈশ্বর। আমার লোক ইস্রায়েলের কষ্ট দেখেছি এবং তাদের কানড়বা শুনেছি। এখন সময় এসেছে আমি আব্রাহামের কাছে যা প্রতিজ্ঞা করেছিলাম তা পূরণ করার এবং সেই লোকদিগকে কানান দেশে নিয়ে যাবার। মোশি, তুমি তাদেরকে পরিচালিত করবে।


কিন্তু আমি তো ভাল করে কথা বলতে পারি না। ৌরন আমার কথা শুনবেন না।
হারোন বলার কাজ করবে। তুমি শুধু আমার কথা শুনবে এবং কি বলবে তাকে বলবে প্রথমে ৌরন তোমার কথা শুনবে না, কিন্তু আমি তাকে আরও বড় চিত্র দেখাবো যতক্ষণ না মিশরীয়রা জানতে পারে যে আমিই হচ্ছি একমাত্র সত্য ঈশ্বর।


হা, হা, তুমি এখানে ফিরে এসে আবার কি করছো?
যিহোবা বলছেন, আমার লোকদের যেতে দাও।


যিহোবা যে কথা বলেছেন এই তার চিহ্ন।
হা হা হা, এটা কেবল মাত্র যাদুর কলা কৌশল। এতে আমি ভয় পাইনা। আমাদের যাদুকরদের ডাকো।




যাত্রাপুস্তক ৫:১০


তুমি তোমার
যাদু নিয়ে তাড়াতাড়ি এসো যেটা দিয়ে তুমি
লাঠিকে সাপে পরিণত করে দিলে।


আমাদের সাপের ঈশ্বর নেসার্ট আমাদেরকে পাঠিয়েছে তোমাকে বলতে যেন তোমরা আরও অনেক ইট তৈরী করো। হা, হা, হা।




যাত্রাপুস্তক ৭:১১


দেখ, এহৈ ঘচ্ছে তঠও গঠঙ্গ অঠএঠদেও গঠঙ্গগুডঔও গঙ্গে ঐণদ্ধ কওতে চঠচ্ছে।


তার সাপ
আমাদের একটা
সাপকে খাচ্ছে !


ঐ সাপটি আমাদের সাপটিকে সম্পূর্ণ গিলে ফেলেছে।


আমাকে আর বলো না, সেটা মোশির সাপ আবার **আর একটাকে** খেতে চেষ্টা করছে। এতে কিন্তু আমাদের সাপের **ঈশ্বর** নেসাট রাগান্বিত হবে।


আমার কবশ্বাস হচ্ছে না! তার সাপ (মোশির) আমাদের প্রত্যেকটা সাপ খেয়ে ফেলেছে।
এটা কিভাবে হতে পারে?




যাত্রাপুস্তক ৭:১২


আমি জানিনা
তুমি কিভাবে এটা করলে, তবে
এর জন্য আমি তোমাকে কিছু দেব
না। দশলক্ষ ক্রীতদাসদের ছেড়ে
দিব না। **আমার চোখের সামনে**
থেকে দূর হও।
যাত্রা পুস্তক ৭:১৩ পদ “আর ে
ৗরনের হৃদয় কঠিন হইল, তিনি
তাহাদের কথায় মনোযোগ করলেন
না, যেমন সদাপ্রভু বলে ছিলেন।”


ফৌরনের যাদুকরেরা যা করতে পারে এরকম চিহ্ন দিয়ে কেন যিহোবা আমাদের পাঠিয়েছেন ? আমরা কিছুক্ষণের জন্য সেখানে বোকা বনে গিয়েছিলাম ।
আমি জানি না, ঈশ্বর বলেছিলেন যে তিনি ফৌরনের হৃদয় কঠিন করতে যাচ্ছেন, আর এটাই ঘটছে এখন । তুমি কি দেখেছো যখন আমার লাঠি তার পোষা সাপগুলিকে খাচ্ছিল তখন সে কেমন পাগল হয়ে উঠেছিল ? যিহোবার সাথে কথা বলার জন্য আমাকে অবশ্যই জায়গা খুঁজে বের করতে হবে । কারণ আমি জানিনা এরপর আমকে আর কি করতে হবে ।

ঈশ্বর মোশির সঙ্গে দেখা করলেন এবং এর পর কি করতে হবে তা তাকে বললেন। মিশরীয়রা মোশিকে অবজ্ঞা করতে লাগলো। আর তার নিজের লোকেরা তাকে প্রত্যাখান করলো। কারণ ৌরন তাদের সঙ্গে আরও নিষ্ঠুর ব্যবহার করতে লাগলো। কিন্তু মোশি ঈশ্বরের প্রতি বিশ্বাস ও বাধ্য ছিলেন যদিও তিনি কিছু বুঝতে পারছিলেননা।




এখন ,এটা খুবই আকর্ষণীয় একটি চিহ্ন মোশি কিভাবে এটা করলো।
যাও, আমার যাদুকরদের আন, নীল নদের দেবতা তা হতে দেবে না।

যাত্রাপুস্তক ৭:১৫


দেখ ?
আমার যাদুকররা
তা করতে পারে। যাদু
দেখিয়ে তুমি আমাকে
ভুলাতে পারবেনা।


আমি আমার জীবনে এরকম কখনো দেখিনি। ঝরনা এবং ছোট ছোট পুকুরগুলির পানি পর্যন্ত সব রক্ত হয়েগেছে। সে তার ঈশ্বরের নাম কি বলেছে ?
কখনো তাদের বলতে শুনিনি যে সে আলাদা কিছু করতে পারে, কারণ আমাদের তো হাজার হাজার দেবতা রয়েছে। এতে নীল নদের দেবতা নিশ্চয়ই রেগে যাবে।


ঐ মোশি বলছে যে তার ঈশ্বরই একমাত্র ঈশ্বর।
একমাত্র ঈশ্বর, এটা একটা হাস্যকর ব্যাপার!


পানি রক্তে পরিণত হবার সাত দিন পর ঈশ্বর আবার মিশরের উপর বিচার আনলেন।
এবার ঈশ্বর পানিতে অসংখ্য ব্যাঙ সৃষ্টি করলেন।




যাত্রাপুস্তক ৭:২১


আমার
ঘর ব্যাঙে
মারীয়া ইলিশাবেতের সাথে প্রায় তিন মাস সেখানে থেকে গেলেন ।


ইতিমধ্যে ইলিশাবেতের সন্তান হওয়ার সময় চলে এলো।
সখরিয় নিশ্চিত ছিলেন যে পুত্র সন্তানই হতে চলেছে; যেমনটি স্বর্গীয় দূত তাকে বলেছিল।
সে এখানেই আছে।চল তাকে গিয়ে জিজ্ঞাসা করি।
ঠিকআছে, যদি পুত্র সন্তানই হয় আমার মনে হয় বাবার নাম অনুসারে তার নামও সখরিয় হবে।


সে বলেছিল যে স্বর্গীয় দূত তাকে বোবা করে দিয়েছিল কারন সে বিশ্বাস করেনি।
তুমি সন্তানের নাম কি রাখতে চাইছ ?
সে লেখার জিনিস চাইছে।


সে লিখে দিল
তার নাম হবে যোহন,যেমনটি স্বর্গীয় দূত তাকে বলেছিল।
কিন্তু
এই পরিবারে আগে কারো নাম যোহন ছিল না।


এটা অবশ্যই একটি ছেলে,তবে তার সারা শরীর লোমে ঢাকা।



তার নাম যোহন রাখা হলো যেমনটি প্রভু বলেছিলেন ।সে ইসরায়েলের মানুষদের কাছে মশীহকে প্রকাশ করবেন ।
সে কথা বলছে!অনেক মাস পর, সে আবার কথা বলছে!
তাহলে কি ভাববাদী এলিয়ের ভাববাণী পূর্ণ হলো?
লূক ১:৪১-৬৪



এই দিকে, যোসেফ মারীয়াকে ছেড়ে দিতে চাইল কারন সে জানত মারীয়ার গর্ভের সন্তান তার নয়।
মা, আমি এখনও বিশ্বাস করতে **পারছি** না এটা।মারীয়ার সাথে কোন পুরুষের সর্ম্পক নেই।সে সব সময় তার পরিবারের সাথেই থাকে, এবং সবাই জানে মারীয়া একজন ধার্মিক মেয়ে।আমি অবশ্যই এটা করি নি! **কিন্তু সত্য হলো সে এখন গর্ভবতী**।


ওহ!যোসেফ,তুমি এখন কি করবে?
আমি এখন তাকে বিয়ে করতে পারব না। তবে আমি লোক জানা জানি করতে চাই না।এই অপরাধের জন্য তাকে পাথর মারা হবে।আমাদের মনে হয় গোপনে বিয়েটা ভেঙ্গে দেওয়া উচিত।


সে কি বলেছে, এই সন্তানের বাবা কে?
সে বলেছে এই সন্তানের বাবা স্বয়ং ঈশ্বর,পবিত্র আত্মার শক্তিতে কোন শারীরিক সর্ম্পক ছাড়াই এই সন্তান তার গর্ভে এসেছে।


আহা!সে কি পাগল হয়েছে ?
সে বলেছে এই সন্তান ঈশ্বর পুত্র যে এই জগতের পরিত্রাতা হবে।
সে তো ধর্মহীন মেয়ের মতো কথা বলছে।আমি তাকে দূরে কোথাও রেখে আসব যত দ্রুত এবং যত নিরবে সম্ভব ।


ঐ রাতে যোসেফ ঘুমালে এক স্বর্গদূত আসল তার কাছে।
দায়ূদ পুত্র যোসেফ,মারীয়াকে স্ত্রী হিসেবে গ্রহন করতে ভয় করো না,পবিত্র আত্মার শক্তিতে সে গর্ভবতী হয়েছে। সে এক পুত্র সন্তানের জন্ম দেবে তুমি তার নাম রাখবে যীশু,সে তার নিজের লোকদেরকে তাদের পাপ থেকে মুক্ত করবে।


ঞযরং রং
ঃযব ভঁষভরষষসবহঃ ড়ভ ঃযব
ঢ়ৎড়ঢ়যবপু ড়ভ ওংধরধয: ৈঅ
ারৎমরহ রিষষ নব রিঃয পযরষফ ধহফ
নৎরহম ভড়ৎঃয ধ ংড়হ যিড় রিষষ
নব পধষষবফ ঊসসধহঁবষ, যিরপয
নবরহম রহঃবৎঢ়ৎবঃবফ রঙএড়ফ
রিঃয ঁ ঙ্চ


মারীয়া, তোমাকে অবিশ্বাস করার কারনে তুমি কি কখনও আমাকে ক্ষমা করতে পারবে ?
আমি জানি এ সবই সম্ভব ।ইসরায়েলের সমস্ত নারীদের মধ্যে এমন কি যুগের সমস্ত নারীদের মধ্যে ঈশ্বর আমাকে বেছে নিয়েছেন মশীহকে এই পৃথিবীতে আনতে !


এই সন্তান কেমন হবে ? যেহেতু সে রক্ত মাংসের ঈশ্বর, সেহেতু সে কি জন্ম থেকেই কথা বলতে পারবে ? সে কি জানবে কিভাবে পড়তে হয় ?
ওহ, যোসেফ,আমি জানি না,তবে ঈশ্বর জানেন ।আমাদেরকে অপেক্ষা করতে হবে এবং দেখতে হবে ।


আদিপুস্তক ৩:১৫; যিশাইয় ৭:১৪; মথি ১:১৮-২৩; লূক ১:৩২-৩৩
আমরা দুজনেই দায়ূদের বংশজাত, এবং স্বর্গীয় দূতের কথা মতো মশীহ হবে দায়ূদের বংশধর।
আমি যদিও অন্য কিছু ভাবছি। এদেন বাগানে সদাপ্রভু যে প্রতিজ্ঞা করেছিলেন যে,নারীর বংশধরের একজন সাপের মাথা নিজের পায়ে পিষে দেবেন।আমি এখন দেখতে পাচ্ছি ! এই সন্তান পুরুষের বংশধর নয় নারীর বংশধর।কত সুন্দর!সদাপ্রভু সব শুরু থেকেই পরিকল্পনা করে রেখেছিলেন।




যোসেফ এবং মারীয়া গালীলের নাজারাথে বাস করতে লাগলেন,কিন্তু ভবিষ্যৎবাণী অনুসারে মশীহর জন্ম হবে যিহুদিয়ার বেথলেহেমে (মীখা ৫:২ )। অতি শীঘ্রই এই ভুল শহরে মারীয়ার সন্তান প্রসবের সময় ঘনিয়ে আসল। তারা ঐ ভবিষ্যৎবাণী মানল না, এবং অনেক লম্বা ভ্রমণ করে বেথলেহেমে যাওয়ার কোন কারন খুঁজে পেলেন না।



যোসেফ তোমাকে তো বেথলেহেম যেতে হবে। তোমাকে তখন যেতে হবে যখন বাচ্চার জন্ম হবে।
যদি আমি না থাকি তবে লোকদেরকে বোঝানো যাবে না। আমি তোমাকে আমার সাথে নিয়ে যাবো।



মারীয়া,
আমি এই অবস্থায় তোমাকে এতো দূরের পথে নিয়ে যেতে পারি না। আমাদেরকে মনে হয় ফিরে যেতে হবে।
না, বাচ্চা হওয়ার সময় আমি তোমার সাথেই থাকতে চাই। অন্য কেউ বুঝতে পারবে না।


যদি তুমি পার আমাদেরকে দ্রুত নিয়ে চল। আমার মনে হয় সময় হয়ে আসছে।
১০০ মাইল ভ্রমণ করতে এক সপ্তাহেরও বেশি সময় লাগবে।
আমি দেখছি যদি কোন হোটেলে থাকার জন্য একটি কক্ষ পাওয়া যায়।


মারীয়া, আমি একজন ধাত্রী পেয়েছি যিনি আমাদের সাহায্য করতে পারবেন।
হোটেলে কোথাও কোন কক্ষ খালি আছে ?
না,সেগুলিতে কোন জায়গা নেই।


তোমার প্রথম বাচ্চার জন্য তুমি আরো ভালো কোন ব্যবস্থা করতে পারতে। দুঃখের বিষয় সে এখন গোয়াল ঘরে জন্ম নিলো।
আপনি এভাবে বলবেন না। সে একদিন এই জগতে রাজত্ব করবে।
ভালো, তবে আমার কাছে সে দেখতে একটি সাধারন বাচ্চার মতই দেখাচ্ছে।

লূক ২:১-৭


কী ? স্বর্গীয় দূত! হাজার হাজার স্বর্গীয় দূত !
স্বর্গে ঈশ্বরের গৌরব হোক,পৃথিবীতে যাদের উপর তিনি সন্তুষ্ট তাদের শান্তি হউক।
ভয় কোরো না,আমি তোমাদের কাছে এক আনন্দের সংবাদ নিয়ে এসেছি।আজ দায়ূদের বংশে তোমাদের মুক্তিদাতা জন্মেছেন। তিনিই যীশু মশীহ, তিনিই প্রভু।এই কথা যে সত্য তার চিহ্ন হলো- তোমরা যাবপাত্রে শোয়ানো কাপড়ে জড়ানো এক শিশুকে দেখতে পাবে।


তুমি কি বিশ্বাস করতে পারছো ? স্বর্গ দূতেরা আমাদের সাথে কথা বলেছে !
অপেক্ষা করো আমি আমার স্ত্রীকে বলি !
তুমি কি শুনেছো সে কি বলেছে ? ইসরায়েলে মশীহ জন্মেছেন ।


আমি তাকে দেখতে চাই।
একজন মুক্তিদাতা ! মানুষের শান্তিদাতা ! একটি ছোট শিশু ? চল যাই আমরা তাকে দেখে আসি।


মশীহ !
আপনাদের বিরক্ত করার জন্য আমরা দুঃখিত, কিন্তু স্বর্গ দূত আমাদেরকে আসতে বলেছে।
কে চিন্তা করেছিল ঈশ্বর এক শিশু রূপে আসবে ?
লূক ২:৮-২০


মারীয়া আর যোসেফের জন্য সময় হয়ে এলো প্রথম জন্মের সন্তান কে আইন অনুযায়ী পুরোহিতের কাছে নিয়ে উৎসর্গ করার।
যোসেফ, এটাই তার প্রথম মন্দিরে প্রবেশ হবে, এবং সেখানে কেউ জানে না যে যীশুই সেই খ্রীষ্ট।
এবং আমার মনে হয় আমাদের কাউকে জানানো উচিত হবে, তার বড় না হওয়া পর্যন্ত আমাদের অপেক্ষা করা উচিত।


শিমিয়ন তখন মন্দিরেই ছিলেন।
এই যে সে ! আমরা যার জন্য এতদিন অপেক্ষা করে আছি।
মারীয়া, তিনি কে ?
আমি জানি না, এখানে আমাদের কেউ চেনে না।


ওহ আমার ঈশ্বর তোমার অশেষ দয়া ।এখন আমি শান্তিতে মরতে পারব, আমি আমার মুক্তিদাতাকে দেখেছি,যেমনটি তুমি আমাকে বলেছিলে । অন্ধকার জাতির কাছে তিনি আলো হবেন আর ইসরায়েল জাতির কাছে গৌরবের বিষয় ।
কিন্তু আপনি কিভাবে জানলেন ?


আমার কথা শোন,এই শিশুটির জন্য ইসরায়েলের মধ্যে অনেকেরই পতন হবে আবার অনেকেই এর জন্য উদ্ধার পাবে, অনেকেই তার বিরুদ্ধে কথা বলবে।
হ্যাঁ, দুঃখ তোমার অন্তরে ছুরির মত আঘাত করবে যখন তুমি এ সব কিছু দেখবে।


দেখো !এই হলো মশীহ, তিনি তার নিজের মন্দিরে এসেছেন ।তিনিই সে ,ভাববাদীরা যার কথা বলেছেন ।
এ হলো আন্না,মশীহ আসার অপেক্ষায় তিনি তার জীবন কাটিয়েছেন ।


হে যুবক, এই শিশুটি হলো খ্রীষ্ট, এই জগতের মুক্তিদাতা। তিনি সমস্ত ইসরায়েল জাতিকে পাপ থেকে মুক্ত করবেন।
আন্না তাকে মুক্তির জন্য গড়ে তোলার কথাই বলেছিলেন।

লূক ২:২৭-৩৮

ইসরায়েলের পূর্ব দেশে
তিন জন পণ্ডিত ছিলেন
যারা পৌরাণিক বিষয় নিয়ে
পড়ালেখা করতেন এবং
তারা ঈশ্বরের অন্বেষণ
করতেন ।ভবিষ্যৎ বাণী
অনুসারে তাঁরাও জানতেন
মশীহ আসছেন । দ্বৈব শক্তির
মাধ্যমে স্বপ্নে ঈশ্বর তাদের
কাছে মশীহর জন্মের কথা
প্রকাশ করলেন ।তারপর
তাঁরা ইসরায়েল জাতির উপর
নির্দেশ করা একটি অসাধারন
তাঁরা খুঁজে পেলেন ।




ঐ সময়ে ইসরায়েলে কোন রাজা ছিল না রোম দ্বারা ইসরায়েল শাসিত হতো, কিন্তু রোমানদের দ্বারা জেরুজালেমের নতুন রাজা নিযুক্ত হয়েছিলেন রাজা হেরোদ। তিন পণ্ডিত নতুন জন্ম নেওয়া রাজার খোঁজ করতে হেরোদের কাছে গেলেন।
রাজা হেরোদ, পূর্ব দেশ থেকে তিন জন **ধনী ব্যক্তি** এসেছেন ।তাঁরা বলছে, তাঁরা ইসরায়েলের নতুন জন্ম নেওয়া শিশু রাজাকে খুঁজছে।
একটি শিশু ? একজন রাজা ? তাদেরকে ,প্রধান পুরোহিত এবং ধর্মশিক্ষকদের আমার কাছে নিয়ে এসো।



তোমরা বলছ তোমরা নতুন শিশু রাজাকে দেখতে এসেছো ? এমন কথা তোমরা কিভাবে জানলে ?
পূর্ব দেশে আমরা তার জন্মের নতুন তারা দেখেছি এবং আমরা তাকে প্রণাম করতে এখানে এসেছি।
কোথায় সে ?
আমরা নিশ্চিত ভাবে **জানি না** সে কোথায়। তাই আমরা আপনার কাছে এসেছি।
আমি পণ্ডিতদের নিমন্ত্রণ জানিয়েছি। আমরা জানতে পারব তারা এই বিষয়ে কি বলে।চল আমার সাথে গোপনে আমরা কথা বলি।



তাঁরা বলছে তাঁরা ইহুদী রাজাকে প্রণাম করতে এসেছে, ভবিষ্যৎ বাণী অনুসারে যে এসেছে এবং লোকদের উদ্ধার করবে। নতুন রাজার ব্যাপারে শাস্ত্রে কি লেখা আছে ?
হ্যাঁ, অনেক ভাববাদী তার আসার কথা বলেছে, কিন্তু আমরা বিশ্বাস করি না যে ভাববাদীদের সব কথা সত্যি হবে।
আমি তোমাদের নিজস্ব মতামত জানতে চাইনি। ভাববাদীরা আসলেই কি বলেছেন ?
ঠিকআছে, ভাববাদী মীখা বলেছিলেন যে যিহূদীয়া জাতির মধ্য থেকে বেথলেহেমে মশীহর জন্ম হবে।

মথি ২:১-৮; মীখা ৫:২




নতুন রাজা জন্মেছে শুনে হেরোদ খুব ভয় পেল, তাই সে নতুন রাজার খোঁজ পেলে তাকে মেরে ফেলার সিদ্ধান্ত নিল।


শিশুটি কোথায় জন্মেছে এই বিষয়ে কিছু তো জানত ঐ ধর্মশিক্ষকেরা । কিন্তু তাদেরকে কেমন উদাসীন মনে হলো তাদের নিজেদের ভবিবাদী সম্পর্কে ।
ইসরায়েলের ভাববাদীদের লেখা অন্যদের মতো নয়। আমি এর আগে এতো বিশদ ভবিষ্যৎ বাণী কোথাও দেখি নি।


দেখো ! সেই একই তারা যা আমরা পূর্ব দেশে দেখেছিলাম।
এবং এটি আমাদের দেখা অন্য তারার মতো নয়। তারাটি আর নড়ছে না এটি স্থির হয়ে গেছে এবং এটি অনেক বেশি উজ্জ্বল দেখাচ্ছে।
তারাটির অবস্থান নির্ণয় করো ,এবং আমরা আগামীকাল এটাকে অনুসরণ করবো।


সেখানে, ঐ ঘরের উপর তারাটি স্থির হয়েছে। কিন্তু এটা তো **বেথলেহেম নয়** ! অনেক সপ্তাহ পার হয়ে গেছে। মনে হয় তারা তাদের অবস্থান পরিবর্তন করেছে।


অনেক
পথ ভ্রমনের পর
আমরা প্রায় পৌছে
গেছি।
সত্যিই এই তারাটি
অদ্ভুদ। এটি মনে হয় মেঘ থেকে
অনেক বেশি উঁচুতে নয়।


আপনারা কিভাবে জানলেন ?
আপনাদের বিরক্ত করা আমাদের উদ্দেশ্য নয়,তবে আমরা অনেক দূর থেকে অনেক পথ ভ্রমণ করে এখানে এসেছি জন্ম নেওয়া নতুন রাজাকে দেখতে ও তাকে প্রণাম করতে।
আমরা পবিত্র ধর্মগ্রন্থ পড়েছি। আপনাদের ভাববাদীরাই তাঁর আসার কথা লিখে গেছেন,এবং একটি তারা আমাদের পথ দেখিয়েছে। তারাটি এখনও আপনাদের ঘরের উপরে অবস্থান করছে।




ঐ রাতে ঈশ্বর পণ্ডিতদের স্বপ্নে আসলেন এবং তাদেরকে বললেন তারা যেন হেরোদের কাছে গিয়ে শিশুটির বিষয়ে কোন খবর না দেয়,এবং তারা যেন অন্য পথ দিয়ে তাদের দেশে ফিরে যায়। এছাড়া ঈশ্বর যোসেফের সাথেও কথা বললেন তাকে জানালেন যে, হেরোদ শিশুটিকে মেরে ফেলার জন্য খুঁজছে তাই সে যেন শিশুটিকে নিয়ে মিশরে চলে যায়।


ঐ পূর্ব থেকে আসা পণ্ডিতেরা **আমাদের** ধোকা দিয়েছে। তারা অন্য পথে তাদের দেশে ফিরে গেছে।অর্থাৎ **তারা** শিশুটিকে খুঁজে পেয়েছে এবং এই রাস্তায় ফিরতে ভয় পেয়েছে।
আমার বিশেষ সৈন্য দলকে বেথলেহেমে পাঠাও। তাদেরকে বল **দুই বছরের নিচে সব শিশুকে** হত্যা করতে।



অনেক বছর আগে ভাববাদী গণ ভবিষ্যৎ বাণী করেছিলেন বেথলেহেমে এই মর্মান্তিক ঘটনা ঘটার।


যোসেফ এবং মারীয়া শিশুটিকে নিয়ে মিশরে চলে গেলেন। পণ্ডিতদের দেওয়া উপহার গুলো তাদের পথ খরচ এবং মিশরে দুই বছর থাকতে সাহায্য করল।
হেরোদের মৃত্যুর পর যখন যীশুর দুই বছর বয়স তখন ঈশ্বর তাদের পুনরায় ইসরায়েলে ফিরে যেতে বললেন যেন বাইবেলে লেখা এই কথা পূর্ণ হয়:”আমি আমার মনোনীত পুত্রকে মিশর থেকে বের করে নিয়ে আসব ।”


যখন তারা মিশর থেকে ফিরে আসল স্বর্গীয় দূত যোসেফকে নাজারথের ছোট গ্রামে যেতে বললেন যেন শাস্ত্রে লেখা এই কথাও পূর্ণ হয় যে তাকে নাজারেতীয় বলে ডাকা হবে।
আমার ঘরের পাঁচ জন পুরুষ কি কাজই করছে? তোমরা খেতে আস।
ঞযরং, ঃড়ড়, ধিং ধ ভঁষভরষষসবহঃ ড়ভ ঢ়ৎড়ঢ়যবপু, যিরপয ংধরফ ঃযধঃ যব ড়িঁষফ নব পধষষবফ ধ ঘধুধৎবহব.
যীশু তার পালক পিতা যোসেফের সাথে দোকানে কাঠের কাজ করতে লাগলেন। সে দেহ এবং মনে জ্ঞানী হয়ে বেড়ে উঠতে লাগলেন।
যিরমিয় ৩১:১৫; হোশেয় ১১:১; মথি ২:১৩-২৩


যখন যীশুর বারো বছর বয়স,যোসেফ তার পুরো পরিবার কে নিয়ে জেরুজালেম গিয়েছিল নিস্তার পর্ব পালন করতে ।তারা তাদের সাথে করে ভেড়া নিয়েছিল তাদের পাপ মোচন করার জন্য ।
যীশু,তুমি ভেড়া নিয়ে পন্ডিতদের কাছে যাও । আগামীকাল উৎসর্গ অনুষ্ঠানের আগে তারা তা গ্রহণ করবে । রাত কাটানোর জন্য আমাদেরকে কোথাও জায়গা খুঁজতে হবে ।
বাবা,আমি কি যীশুর সাথে মন্দিরে যেতে পারি ?

উৎসর্গ অনুষ্ঠানের কয়েকদিন পর।




কিন্তু সে জানত আমরা চলে যাচ্ছি। আমি ভেবেছিলাম সে হয়ত আমাদের কোন আত্মীয়ের সাথে আছে।
আমাদেরকে ফিরে যেতে হবে এবং তাকে খুঁজতে হবে।


আপনারা সবাই বিশ্বাস করেন মশীহ দায়ূদ **পুত্র,যেমনটি ভাব**বাদীরা বলেছেন ।আপনারা এটাও মানেন যে দায়ূদ তাকে প্রভু বলবে,যেন **মশীহই তার** ঈশ্বর । তাহলে একই সাথে তাকে দায়ূদ পুত্র এবং প্রভু কিভাবে বলা যায় ?
তোমাকে অবশ্যই **প্রতিটি** কথা যুক্তি দিয়ে বিচার করতে হবে,না হয় তা ধর্মনিন্দা হয়ে যাবে ।
তোমার বুদ্ধিদীপ্ত ব্যাখ্যা গুলো সঠিক ।কিন্তু জ্ঞানীরা এই গভীর সত্য বুঝতে আরো **বেশি** যোগ্য ।


যিশাইয় ৯:৭; লূক ২:৪২-৪৬; ২য় তিমথীয় ৩:১৬-১৭
তাহলে কি বলা যায় ভাববাণী সত্য **না** মিথ্যা ।তাহলে কি **আমরা** আমাদের অন্ধ ধর্ম বিশ্বাস গ্রহণ করব ?
সে ওখানে ।
*সত্য কি সবসময় গভীর নয় ?*শাস্ত্রের সব কথা আমাদের বুদ্ধি দিয়ে বোঝা *যায় কি ?*
কিন্তু তুমি কোন কিছুই সোজাসুজি **মেনে নিতে** পার না ।আমাদের ধর্ম গুরুরা বলেছেন......


যীশু আমরা তোমাকে সব জায়গায় খুঁজেছি ।কেন তুমি আমাদের সাথে এমন করলে ?
সে গত দুই দিন ধরে আমাদের সাথেই আছে। সত্যিই তোমার ছেলেটি অসাধারন।


কেন তোমরা
আমাকে খুঁজছিলে ?
তোমরা কি জান না যে
আমাকে আমার পিতার
ঘরেই থাকতে হবে ?


ধর্মশাস্ত্র বিষয়ে এতো জানা বালককে আমি এর আগে আর কখনও দেখি নি।
সে কেন বলল তাকে তার পিতার ঘরেই থাকতে হবে ? যে তাকে খুঁজতে এসেছিল সে কি তার পিতা নয় ?


যীশু তার মা বাবার সাথে ফিরে আসল এবং তাদের কথার বাধ্য থাকল। সে আবার দোকানে কাঠের কাজ শুরু করল এবং জ্ঞানে বয়সে বৃদ্ধি পেতে লাগল।
সবাই তাকে খুব পছন্দ করত কারন সে সব সময় ন্যায়পরায়ন ছিল এবং ভালো কাজ করত। তার বয়সের যুবকরা যখন পাপের পথে যেত তখন যীশু ঈশ্বরের সমস্ত আদেশ হৃদয় দিয়ে পালন করত।


ডযবহ ড়ঃযবৎ ুড়ঁহম সবহ বিৎব ভধষষরহম রহঃড় ংরহ, ঔবংঁং ধিং ড়নবুরহম ধষষ ঃযব পড়সসধহফসবহঃং ড়ভ এড়ফ ভৎড়স যরং যবধৎঃ.
তুমি সবসময় অনেক বেশি **সুন্দর, এবং এই নাজা**রেথে তোমার মতো ভালো **কাঠ** মিস্ত্রী আর কেউ নেই ।আমি এ রকম আরো ছয়টি নেবো ।
লূক ২:৪৬-৫২



মনে রেখো যে মারীয়ার ছয় মাস আগে ইলিশাবেত একটি পুত্র সন্তানের জন্ম দিয়েছিল। স্বর্গ দূতের কথা মতো সখরিয় তার নাম রেখেছিল যোহন,এবং সে লোকদের অন্তর প্রস্তুত করবে মশীহর আসার জন্য। ৫০০ বছর আগে ভাববাদীগণ কয়েকবার এই ভবিষ্যৎ বাণী করেছিলেন।
তোমরা পাপ থেকে মন ফিরাও **ঈশ্বরের পথে** ফিরে **এসো,কেননা** স্বর্গরাজ্য সন্নিকট। যদি তোমরা মশীহকে গ্রহণ করতে প্রস্তুত হও তবে এসো আমি তোমাদেরকে জলে বাপ্তিস্ম দেব।


কিন্তু আমার পরে যে আসবে সে তোমাদেরকে শুধুমাত্র জলে নয় বরং পবিত্র আত্মাতে বাপ্তিস্ম দেবেন। পাপ থেকে মন ফিরাও দেরী হয়ে যাবার আগে।
যোহন, বলে দাও আমরা কি করব ? ঈশ্বর কিভাবে আমাদের ন্যায়ের পথে ফিরিয়ে নেবেন ?


যদি তোমার দুটি জামা থাকে এবং তুমি এমন কাউকে দেখো যার একটি ও জামা নেই তবে তোমার একটি জামা তাকে দিয়ে দাও, যদি তোমার খাবার থাকে এবং অন্য কেউ ক্ষুধার্ত থাকে তবে তাকে খাবার দিয়ে দাও।
সবার সাথে ন্যায় বিচার করবে।


যোহন,আমরা যারা রাজার হয়ে কাজ করি ঈশ্বর কি আমাদের দয়া করবেন ? আমি একজন কর আদায়কারী, আর নাবাল একজন সৈন্য ।
ঘুষ নিও না ।আইনে যা লেখা আছে তার বেশী কর আদায় কোরো না ।সৎ এবং ন্যায্য ভাবে লেনদেন কোরো ।


আমি আপনার জাতির লোক না তবে আমি ঈশ্বরের দয়া পেতে চাই, আমার কি করা উচিত ?
অত্যাচার করো না, অন্যায় ভাবে কারো অর্থ বা সম্পদ আদায় করো না। নিজেদের বেতনে সন্তুষ্ট থেকো।





মীখা ৩:১; লূক ৩:২-১৮, ৭:২৪,২৭


তুমি কে ? **তুমি**ই কি সেই প্রত্যাশিত মশীহ্ যার আসার কথা ছিল ? নিজের সম্পর্কে তুমি *কি বল* ?
আমি মশীহ নই ।
তুমি কি সেই ভাববাদী মোশী যার **বিষ**য়ে বলেছিল, যার আসার কথা ছিল লোকদের ঈশ্বরের *দিকে ফিরাতে?*
না,আমি হচ্ছি সেই কণ্ঠস্বর যার বিষয়ে **ভাববাদী** যিশাইয় বলেছিলেন,” মরু এলাকায় একজনের কণ্ঠস্বর শোনা যাচ্ছে, তোমরা প্রভুর পথ প্রস্তুত কর তার আসার পথ সোজা কর ।”


তাহলে তুমি **কোন** অধিকারে আমাদের ধর্মের লোকদের বাপ্তিস্ম দিচ্ছ ?
আমি শুধুমাত্র একজন বার্তা বাহক, যে মশীহ আসার পথ প্রস্তুত করছে ।কিন্তু তোমরা *সাপের বংশধরেরা* । তোমরা মনে করো তোমরা আব্রাহাম আর দায়ূদের বংশের তাই তো**মরা ঈশ্ব**রের সন্তান। তোমরা পাপ,অহংকার **এবং** দাম্ভিকতা থেকে মন ফিরাও । গাছের গোড়ায় কুড়াল লাগানোই আছে, যে গাছে ভালো ফল দেবে না তা কেটে আগুনে ফেলে ধ্বংস করা হবে।


ণড়ঁ হববফ ঃড় ঢ়ঁঃ ধধিু ড়ঁৎ ংরহং ড়ভ *ঢ়ৎরফব* ধহফ **ধৎৎড়মধহপব.** এঁযব ধী রং ষধরফ ঃড় ঃযব ৎড়ড়ঃ ড়ভ ঃযব ঃৎববং, ধহফ ুড়ঁ রিষষ নব পঁঃ ফড়হি ধহফ পধংঃ রহঃড় ঃযব ভরৎবং ড়ভ ফধসহধঃরড়হ রভ ুড়ঁ ফড় হড়ঃ পযধহমব ুড়ঁৎ যবধৎঃং.


যোহন, তুমি বলছ মশীহ আসছে। আমরা কিভাবে বুঝব যে সে কখন আসবে ?
স্বর্গীয় দূত আমাকে বলেছিল যে, যার উপরে কবুতরের আকারে পবিত্র আত্মা **নেমে আসবে সেই হবে ইসরায়েলের** মশীহ, জগতের মুক্তিদাতা।


যোহন ছয় মাস ধরে লোকদের মধ্যে প্রচার করছিল , এবং যীশুর তখন ত্রিশ বছর বয়স।
আমি জানি সেই সময় চলে আসছে । স্বর্গদূত গাব্রিয়েল আমাকে বলেছিল, আমাকে গভীর দুঃখের ভিতর দিয়ে যেতে হবে। আমি মনে করি তোমার পিতা অর্থাৎ তোমার পালক পিতা যেন ততদিন জীবিত থাকেন।
তুমি কি করবে ? কিভাবে শুরু করবে ? তুমি কি মন্দিরে চলে যাবে ?
আমি জানি না। আমার স্বর্গীয় পিতাই আমাকে পথ দেখাবেন। প্রথমে আমাকে যোহনের কাছে যেতে হবে এবং বাপ্তিস্ম নিতে হবে। নতুন জন্মের জন্য সে অনেককেই প্রস্তুত করছে।




যিশাইয় ৪০:৩; মথি ৩:১-১২; লূক ৩:১৫-১৮,২৩; যোহন ১:১৯-২৭,৩৩


মশীহ আসছে তোমরা প্রস্তুত হও ।পিতা অবশ্যই তার সন্তানদের মন পরিবর্তন করবেন । এবং তুমি জ্ঞানী হবে তুমি তোমার শক্তি এবং সময় পিতার কাছে উৎসর্গ কর ।তোমার অবাধ্য সন্তানরা যদি তোমার আনুগতা দেখে মন পরিবর্তন করে তবে তুমি ও তোমার পরিবার অবশ্যই উদ্ধার পাবে ।
যদি এই তোমার হৃদয় হয়,এবং মশীহ আসলে তুমি তাকে অনুসরণ করতে চাও তবে জলে এসো আমি তোমাকে বাপ্তিস্ম দেবো এবং তুমি অনুশোচনা কর যেন মশীহ এসে তোমার পাপ ক্ষমা করেন ।


যোহন,তুমি কি আমাকে বাপ্তিস্ম দেবে ?
এটা আরো বেশী সঠিক হবে যদি আপনি **আমাকে** বাপ্তিস্ম দেন ।**আপনি** সত্যিই একজন ধার্মিক **ব্যক্তি** ।
যোহন আমাকে অবশ্যই আমার পিতার আইন মানতে হবে ।পিতা তার নিজের লোকদের জন্য যে আদেশ দিয়েছেন আমাকে তা মানতে হবে ।








মথি ৩:১৩-১৭; লূক ৩:২১-২২



আপনিই সেই মশীহ! আমি যাকে দেখব।


তুমি আমার প্রিয় পুত্র তোমার উপর আমি খুবই সন্তুষ্ট।
এই যে সেই মেষশাবক যিনি সমস্ত জগতের পাপ নিজের কাঁধে নেবেন।



লূক ৩:২২; যোহন ১:২৯-৩৪; ১ম যোহন ২:১-২


এই সময় তাকে প্রথমে পরীক্ষায় সফল হতে হবে।
সে কোথায় যাচ্ছে ? সে কি তার জাতিকে উদ্ধার করতে যাবেন না ?
কিসের পরীক্ষা ?
যে পরীক্ষায় আদম এবং তার বংশধররা অসফল হয়েছে। তাকে অবশ্যই অন্ধকারের রাজার সাথে সাক্ষাৎ করতে হবে।


পিতা ঈশ্বর তার পুত্রকে আদেশ করেছিলেন চল্লিশ দিন উপবাস করতে ।এই সময়ে সে কোন প্রকার খাবার গ্রহণ করেননি যেহেতু সে দুর্বল হয়ে পড়েছিলেন,তাই শয়তান তাকে প্রলোভন দেখানোর চেষ্টা করে, যেন সে তার ক্ষুধা মেটায় এবং ঈশ্বরের অবাধ্য হয় ।
প্রথম পুরুষ,আদম,যে ঈশ্বরের অবাধ্য হয়ে স্বর্গে থ
াকার অধিকার হারিয়েছিল ।যদিও যীশু চিরন্তন ঈশ্বর তবুও রক্ত মাংসের মানুষ হওয়ায় তাকে এই পরীক্ষার ভিতর দিয়ে যেতে এবং সফল হতে হবে যেখানে অন্যরা লোভের এই পরীক্ষায় সফল হতে পারে নি ।

উপবাসের চল্লিশ দিনের শেষে,যীশু অনেক ক্ষুধার্ত ও দুর্বল হয়ে পড়ল। সে তখন বুঝতে পারল ক্ষুধা এবং দারিদ্রতা কেমন যখন তোমার শরীর খাবার জন্য কিছুই পায় না। সে তখন বুঝতে পারল একা থ াকা,বিষন্নতা,দুর্বলতা এবং অসুস্থতা কেমন হয়।



অনেক দিন ধরেই শয়তান যীশুর মনে সন্দেহ এবং ভয় জাগানোর চেষ্টা করছিল।এই পরীক্ষার সময় যখন শেষ হয়ে আসছিল এবং যীশু যখন খুবই দুর্বল হয়ে পড়েছিল ঠিক সেই সময় শয়তান একটি পরিকল্পনা করল, সে যীশুর সামনে আসল।






মথি ৪:১-৩; লূক ৪:১-৩;
রোমান ৩:২৩; ইব্রীয় ৪:১৫


শয়তান প্রথম পুরুষ আদমকে নিষিদ্ধ খাবার খাওয়ার লোভ দেখিয়ে পাপে ফেলেছিল। সে এখনো সেই একই লোভ দেখাতে চায় দুর্বল ও ক্ষুধার্ত মানব পুত্রের উপর।
এটা সত্যিই একটি লোভনীয় প্রস্তাব সেই মানুষের জন্য যে চল্লিশ দিন ধরে কোন খাবারই খায় নি।


তুমি যদি ঈশ্বর পুত্র হও তবে এই পাথর খন্ডটিকে রুটি হয়ে যেতে বল যা খেয়ে তোমার ক্ষুধা নিবারন হবে।


না,আমি
তা করব না,শাস্ত্রে লেখা আছে
মানুষ কেবল রুটিতেই বাঁচে না,কিন্তু
ঈশ্বরের বাক্যেই বাঁচে।
আমার সাথে এসো,আমি
তোমাকে এমন জায়গায় নিয়ে
যাব যেখানে তুমি ঈশ্বরের বাধ্য
হয়েছিলে।


যদি তুমি এখান থেকে লাফ দেও তাহলে স্বর্গদূতরা এসে তোমাকে ধরে ফেলবে , লোকেরা তা দেখলে তারা তোমাকে মশীহ বলে মেনে নেবে,এবং আমি জানি তুমি সে জন্যই এখানে এসেছো। শাস্ত্রে লেখা আছে, ঈশ্বর তার দূতদের তোমার বিষয়ে আদেশ দেবেন ,তাঁরা তোমাকে হাত দিয়ে ধরে ফেলবেন যেন তোমার পায়ে পাথরের আঘাত না লাগে। এখনই সময় তোমার শক্তি প্রকাশ করার।
শাস্ত্রে এ ও লেখা আছে, তুমি তোমার প্রভু ঈশ্বরকে পরীক্ষা কোরো না।
মথি ৪:৩-৭


এখান
থেকে যতদূর আমরা দেখতে পাচ্ছি সবই এই
জগতের রাজ্য । এগুলো কি সত্যিই সুন্দর নয় ? আদমের সময়
থেকে তোমার আসা পর্যন্ত আমিই এ জগত শাসন করেছি ।লোকেরা
বারবার এটা আমাকে দিয়েছে ।এ সবই আমার ।আমি এই জগতের রাজা
,তুমি নও । কিন্তু এ সবই আমি তোমাকে দিতে পারি ,একটি শর্তে ।যদি তুমি
আমার সামনে হাঁটু দেও এবং আমাকে প্রণাম কর,তবে এ সবই আমি
তোমাকে দেব । তুমি এ জগত শাসন করবে এবং সবাই তোমার
হবে ।তুমি কি বল?


শাস্ত্রে লেখা আছে,”
তুমি তোমার প্রভু ঈশ্বরকেই
ভক্তি করবে কেবল তারই সেবা
করবে ।”তুমি পরাজিত হয়েছ
এখন দূর হও শয়তান ।
শয়তান খ্রীষ্টের সামনে থেকে পালিয়ে গেল ।মানুষের
ইতিহাসে এই প্রথম বার শয়তান এমন মানুষের
সামনে এসছিল যে ঈশ্বরের সাথে বিশ্বাস ঘাতকতা
করেনি । যীশু পরীক্ষায় সফল হয়েছিল ।এই জগত
এমন মানুষ দেখল যে সত্যিই ঈশ্বরের বাধ্য ।

চল্লিশ দিন উপবাসের পর
যীশু সত্যিই অনেক বেশী
দুর্বল হয়ে পড়েছিলেন।



স্বর্গদূতরা খাবার এবং জল নিয়ে এসে যীশুর সেবা করল ।যখন তার শরীরে আবার শক্তি ফিরে আসল, তিনি ঐ জায়গায় ফিরে গেলেন যেখানে যোহন ধর্মপ্রচার করছিলেন ।



মথি ৪:৮-১১; লূক ৪:১৪


অধ্যায় ৯:
ঔঠথডএক
ঈডওচর্ঐঠ


দেখ,সেই মেষ শিশু এখানে আসছে যিনি সমস্ত জগতের পাপ নিজের কাঁধে নিবেন।
ইনিই সেই মশীহ !
তিনি সে ভাববাদীরা যার কথা বলেছিলেন।
তিনি কি করবেন ?


কিন্তু আমি আপনাকে ছাড়তে পারব না, প্রভু ।
যীশুকে অনুসরন করো ।
আমি তোমার প্রভু নই্ আমাকে অবশ্যই সরে যেতে হবে এবং তাকে বেড়ে উঠতে হবে ।তিনি সত্যিই মশীহ,এই জগতের মুক্তিদাতা ।তাকে অনুসরন করো ।


প্রভু আমরা আপনাকে অনুসরন করতে চাই এবং আপনার শিষ্য হতে চাই ।আপনি কোথায় থাকেন ?
এসো এবং দেখো ।


ফিলিপ, আমাকে অনুসরন করো।
হ্যাঁ প্রভু,আমরা আপনার আসার অপেক্ষা করেছিলাম।কিন্তু আমাকে প্রথমে যেতে হবে নথনেলকে খুঁজতে।
সেও ঈশ্বরের দেওয়া সমস্ত আইন কানুন মানে এবং মশীহ আসার অপেক্ষায় আছে।




যোহন ১:৩৫-৩৯,৪৩-৪৫,৩:৩০-৩১


নথনেল,তুমি কোথায় ?
ভাই আমার,আমি এখানে।
নথনেল,আমরা তাকে **খুঁজে পেয়েছি**,মোশী এবং ভাববাদীরা যার কথা বলেছিলেন,নাজা**রথের** যীশু,মারীয়ার ছেলে।


মশীহ?তুমি **তার** সাথে কথা বলেছ?কিন্তু নাজারেথ?নাজারেথ **থেকে ভাল** কিছু এর আগে কখনও আসে নি ।মশীহ কিভাবে এমন একটি দরিদ্র এবং অবহেলিত জায়গা থেকে আসতে পারে ? তার তো যিহূদিয়ার বেথলেহেমে জন্ম নেওয়ার কথা ছিল ।
এসো এবং তুমি নিজেই দেখো । **ভাববাদী** যোহন তার বিষয়ে নিশ্চিত করেছেন,এবং আন্দ্রিয় ও তার সাথে আছে ।


সত্যিই, তিনি একজন পবিত্র হৃদয়ের ইসরায়েলীয়।
ফিলিপ তুমি কি তাকে আমার বিষয়ে কিছু বলেছ ?
কিছুই না।


আপনি তো আমাকে জানেন না,তাহলে কি ভাবে বললেন আমার হৃদয়টা পবিত্র ?
ফিলিপ তোমাকে ডাকতে যাওয়ার আগেই যখন তুমি সেই ডুমুর গাছের নিচে বসে ছিলে আমি তখনই তোমাকে দেখেছি।
আপনি কিভাবে দেখলেন আমাকে ? কেউ জানত না আমি কোথায় ছিলাম ?


আপনি সত্যিই ঈশ্বর পুত্র,আপনি ইসরায়েলের রাজা ।
তোমাকে ডুমুর গাছের তলায় দেখেছি , এই কথা বলার জন্যই কি আমাকে বিশ্বাস করেছো ? আমি তোমাকে বলছি তুমি এর চেয়ে ও আরো অনেক মহৎ কাজ দেখবে । তোমরা স্বর্গ খুলে যেতে দেখবে এবং আমার কাছে স্বর্গ দূতদের উঠতে ও নামতে দেখবে ।এসো, আমাদের অনেক কাজ আছে।
যোহন ১:৪৫-৫১


আন্দ্রিয় ও তার ভাইকে খুঁজে বের করল এবং তাকে মশীহর কথা বলল।
শিমোন, আমরা মশীহকে পেয়েছি যার বিষয়ে যোহন বলেছিলেন।
কখন? কোথায়? কারা তাকে অনুসরন করছে?
এসো এবং দেখো।


তুমি যোহনের ছেলে শিমোন,তোমাকে পিতর বলে ডাকা হবে।
আমি আমার নৌকাটি আমার পরিবারের কাছে দিয়ে এসে আপনার শিষ্য হবো।


শীঘ্রই যীশু বারোজনকে খুজে নিলেন যারা তাকে অনুসরন করল
এবং তিনি তাদের শিক্ষা দিতে লাগলেন ।তাদেরকে বারোজন
শিষ্য বলে ডাকা হতো ।তারা শহর থেকে শহরে যেতে লাগলেন
এবং ঈশ্বরের রাজ্যের সুখবর প্রচার করতে লাগলেন ।


যীশু এবং তার শিষ্যরা মন্দিরে গেলেন প্রার্থনা করতে,কিন্তু সেখানে লোকদের বেচা কেনার জিনিস দিয়ে পরিপূর্ণ ছিল।
কেন আমি আমার টাকা মন্দিরে দেওয়ার আগে বদল করব ? মনে হচ্ছে তুমি সম্পূর্ণ লাভ চাইছ।
পুরোহিতেরা সব ছলনাকারী। তারা মন্দিরের ভিতরে লাভের আশায় বেচা কেনা করছে।
পুরোহিতেরা এটিকে সমর্থন করেছে।
যোহন ১:৪০-৪২,২:১২-১৪; মার্ক ৩:১৬


তিনি কি করছেন ? তিনি প্রায় এক ঘন্টা ধরে ঐ জায়গায় দাড়িয়ে আছেন, কিছুই বলছেন না,কেবল ঐ দড়ি পেঁচিয়ে কিছু তৈরী করছেন ।
আজকের মতো যথেষ্ট লাভ হয়েছে ।বেঁচে থাকার জন্য কাজ করার চেয়ে এই অনেক ভালো ।


একটি চাবুক!তিনি চাবুক তৈরী করছেন!


আমার পিতার ঘর হবে উপাসনার জায়গা,কিন্তু তোমরা এটাকে চোরেদের থাকার জায়গা বানিয়েছ ।পরিষ্কার কর সব । এখনি!
তার পিতার ঘর!সে নিজেকে কি মনে করে ?মশীহ ?


আমার
পিতার ঘরকে ব্যবসার
ঘর করো না ।তোমরা
সব শয়তানের
বংশধরেরা ।
ক্রাস !
যোহন ২:১৫-১৬




মথি ৬:৫-৭, ১২:৩৪; যোহন ২:১৫-১৬; ১ম তিমথীয় ৬:১০


ক্রাস !
ব্যা !
তোমরা লোক দেখানোর জন্য লম্বা প্রার্থনা কর।
তোমরা তোমাদের প্রতিবেশীকে ভালোবাসো না;তোমরা তোমাদের প্রতিবেশীদের টাকা ভালোবাসো।
ধপাস !


পরবর্তীতে তোমরা আমরা পিতার ঘরে নিজেদের পাপের জন্য অনুশোচনা করতে আসবে।


তোমার কি মনে আছে যে দায়ূদ তার সাবধান বাণীতে মশীহ সম্পর্কে কি বলেছিলেন ?
তুমি জানো,ধর্মশাস্ত্র আমাদের জানায় যে,মশীহ তার মন্দিরে হঠাৎ করেই প্রবেশ করবেন।
হ্যাঁ,”আমার **শত্রুরা** তোমার বাক্য ভুলে গেছে বলে তোমার সম্মান রক্ষার জন্য গভীর আগ্রহ আমাকে পেয়ে বসেছে।”


আমি ধরে নিলাম যোহন যার কথা বলেছে,তুমিই সেই নাজারথের যীশু ।তুমি আজ অনেক ক্ষতি করেছ ।তোমার যে এ সব করার অধিকার আছে তার প্রমাণ স্বরূপ তুমি কি আমাদের কোন আশ্চর্য কাজ বা চিহ্ন দেখাতে পারো ?
চিহ্ন হবে এই যে,আপনারা ঈশ্বরের ঘর ভেংগে ফেলুন আমি তিন দিনের মধ্যে আবার তা উঠাবো ।





গীতসংহিতা ৬৯:৯, ১১৯:১৩৯; যোহন ২:১৭-২২


যীশু এবং তার শিষ্যরা জেরুজালেম ছেড়ে নাজারথের উত্তর দিকে গেলেন,যীশুর নিজের শহরে ।
ওহ,যীশু,তুমি বাড়ি ফিরে এসেছো ।তোমার বন্ধুদের নিয়ে এসো আমরা তোমাদের জন্য ভালো খাবারের আয়োজন করব ।
মা,আমরা এখানে অল্প সময়ের জন্য এসেছি ।বিশ্রামবার পর্ব পালন করতে ।




বিশ্রামবার হলো সপ্তাহের একটি ধর্মীয় দিন যা ঈশ্বর নিজেই প্রতিষ্ঠিত করেছিলেন,মোশীকে দেওয়া দশ আজ্ঞার মধ্য দিয়ে। (আদিপুস্তক ২:২-৩;যাত্রাপুস্তক ২০:১০ )। লূক ৪:১৬-২১


যীশু ভাববাদী যিশাইয়ের ধর্মশাস্ত্র খুলে সেই জায়গা পেলেন যেখানে মশীহর বিষয়ে বলা ছিল।
”ঈশ্বরের আত্মা আমার উপরে আছে,কেননা তিনি আমাকে পাঠিয়েছেন যেন আমি বন্দীদের কাছে সুখবর প্রচার করি,অন্ধদের কাছে দেখতে পাবার কথা ঘোষনা করি, যারা অত্যাচারিত হচ্ছে তাদের মুক্ত করি, কেননা প্রভুর দয়া দেখাবার সময় হয়েছে।”


পবিত্র শাস্ত্রের এই কথা আজ আপনারা শুনবার সাথে সাথেই তা পূর্ণ হলো।


এমন ধর্মহীনতা!
তুমি একজন কাঠমিস্ত্রীর ছেলে।
আপনারা শান্ত হন।আমরা চলে যাচ্ছি।
ওকে পাথর ছুঁড়ে মেরে ফেল। সে নিজেকে মশীহ দাবি করছে!


যীশু এবং তার শিষ্যরা কফরনাহূম শহরে আসলেন। এটিকে ঝিলের শহর বলা হয়,যেখানে যীশুর কিছু শিষ্যরা বাস করতেন।তারা পুনরায় ইহুদী সমাজঘরে গেলেন।


ভাববাদীরা বলেছেন যে মশীহ হলো ইহুদীদের কাছে আলো এবং তারা তাকে বিশ্বাস করবে। যে লোক পবিত্র হৃদয় নিয়ে ঈশ্বরকে গ্রহণ করে, ঈশ্বরকে সে দেখতে পায়।ঈশ্বর কাউকেই ফিরিয়ে দেয় না যে বা যারা তার কাছে আসে।সে যীহূদী হোক বা অযীহূদী হোক।
ঈশ্বরের সেই পবিত্র জন ! আমাদেরকে ছেড়ে চলে যান।


আমি জানি আপনি কে ।আপনি ঈশ্বরের সেই পবিত্র জন ।
তাকে মন্দ আত্মায় পেয়েছে ।তাকে এখান থেকে নিয়ে যাও ।


আপনি কি সময়ের আগেই আমাদের ধ্বংস করবেন? আমাদেরকে ছেড়ে দিন ।আমরা আপনার সাথে থেকে কি করবো ?
ওকে এখানে কে এনেছে ? দেখো! সে তো ভয়ংকর ।




লূক ৪:২৮-৩৫


ইব মড়হব!
ইয়াহহহহ!


তুমি এর সাথে কি করলে?
সে কি মারা গেছে ?


হঠাৎ সে নিজের পায়ে উঠে দাড়ালো।
ঈশ্বরের গৌরব হোক !
মন্দ আত্মা তোমাকে ছেড়ে গেছে।এখন তোমার নিজের পথে যাও।আর কখনও পাপ করো না।
যীশু মন্দ আত্মাদের উপর নিজের অধিকার প্রতিষ্ঠা করলেন।লোকটি এখন সম্পূর্ণ সুস্থ।


পিতর তোমার স্ত্রী তোমাকে বাড়িতে যেতে বলেছে ।কেননা তার মায়ের জ্বর হয়েছে এবং সে অসুস্থ ।
আমরা যাবো ।


ওহো, **পিতর,** আমার স্বামী ।আমি ভীষন ভয় পাচ্ছি ।জ্বর কেবল বেড়েই চলেছে ।
ভয় করো না,**গুরু আমাদের** সাথেই আছেন ।


উঠুন,মা,আপনার অসুস্থতা আপনাকে ছেড়ে গেছে।




মার্ক ১:২৫-৩০;লূক ৪:৩৫-৩৮


লোকদের সুস্থতার কথা চারিদিকে ছড়িয়ে পড়লো ।এবং তারা অনেক অসুস্থকে তার কাছে আনতে লাগল ।
প্রভু, আমার বাবা পক্ষাঘাতে আক্রান্ত যখন আমি অনেক ছোট তখন থেকে । গাছ থেকে পড়ে গিয়ে তার কোমর ভেংগে গেছে্ ।দয়াকরে আমাদের সাহায্য করুন ।
ওঠো এবং হেঁটে বেড়াও ।


ঈশ্বরের গৌরব হোক !




মার্ক ১:৩০-৩৪; লূক ৪:৩৮-৪০



ধর্মশাস্ত্র বলে,’অন্ধরা দেখার আলো **ফিরে** পাবে।”তোমার মেয়ে দেখতে **পাচ্ছে**।


বাবা ,এটা কি তুমিই ?


ওহবাবা,আমি জানতাম না তুমি দেখতে কেমন ।কিন্তু আমার কল্পনার থেকেও তুমি অনেক বেশী সুন্দর ।


যীশু এবং তার শিষ্যরা পর্বের দিনগুলোতে জেরুজালেমে গেলেন এবং মন্দিরে গিয়ে তিনি লোকদের শিক্ষা দিতে লাগলেন।
যখন কেউ তোমাকে অভিশাপ দেয় তুমিও তকে অভিশাপ দিও না,কিন্তু তার জন্য প্রার্থনা করো ।**লোকদের** সাথে তেমন ব্যবহার করো যেমন তোমরা তাদের থেকে আশা করো। যখন লোকেরা তোমার বিরুদ্ধে ষড়যন্ত্র করে,তখন তুমি তাদের ক্ষমা করো। তুমি প্রচুর আশীর্বাদ পাবে যদি তোমার হৃদয় পবিত্র হয়,এবং স্বর্গীয় পিতাকেও দেখতে পাবে।যদি তোমরা শান্তি পূর্ণ ভাবে একে অন্যের সাথে বাস কর তবে তোমরা অনেক আশীর্বাদ পাবে।
ডযবহ সবহ পড়সসরঃ ধ ঃৎবংঢ়ধংং ধমধরহংঃ ুড়ঁ, ুড়ঁ ংযড়ঁষফ **ভড়ৎমরাব** ঃযবস. ণড়ঁ রিষষ নব নষবংংবফ রভ ুড়ঁ যধাব ধ **ঢ়ঁৎব যবধৎঃ,** ভড়ৎ ুড়ঁ রিষষ ংবব এড়ফ. ওভ ুড়ঁ সধশব ঢ়বধপব, ুড়ঁ রিষষ নব নষবংংবফ.


তোমরা শুনেছো পুরাতন নিয়মে বলা হয়েছে যে,তোমরা তোমাদের বন্ধুকে ভালোবাসবে এবং শত্রুকে ঘৃণা করবে কিন্তু আমি তোমাদের বলছি তুমি তোমার শত্রুকেও ভালোবেসো এবং তার মংগল চেয়ো।
চোখের বিনিময়ে চোখ এবং দাঁতের বিনিময়ে দাঁত এই আইনের কি হবে?


কেউ যদি
তোমার এক গালে চড় মারে
তবে তোমার অন্য গালটিও তার
দিকে পেতে দিও,যাতে সে ঐ গালেও
চড় মারতে পারে ।বিশৃঙ্খলা সৃষ্টি করো
না ।তুমি যদি দেখো তোমার কোন
প্রতিবেশীর জামা প্রয়োজন আর তোমার
নিজের দুটি জামা আছে তবে তাকে
একটি দিয়ে দেও ।যদি সে ক্ষুধার্ত হয়
তবে তাকে খেতে দাও ।তোমাদের স্বর্গীয়
পিতা তোমাদের সব কাজ দেখবে
এবং তোমাদের প্রচুর আশীর্বাদ
করবে ।




মথি ৫:৮,২১-২২,৩৮-৪৪,৬:১২; মার্ক ১:৩৪;লূক ৪:৩৯-৪১


তোমরা শুনেছো ,এই কথা বলা হয়েছে,ব্যাভিচার করো না,কিন্তু আমি তোমাদের সত্যিই বলছি,যখন কোন পুরুষ কোন স্ত্রীর দিকে কামনার চোখে তাকায় সে তখনই মনে মনে তার সাথে ব্যাভিচার করল ।


ভন্ড ধর্ম শিক্ষকদের থেকে সাবধান থেকো,বাইরে তারা সাধু বেশে থাকে,কিন্তু ভেতরে তারা সত্যিই অসদাচারণ করে।
তারা দেখতে এমন সমাধির মত যা বাইরে থেকে সাদা রং করা এবং দেখতে খুবই সুন্দর,কিন্তু সেই সমাধির ভেতরটা মৃত মানুষের হাড়গোড়ে ভরা ।যদি তোমাদের মধ্যেও যথেষ্ট ধার্মিকতা না থাকে এবং তোমরা এই ভন্ডদের মত হও তবে তোমরা আমার রাজ্যে কখনোই ঢুকতে পারবে না ।


ধ্বংসের রাস্তাটি অনেক চওড়া এবং অনেক মানুষ সেই পথ দিয়ে হেঁটে যায়।
আমিই স্বর্গরাজ্যে ঢোকার একমাত্র পথ,যে আমার মধ্য দিয়ে যায় সে অনন্ত জীবন পাবে,আর যে অন্য পথ দিয়ে যাওয়ার চেষ্টা করবে সে অবশ্যই তার পাপের জন্য মরবে।


বিশ্রামবারের দিন তুমি কেন রোগী সুস্থ করেছ?মোশীর আদেশ অনুসারে বিশ্রামবারে আমরা কোনো কাজ করি না।
আমার পিতা আমাকে এই জগতে তার নিজের কাজ করতে পাঠিয়েছেন। আমি সেই কাজই করি যা করতে পিতা আমাকে আদেশ করেন।
তুমি নিজেকে ঈশ্বরের সমান দাবি করছ।এতো ধর্মহীনতা,শাস্তিযোগ্য অপরাধ !


স্বর্গীয় পিতা আদেশ করেছেন যেভাবে তোমরা তাকে সম্মান কর,ঠিক সেই ভাবেই পুত্রকেও তোমরা সম্মান করবে।
এমন সময় আসছে যখন মৃত ব্যক্তিরা আমার কন্ঠস্বর শুনে সকলে জীবিত হবে এবং তাদের মধ্যে কেউ কেউ অনন্ত জীবন পাবে আবার কেউ কেউ চির শাস্তির জায়গায় যাবে।




মথি ৫:২৭-২৮,৭:১৩-১৪,২৮-২৯,২৩:২৭-২৮; যোহন ৫:১৮-১৯,২৩,২৯-৩০,১৪:৬





*অ সবসনবৎ ড়ভ ধহ ধহপরবহঃ ঔবরিংয ংবপঃ
হড়ঃবফ ভড়ৎ ঃঃৎরপঃ ড়নবফরবহপব ঃড় ঔবরিংয ঃৎধফরঃরড়হং.



গুরু, আমরা ইহুদী সমাজ নেতারা জানি আপনি ঈশ্বরের কাছ থেকে এসেছেন এক শিক্ষক রূপে। ঈশ্বর সাথে না থাকলে কোনো মানুষ এমন সব আশ্চর্য কাজ করতে পারে না।
যতক্ষন পর্যন্ত তোমার নতুন জন্ম না হয় তুমি ঈশ্বরের রাজ্য দেখতে পাবে না।


আপনি কি আমাকে পুনরায় মায়ের গর্ভে ফিরে গিয়ে দ্বিতীয় বার জন্ম নেবার কথা বলছেন?
না,নীকদীম,মানুষ থেকে যা জন্মে তা মানুষ,,আর যা পবিত্র আত্মা থেকে জন্মে তা আত্মা ।আমি তোমাকে এই কথাই বলেছি ।তোমাকে অবশ্যই নতুন জন্ম নিতে হবে ।
এই নতুন জন্ম কিভাবে আসবে ?


মোশী যেমন মরুভূমিতে সাপকে উচুঁতে তুলেছিলেন ,আমাকেও ঠিক সেইভাবে উচুঁতে উঠতে হবে।
আমি **যে আত্মিক জন্মের** কথা বলেছি তা এমনই এক সত্য ঠিক যেমন এই জগতে বাতাস বয় ।উপরে ঈশ্বরের রাজ্যে প্রবেশ করার জন্য তোমাকে অবশ্যই নতুন করে পবিত্র আত্মাতে জন্ম নিতে হবে।


গণনাপুস্তক ২১:৫-৯; যোহন ৩:১-১৪ কিছু সংখ্যক প্রাচীন ইহুদী গোষ্ঠী এই চিহ্নকে ইহুদী ঐতিহ্যের বাধ্যতা বলে মনে করে।
কিন্তু তারা তো সাপের কামড়ে মারা যাচ্ছিল কারন তারা ঈশ্বরের বিরুদ্ধে পাপ করেছিল ।এবং যখনই তারা ঐ ব্রোঞ্জের তৈরী সাপের দিকে তাকাত তখনই তারা সুস্থ হয়ে যেত।


INRI
হ্যাঁ,এখন এই জগতের
সমস্ত মানুষ পাপের দাসত্বের কাছে মরে
যাচ্ছে ।তাই তাদেরকে এই দাসত্ব থেকে মুক্ত
করার জন্য আমাকেই উচুঁতে উঠতে হবে যেন
সবাই আমাকে দেখতে পায় ।মরুভূমিতে সাপের
কামড়ে যেভাবে সবাই মারা যাচ্ছিল এবং ব্রোঞ্জের
সাপের দিকে তাকিয়ে তারা সুস্থ হয়েছিল ঠিক
সেইভাবে আজ যারা পাপের কাছে বন্দী তারা
যখন বিশ্বাস নিয়ে আমার দিকে


তাকাবে তখনই
তারা মুক্ত হবে। কারন ঈশ্বর জগতকে এতো
ভালোবাসলেন যে নিজের একমাত্র পুত্রকে দান
করলেন,যেন যে কেউ তাহাতে বিশ্বাস করে সে বিনষ্ট
না হয় বরং অনন্ত জীবন পায় ।যে আমাতে বিশ্বাস
করবে সে অনন্ত জীবন পাবে আর যে বিশ্বাস করবে
না সে চির শাস্তির জায়গায় প্রবেশ করবে।


আপনি বলছেন যে নতুন জন্মই পারে পাপ থেকে মুক্ত করতে ।এবং আপনি এই মুক্তির শর্ত স্বরূপ নিজেকে এক সেতুতে পরিণত করতে উচুঁতে উঠাবেন ।
এই নতুন জন্ম কখন ঘটবে ?
যখন আমাকে উচুঁতে উঠানো হবে তারপর সবাই তা দেখবে ।
যোহন ৩:১৪-১৮


জেরুজালেম আর গালীলের মধ্যস্থানে শমরীয়রা বাস করত ।ইহুদীরা শমরীয়দের সাথে সমস্ত রকম সম্পর্ক এড়িয়ে চলত ।এমনকি তাদের শহর দিয়ে তারা চলাচল পর্যন্ত করত না ।ইহুদীরা বিশ্বাস করত যে শমরীয়দের আত্মা কলুষিত ।একদিন যীশু তার শিষ্যদের শমরীয়দের কাছে যাবার কথা বলে অবাক করল ।
এসো, আমাকে শমরীয়দের কাছে যেতে হবে ।
প্রভু,তারা অবহেলিত ও অপবিত্র মানুষ ! তারা গরিব এবং কলুষিত ।
আমার পিতার ইচ্ছা এই যে,আমি সেখানে যাই ।


দিনের মধ্যভাগে তারা শহরের বাইরে পৌছলো ।
তোমরা শহরের ভিতরে গিয়ে খাবার কিনে আনো ।আমি তোমাদের জন্য এখানেই অপেক্ষা করছি ।
আপনি কি এখানে একাই থাকবেন ?
হ্যাঁ,আমাকে আমার পিতার কাজ করতে হবে ।


যীশু ক্লান্ত,তৃষ্ণার্ত এবং ক্ষুধার্ত ছিল ।যদিও এই সময়টা মহিলাদের শহরের বাইরে আসার ছিল না তবুও এক শমরীয়ান নারী জল নেওয়ার জন্য বাইরে এসেছিল ।
যোহন ৪:১-৮


তুমি কি আমাকে তোমার পাত্র থেকে জল খাওয়াতে পারো ?
হে ! কেন,এক ইহুদী হয়ে আমার কাছে এক শমরীয় নারীর কাছে জল চাইছ ? আমি তো জানি ইহুদীরা আমাদের থেকে কিছুই নেয় না ।
যদি তুমি জানতে ঈশ্বরের দান কি এবং আমি কে তবে তুমি আমার কাছে তা চাইতে এবং আমি তোমাকে জীবন জল দিতাম ।


তুমি আমাকে জল দিতে ? কিন্তু তোমার কাছেতো কোন পাত্র নেই এবং এই কূয়াও বেশ গভীর। তুমি কোথায় পাবে জীবন জল ?
যখন তুমি এই জল পান করো তোমার আবার তৃষ্ণা লাগে।যে জল আমি তোমায় দিতে পারি সেই জল পান করার পর তোমার আত্মা পরিতৃপ্ত হবে এবং তুমি অনন্ত জীবন পাবে।
তাহলে তুমি আমাকে সেই জীবন জল দাও যাতে আমার আর কখনো তৃষ্ণা না লাগে।


যাও তোমার স্বামীকে **ডেকে আনো** আমি তোমাদের সেই জল সম্পর্কে বলব।
আমার কোনো স্বামী নেই।
তোমার পাঁচজন **স্বামী** ছিল, কিন্তু তুমি এখন যার সাথে বাস করছ সে তোমার স্বামী নয়।


নিশ্চয়ই আপনি কোনো ভাববাদী যিনি আমার *গোপন পাপ* সম্পর্কে সবই জানেন।
আপনারা জেরুজালেমে **উপাসনা করেন** আমাদের পূর্ব পুরুষরা ওই পাহাড়ে **উপাস**না করেন। কোন জায়গায় উপাসনা করা সঠিক ?


ঈশ্বরতো আত্মিক।মানুষের হাতে তৈরী মন্দিরে তাকে উপাসনা করা যায় না।ঈশ্বরকে মানুষের মাঝেই পাওয়া যায় এটাই সত্য, আর আত্মা দিয়ে তার উপাসনা করতে হয়।
আমরা জানি মশীহ আসছেন এবং তিনি এসে এই সত্য আমাদের কাছে প্রকাশ করবেন।


তুমি এই
মশীহর কথা বলছো।





যীশু শমরীয়াতে দুইদিন থ
াকলেন এবং লোকদেরকে
ঈশ্বরের বাক্য শিক্ষা
দিতে লাগলেন।

যোহন ৪:৭-২৯,৪০


একসময় যীশু তার শিষ্যদের নিয়ে গালীলের এক পাহাড়ের পাদদেশে দাড়িয়ে ছিলেন। বিভিন্ন শহর থেকে হাজারো লোক যীশুর কাছে আসতে লাগল শিক্ষা নিতে।
যখন তুমি গরিবদের টাকা দান করো তখন তা লোকদের দেখিয়ে কোরো না।
যখন তুমি ধর্ম কর্ম করো তখন শুধু মানুষকে দেখানোর জন্য বা তাদের থেকে প্রশংসা পাবার জন্য কোরো না এমনটা করলে তুমি তোমার স্বর্গীয় পিতার থেকে কোনো পুরস্কারই পাবে না। তাই তোমার ডান হাত কি করছে তা তোমার বাম হাতকে জানতে দিও না।
ঝবাবৎধষ ঃযড়ঁংধহফ ঢ়বড়ঢ়ষব পধসব ড়ঁঃ ড়ভ ঃযব পরঃরবং ঃড় যবধৎ যরস ঃবধপয.


যখন তুমি প্রার্থনা করো তখন ভন্ডদের মতো করো না তারা যা করে তা শুধুমাত্র লোক দেখানোর জন্যই করে।
তাই তুমি যখন প্রার্থনা করবে তখন বারবার একই কথা **বলো না তোমা**দের ধর্মনেতাদের মতো তারা জন সম্মুখে তা করে নিজেদের ভক্তি দেখানোর জন্য।


তোমার সমস্ত শক্তি এবং চেষ্টা ধনী হওয়ার জন্য ব্যয় কোরো না ।ধনীদের কষ্ট সবার থেকে বেশী এবং তারা নিজেদের ধন সম্পদকেই বেশী ভালোবাসে ।সে কারনে স্বর্গরাজ্যে প্রবেশ করা ধনীদের পক্ষে অনেক কঠিন ।
এই জগতে ধন জমা করো না বরং স্বর্গে ধন জমা করো যা চিরস্থায়ী ।তুমি একই সাথে ঈশ্বর এবং টাকা পয়সা এই দুইয়েরই দাসত্ব করতে পারো না,তুমি একজনকে ভালোবাসবে এবং অন্য জনকে ঘৃণা করবে ।


প্রভু অনেক দেরী হয়ে গেছে,এবং এই লোকেরা সারাদিন আমাদের সাথে আছে ।
তারা নিশ্চয়ই ক্ষুধার্ত ।এই জায়গা শহর থেকে অনেক দূরে যেখান থেকে তারা খাবার কিনে খেতে পারে ।


গুরু,আপনি
আমার খাবার নিন। আমার মা
আমার জন্য পাঁচটি রুটি ও দুটি
মাছ তৈরী করে দিয়েছেন।




মথি ১৪:১৫,৬:১-৭,৬:১৯-২১


চলো দেখি,এই খাবারগুলো মনে হয় আমাদের জন্যই।
কিন্তু প্রভু,এই খাবার একজনের জন্যই যথেষ্ট নয় সেখানে পাঁচ হাজার লোকের কিভাবে হবে।
বারোটি বড় ঝুড়ি নিয়ে এসো এবং খাবার ভাগ করার জন্য প্রস্তুত হও।


স্বর্গীয় পিতা তোমার গৌরব হোক,তুমিই এই জগতে আমাদের খাদ্যের যোগান দেও ।


এই অল্প পরিমাণ খাবার তিনি এতো বড় ঝুড়িতে কিভাবে ঢালবেন ?



মথি ১৪:১৯-২১; লূক ৯:১৬-১৭


ঈশ্বরের জয় হোক !
মোশীর মতন তিনি স্বর্গ থেকে আমাদের জন্য রুটি এনেছেন।
ও মা এতো বিশ্বাসই হচ্ছে না !


লোকেরা সবাই ঝুড়ি থেকে রুটি আর মাছ নিয়ে খেল ।অগণিত খাবার তখনো হয়েই যাচ্ছিল ।


গুরু, সবাই খেয়েছে ।এখনো ঝুড়িগুলো খালি হয় নি । আমরা এদেরকে খালি করতে পারছি না!
অবশিষ্ট যা কিছু আছে সব এক জায়গায় জড়ো করো ।এবং তুমি অন্যদের সাথে নিয়ে একটি নৌকায় করে সাগরের অন্য প্রান্তে যাও ।আমি তোমাদের সাথে পরে মিলব । এখন আমাকে প্রার্থনার জন্য পাহাড়ে উঠতে হবে ।



যীশু একাই পাহাড়ে উঠে গেলেন,আর তার শিষ্যরা নৌকায় করে সাগরের অন্য পাড়ে গেলেন।
যীশু মাঝে মাঝেই নির্জন জায়গায় একা প্রার্থনা করতেন।

মথি ১৪:২০-২৩


শিষ্যরা সাগরের মাঝখানে যাওয়ার পর সাগরে এক ভীষণ ঝড় উঠল ।শিষ্যরা ডুবে যেতে পারে এই ভেবে তারা ভয় পেল ।
আমি এর আগে কখনো এতা খারাপ ঝড় দেখি নি ।
আমরা বেশীক্ষণ টিকে থ াকতে পারবো না ।



আমরা ডুবে যাচ্ছি !
দেখো !জলের উপর দিয়ে কিছু এদিকে আসছে !


এটা ভূত !
এটা ভূত !
একজন মানুষ জলের উপর
দিয়ে হেঁটে আসছে !


পিতর,ভয় পেয়ো না,আমি।
প্রভু,যদি আপনি হন,তবে আদেশ করুন যেন আমি ও আপনার মতো জলের উপর দিয়ে হেঁটে যেতে পারি,যেভাবে আপনি হাঁটছেন।
আমার কাছে এসো, পিতর।
মথি ১৪:২৪-২৯


আমি আসছি,প্রভু।
না,পিতর।


পিতর সত্যিই জলের উপর দিয়ে হেঁটে যীশুর কাছে যাচ্ছিলেন।


যখন পিতর বড় ঢেউয়ের দিকে তাকালো এবং যীশুর দিক থেকে তার দৃষ্টি সরিয়ে নিল,সে তখন ভয় পেল।




মথি ১৪:২৯-৩০


পিতর, তুমি আবার আমাকে সন্দেহ করেছো।


যীশু পিতরকে নৌকার কাছে নিয়ে এলো,তারা দুজনেই জলের উপর দিয়ে হেঁটে নৌকায় ফিরলেন।
পিতর,তুমি জলের উপর দিয়ে হেঁটেছো !


সব কিছু শান্ত হয়ে যাও।
যীশু ঝড়কে তাড়িয়ে দিলেন এবং হঠাৎ সবকিছু শান্ত হয়ে গেল।
মথি ১৪:৩১-৩৩; ৪:৩৮-৪১


আমাকে ত্যাগ করুন প্রভু ,কেননা আমি পাপী।
সত্যিই আপনি ঈশ্বর পুত্র।
আমার প্রভু এবং আমার ঈশ্বর।
ইসরায়েলের যীশু।


পরে...
এই পর্বের দিন গুলোতে এখানে **অনেক ভিড়** হয় ।দেশের বিভিন্ন জায়গা থেকে অনেক মানুষ এখানে আসে ।অনেকে মিশর এবং রোমের মত দূর দেশ থেকেও আসে ।
চলো আমরা সেতুটির নিচে যাই ।


আমার যতদূর
মনে পড়ে তাকে আমি
এখানেই দেখেছি।


তুমি কি আরোগ্য প্রাপ্ত হতে চাও ?
আমাকে সাহায্য করতে পারে এমন কেউ নেই ।




যোহন ৫:১-৮


এ কেমন নিষ্ঠুর মজা ।এই গরিব লোকটি প্রায় ৩৮ বছর ধরে পক্ষাঘাতগ্রস্থ ।
আজ আমাদের পবিত্র বিশ্রামবার ।এই লোকটি কোনো ভাবেই আমাদের শান্তি নষ্ট করতে পারে না ।


আমি শুনেছি এখানে তাকে সরানোর পরিকল্পনা হচ্ছে।সে লোকদের অনেক বেশী মনোযোগ পাচ্ছে।
কে মনে করছে যে যীশুই মশীহ ?
হ্যাঁ,সে লোকদের বুঝানোর চেষ্টা করছে যে, সে আশ্চর্য কাজ করতে পারে।


তার পা !এগুলো নড়ছে !


সে উঠে দাঁড়াচ্ছে !
এটা অসম্ভব !



ঈশ্বরের প্রশংসা করো ! এতো গুলো বছর পর !
যীশুই মশীহ !


কেনো তুমি বিশ্রামবারে তাকে **সুস্থ করেছো ?**
মোশীর আইন অনুযায়ী **বিশ্রামবা**রে আমরা কোনো কাজ করি না।
বিশ্রামবারে আপনাদের ষাড় হোঁচট খেয়ে পড়ে গেলে তাকে টেনে তোলা আপনাদের কাছে গ্রহনীয় ।আর আমি একজন অসুস্থকে সুস্থ করেছি বলে আপনারা বলছেন আমি আইন ভংগ করেছি?
আমার পিতা সবসময় কাজ করছেন ।আমি তাই করছি যা আমি আমার পিতাকে করতে দেখেছি।
লূক ১৪:৫-৬; যোহন ৫:৯-১৭


সে বলছে ঈশ্বর তার পিতা। সে নিজেকে ঈশ্বরের সমান করছে।
ধরো ওকে ! ওকে পাথর ছুঁড়ে মারতে হবে।
ওকে মেরে ফেলো !



সে আমাদের নিয়ম কানুনের বিরুদ্ধে কথা বলছে।
তোমরা বিশ্রামবারের দিন একজন মানুষকে হত্যা করবে ?
তিনি নিয়মের বিরুদ্ধে কিছুই বলে নি।
তিনি কি বলতে চান আপনারা শুনুন।


তোমরা শোনো,আমি একটা আশ্চর্য কাজ করেছি বলে তোমরা অবাক হচ্ছো ।তোমরা এর থেকেও আরো অনেক আশ্চর্য কাজ দেখতে পাবে ।আমার পিতা মৃতদের পুনরুত্থান করতে পারেন আর তিনি আমাকে সেই একই অধিকার দিয়েছেন ।এই জগতের উপরে সম্পূর্ণ কর্তৃত্ব পিতা আমাকে দিয়েছেন
। যদি তোমরা আমাকে সম্মান করতে না পারো তবে তো তোমরা আমার পিতা ঈশ্বরকেও সম্মান করতে পারবে না ।আমি তোমাদের সত্যিই বলছি যে আমাকে বিশ্বাস করবে ,আমাকে যে পাঠিয়েছে সে তাকেও বিশ্বাস করবে এবং অনন্ত জীবন পাবে ।
তুমি কিভাবে আমাদের অনন্ত জীবন দিতে পারো ?


এমন সময় আসছে যখন মৃতেরা আমার কণ্ঠস্বর শুনে তাদের সমাধি ছেড়ে বাইরে বেরিয়ে আসবে ।যারা ভালো কাজ করেছে তারা অনন্ত জীবন পাবে আর যারা পাপ কাজে দিন কাটিয়েছেন তারা অনন্ত ধ্বংসের পথে যাবে এবং যে আগুন কখনো নেভে না সেই আগুনে নিক্ষিপ্ত হবে ।
এতো ধর্মহীনতা,কোনো মানুষ মৃতদের উঠাতে পারে না, শুধুমাত্র ঈশ্বরই পারে অনন্ত জীবন দিতে ।
যোহন ৫:১৮-২৯


আপনারা আমাকে বিশ্বাস করছেন না,কিন্তু আমার কথা তো মোশী তার ভবিষ্যৎবাণীতে বলেছেন।ধর্মশাস্ত্র খুঁজে দেখুন,অনেক ভাববাদীরা আমার কথা বলেছেন।
চিন্তা করো না আমি তোমাদের ঈশ্বরের সামনে দোষী করবো না।কিন্তু তোমরা যে মোশীর উপর আশা করছো সেই মোশীই তো তোমাদের দোষী করছে।


একি সে নয়,নেতারা যাকে মারতে চাইছে ?এতো খোলাখুলি ভাবেই কথা বলছে কিন্তু নেতারা তাকে কিছুই বলছে না ।তাহলে কি তারা বুঝতে পেরেছে ইনিই সেই খ্রীষ্ট,ইসরায়েলের মশীহ ?
শাস্ত্রে তো লেখা আছে মশীহ কোথা থেকে আসবে তা কেউ জানে না,কিন্তু আমরা জানি এতো সেই কাঠমিস্ত্রীর ছেলে যে গালীল থেকে এসেছে।


তুমি বলছো তুমি আমাকে জানো এবং আমি কোথা থেকে এসেছি তুমি তাও জানো ।আমি নিজে থেকে **এই জগতে** আসি নি ।আমার পিতা আমাকে পাঠিয়েছেন,কিন্তু তুমি আমার পিতাকে জানো না;আমি তাকে জানি এবং তিনি আমাকে তোমার কাছে পাঠিয়েছেন ।
সে কিভাবে আমার কথা শুনতে পেল ?


সে সবকিছুই জানে।
ইনিই সেই মশীহ যে ভবিষ্যৎ বাণী অনুসারে এখানে এসেছে।
তুমি কি আশা করো এই লোকটি যা করেছে তার থেকে মশীহ আরো অনেক আশ্চর্য কাজ করবেন ?




যোহন ৫:৩০-৩৯,৪৫,৬:৪২-৪৩,৭:২৫-৩২,৪০-৪১


যারা মনে প্রাণে ঈশ্বরের ইচ্ছামত চলতে চায় তারা ধন্য,কারণ তাদের সেই ইচ্ছা পূর্ণ হবে।
যদি কেউ তৃষ্ণার্ত হয় তবে সে আমার কাছে আসুক আমি তাকে জল দেবো,সেই জল তার অন্তরের মধ্যে উথলে ওঠা ফোয়ারার মত হয়ে অনন্ত জীবন দান করবে।
লোকদের জীবনে শান্তি আনবার জন্য যারা পরিশ্রম করে তারা ধন্য কারণ ঈশ্বর তাদের নিজের সন্তান বলে ডাকবেন।
সে তো অপরাধীর মত কথা বলছে না।
তারা বলে সে ৪০০০ বছরের ভবিষ্যৎবাণীর উত্তর দেয়।


কেনো তোমরা তাকে আমাদের কাছে নিয়ে আসো নি ? সে তো তোমাদের সামনেই দাড়িয়ে ছিল। কেনো তোমরা তাকে আনো নি ?
কোন মানুষ তার মত কথা বলে না।
সে ভালোবাসা আর ক্ষমার কথা বলে।
হা,সে কি তোমাদেরকেও প্ররোচিত করেছে ? কোন শিক্ষিত নেতা বা ফরীশীকি আছে যারা তাকে বিশ্বাস করেছে ?এই যীশুকে মরতেই হবে।


নীকদীম,সেই লোক যে যীশুর সাথে কথা বলতে রাতের বেলা এসেছিলেন ।
কারও মুখের **কথা** না শুনে এবং সে কি করেছে তা না জেনে কাউকে শাস্তি দেবার ব্যবস্থা কি আমাদের আইনে আছে?
*নীকদীম*, তুমি ও কি গালীল থেকে আসা তার **অনুসারীদে**র একজন ?পবিত্র শাস্ত্র খুঁজে দেখ,গালীল থেকে মশীহ আসার কথা নয় ।সে আসবে যিহূদীয়ার **বেথলেহেম** থেকে,এবং সে অবশ্যই **দায়ূদ পুত্র** হবে ।
মথি ৫:৬,৯; যোহন ৪:১৪,৭:৪৫-৫২


সে লোকদেরকে মিথ্যা বলে ঠকাচ্ছে।
সে মনে করে সবকিছুর উত্তর সে জানে।
কেনো আমরা তাকে পরীক্ষা করার জন্য আরো বেশী জ্ঞানী ধর্ম শিক্ষককে পাঠাচ্ছি না ?


আমি জানি এমন শিক্ষককে, সে জ্ঞানী এবং নিষ্ঠুর।


একজন ধর্ম শিক্ষক যীশুর কাছে আসলেন।
গুরু,কি করলে আমি অনন্ত জীবন লাভ করতে পারব ?
আইন কানুনে কি লেখা আছে ?
তোমরা প্রত্যেকে সমস্ত প্রাণ , সমস্ত শক্তি ও সমস্ত মন দিয়ে তোমাদের প্রভু ঈশ্বরকে ভালবাসবে;আর তোমার প্রতিবেশীকে নিজের মত ভালবাসবে।


আপনি ঠিক বলেছেন ।আইন কানুন ভালবাসতে বলে । যদি তোমার প্রতিবেশীকে নিজের মত ভালবাস তবে ঈশ্বরের অনুগ্রহ লাভ করবে ।
হ্যাঁ, কিন্তু আমার প্রতিবেশী কে? আপনি নিশ্চয়ই প্রতিবেশী বলতে সবাইকে বোঝান নি, এমন কি ঘৃণিত রোমানদেরকেও না ?
আমি আপনাকে একটি গল্প বলি ;

লূক ১০:২৫-৩১


একজন লোক জেরুজালেম থেকে যিরীহো শহরে যাবার সময় ডাকাতদের হাতে পড়ল ।তারা লোকটির কাপড় খুলে ফেলল এবং তাকে মেরে আধমরা করে রেখে গেল ।
যখন একজন পুরোহিত সেই পথ দিয়ে যাচ্ছিলেন ।তিনি সেই লোকটিকে পাশ কাটিয়ে চলে গেলেন তাকে সাহায্যের জন্য থামলেন না ।


একই ভাবে একজন লেবীয়
, যে মন্দিরে ঈশ্বরের সেবা করে,সে ওই
পথ দিয়ে যাচ্ছিলেন এবং অনেক দূরে
দাঁড়িয়ে আহত লোকটিকে দেখলেন,কিন্তু
তিনিও পাশ কাটিয়ে চলে গেলেন।
তোমার মধ্যে ভালবাসা
আছে এটা বলে কি হবে ,যদি তুমি কাজের
মধ্যে ভালবাসা না দেখাও ? যদি তুমি তোমার
প্রতিবেশীকে ভালনাবাস তবে তুমি তোমার ঈশ্বর
প্রভুকে কিভাবে ভালবাসবে ?


পরে সেই পথ দিয়ে একজন শমরীয় যাচ্ছিলেন;একজন লোক যে ইহুদীদের দ্বারা অপবিত্র বিবেচিত হয় ।সে যখন দেখল একজন আহত ব্যক্তি মরার মত পথের পাশে পড়ে আছে , সে তখন সেই সত্যকে মানতে পারে নি যে আহত লোকটি একজন ইহুদী ।
শমরীয় লোকটির আহত লোকটির উপর করুণা হল এবং সে তাকে সাহায্যের জন্য থামলেন ।


শমরীয় লোকটি আহত
লোকটির আঘাত গুলো পরিষ্কার করে
বেঁধে দিলেন। লোকটি তার ভালবাসা
কথায় নয় কাজে **প্রকাশ** করল।


শমরীয় লোকটি আহত লোকটিকে তার নিজের গাধার পিঠে চড়িয়ে একটি সরাইখানায় নিয়ে গেলেন , যেখানে সে বিশ্রাম নিতে পারবে এবং সুস্থ হয়ে যাবে ।
*চিন্তা কোরো না* ,আমি তোমার সাথেই আছি ।তোমার এখন **বিশ্রাম** দরকার ।


আমি এই অসুস্থ লোকটির থাকা খাওয়ার জন্য দুই সপ্তাহের খরচ দিলাম ।যদি এর থেকে বেশী খরচ হয়,তবে আমি এই পথ দিয়ে ফেরার সময় তা শোধ করে যাব ।


লূক ১০:৩২-৩৫



তুমি আমার কাছে জানতে চেয়েছিলে কে তোমার প্রতিবেশী । এখন তুমি আমাকে বল , ওই তিন ব্যক্তির মধ্যে আহত লোকটির প্রতিবেশী কে ?
অবশ্যই সে যে তাকে দয়া দেখিয়েছে।
খুব ভালো!


তুমিও যাও এবং তেমনটিই করো যেমনটি **সেই শমরীয়** করেছে। তোমার প্রতিবেশীকে ভালবেসো।




মথি ৫:৪৩-৪৪; লূক ১০:৩৬-৩৭


তোমরা শুনেছ,বলা হয়েছে, তোমার প্রতিবেশীকে
ভালোবেসো এবং শত্রুকে ঘৃণা কোরো । কিন্তু আমি
তোমাদের বলছি,তোমাদের শত্রুদের ভালোবেসো ।যারা
তোমাদের অত্যাচার করে তাদের জন্য প্রার্থনা কোরো ,যারা
তোমাদের অভিশাপ দেয় তাদের আশীর্বাদ কোরো ,যারা
তোমাদের অমংগল চায় তাদের মংগল চেয়ো ।





অধ্যায় ১০

# (অলৌকিক ঘটনা এবং দৃষ্টান্তমূলক কাহিনী )


অন্যত্র...
আমি খাবার খেয়েছি অনেক দিন আগে।
তুমি মরবে যদি তুমি ইঁদুর ও তেলাপোকার থেকে খাবার খাওয়া না শেখো।বেঁচে থাকার এটাই একমাত্র পথ।
আমার মনে হয় আমি সবার আগে মারা যাব। এক বছর আগে আমি আমার সমাজে একজন স্বাস্থ্যবান এবং সম্মানীয় লোক ছিলাম। এখন আমাকে দেখো।
তুমি কোনোভাবেই সম্মানীয় নও;তুমি শুধুমাত্র একজন কুষ্ঠরোগী এবং সমাজ থেকে বহিস্কৃত।


প্রথমে আমি আশা করতাম আমি একদিন সুস্থ হয়ে আমার স্ত্রী এবং সন্তানদের কাছে ফিরে যেতে পারব ।কিন্তু আমি এখন এখানে দশ বছর ধরে আছি ।আমি কখনোই কাউকে সুস্থ হয়ে সমাজে ফিরতে দেখি নি ।


প্রথম দিকে, আমার স্ত্রী আমার সন্তানদের নিয়ে আসত অনেক দূরে দাড়িয়ে আমার সাথে কথা বলত , কিন্তু ধীরে ধীরে ওরা কম আসতে শুরু করলো ।সন্তানরা এখন অনেক বড় হয়ে গেছে ।যদি তারা আমাকে দেখে তবে চিনতে পারবে না ।মরে যাওয়ার থেকে এভাবে বেঁচে থাকা আরো বেশী কষ্টের ।


আহ , তোমার
জন্য দুঃখ অনুভব হয় ।
কেউ যত্ন করে **না** ,এমন কি
ঈশ্বর ও করে না ।**চলো** যাই
দেখি যদি খাওয়ার জন্য
আমরা কিছু ভিক্ষা পাই ।


আমরা আজ বড় রাস্তার দিকে যাই , যদি আমাদের ভয় না দেখিয়ে কেউ একটু দয়া দেখায় ।
আমরা সবাই একসাথে থাকি নিজেদের নিরাপত্তার জন্য ।


আমি দেখতে পাচ্ছি রাস্তা দিয়ে কিছু ভ্রমণকারী আসছে।


দেখো ! ওই ছেলেগুলো আবার এসেছে।
এখান থেকে চলে যাও,তোমরা নোংরা কুষ্ঠ রোগী। যাও অন্য কোন জায়গায় গিয়ে মরো।
তোমরা নোংরা পোকামাকড়ের দল। ঈশ্বর ও তোমাদের শাস্তি দিচ্ছেন।
ভাগো ! ভাগো !


অশুচি ! অশুচি ,
আমরা সবাই অশুচি ।
এরা
কুষ্ঠ রোগী ।তুমি
এদের খুব কাছে যেও
না ।এই রোগ তোমার
ও হতে পারে ।



আমাদের কে একটু দয়া করতে পারেন ? আমাদের কে একটু খাবার দিতে পারেন ?
তাদেরকে কিছু দিয়ে দেও যেন তারা চলে যায়।
চলে যাও। তোমরা অশুচি !


দূরে সরে
দাঁড়াও এবং আমরা এটা নিচে
মাটিতে রাখছি।
এখন ,
আমার কাছে এসো
না ।আমাকে আগে
চলে যেতে দাও ।


রুটি !
খাবার !
আমাকে কিছু দাও !
সব নিয়ে
নিও না !


তুমি শূকর !
এটা আমার !
রুটি ! রুটি !
ওহ ঈশ্বর !


এখানে অনেক বড় একটা ভ্রমনকারী দল আসছে ।
আমাদেরকে সতর্ক থাকতে হবে; তারা অনেকে আছে।
এবং সবাই তারা পুরুষ।


ঐ যে নাজারথের যীশু। আমার এই রোগ হওয়ার আগে আমি তাকে দেখেছিলাম।তিনি সেই একজন যিনি লোকদের আরোগ্য করতে পারেন।
সে বলে যে সে ঈশ্বরের কাছ থেকে এসেছে এবং সে আর ঈশ্বর একই।আমি তাকে অন্ধকে দৃষ্টি ফিরিয়ে দিতে এবং পক্ষাঘাতকে আরোগ্য করতে দেখেছি।


যীশু ! আমাদের সাহায্য করুন !
গুরু, তারা কুষ্ঠরোগী ।
তাদের কাছে যাবেন না ।


তোমরা আমার কাছে কি চাও ?
আমাদের প্রতি দয়া করুন এবং আমাদের সুস্থ করুন।
যদি আপনি পারেন তবে আমাদের শুচি করুন।


আপনি আমাকে ছোঁবেন না ?
ঠিক আছে। মন্দিরে যাও এবং পুরোহিতকে নিজেদের দেখাও । তারা দেখুক তোমরা শুচি হয়েছ এবং তাদের অনুমতি নিয়ে তোমরা নিজেদের পরিবারের কাছে ফিরে যাও ।

লূক ১৭:১১-১৪


সে বলেছে আমরা শুচি হয়েছি।
তারা মন্দির বন্ধ করে আমাদের তাড়িয়ে দেবে।
সে যা করতে বলেছে আমি তাই করতে যাচ্ছি।
আমি তোমার সাথে যাব। চল আমরা যাই।


যীশু বলেছে আমরা আরোগ্য হয়েছি।
আমি ভাল অনুভব করছি।



আমি পরিবর্তন হচ্ছি !


আমার চামড়া ভাল হয়ে গেছে।
যীশু এটা করেছে ! আমরা সম্পূর্ণ আরোগ্য হয়েছি !
তুমি কোন ভাবেই দেখতে আর কুৎসিত নও।
আমি অবশ্যই আমার স্ত্রীকে খুঁজে বের করব।



ঈশ্বর পুত্র, ইসরায়েলের রাজা, আপনার গৌরব হোক, আপনি আমাকে আমার জীবন ফিরিয়ে দিয়েছেন। ঈশ্বর গৌরবময় এবং দয়াবান।
দশ জনকে কি সুস্থ করা হয়নি ? ঈশ্বরের গৌরব করতে তবে কি একজনই ফিরে এসেছে , এবং সে একজন ইহুদী নয় একজন শমরীয় ।

লূক ১৭: ১৪-১৯


একজন লোক যীশুকে জিজ্ঞেস করল যদি বেশী সংখ্যক মানুষ অনন্ত জীবনের পথে যেতে চায় ।যীশু উত্তর করলেন;
অনন্ত জীবন
NIGHT CLUB
CARLOS
Club
আমি তোমাদের বলছি ,অনন্ত জীবন পথে প্রবেশ করা কঠিন এবং পথ ও সরু । খুব কম সংখ্যক লোক তা খুঁজে পায় । কিন্তু যে পথ ধ্বংসের দিকে নিয়ে যায় তার দরজাও বড় এবং রাস্তাও চওড়া এবং অনেক মানুষ সেই পথ দিয়ে যায় ।




মথি ৭:১৩-১৪ , ২২-২৩: প্রকাশিত বাক্য ১৪:১১




যীশু আরেকটি কাহিনী বললেন :
একজন ধনী লোক ছিলেন যে দামী পোশাক পড়তেন এবং প্রতিদিন ভাল ভাল খাবার খেত ।সে সৎ এবং ভালো ছিল , সে খারাপ লোকদের মত ছিল না , তবে সে বেশীর ভাগ সময় নিজেকে নিয়ে ভাবত ।
ঐব যড়ধৎফবফ যরং সড়হবু ধহফ মৎবি ৎরপযবং বাবৎু ফধু.


আমার থালার এই এঁটো গুলো নিয়ে আমার বাড়ির সামনে শুয়ে থাকা ভিক্ষুক লাজারকে দিয়ে আস ।আমি খুবই পরোপকারী এবং করুনাময় ।
হ্যাঁ মালিক , আমি জানি সে এগুলো গ্রহণ করবে ।


আমার মালিক আমাকে এই অবশিষ্ট খাবার গুলো তোমাকে দিতে বলেছে।
প্রভুর প্রশংসা হোক !ঈশ্বর নিজেই খাবার যোগান দেয়। এগুলো অনেক বেশী আমার জন্য।তোমার মালিককে আমার হয়ে ধন্যবাদ দিও।
আমার অনেক সম্পদ আছে ,আমার আরো চাই তাই এই গরিবদের সম্পদ আমাকে দখল করতে হবে।



লূক ১৬:১৯-২২; ইব্রীয় ৯:২৭


ধনী লোকটির মৃতদেহ তার বাড়ির সামনে থেকে শেষ যাত্রার জন্য নিয়ে যাওয়া হচ্ছিল,তখন সবাই দেখতে পেল ভিক্ষুক লাজার ও মারা গেছে।
এই সেই ভিক্ষুক লাজার ।সে ও রাতে মারা গেছে। তাকে কত শান্ত দেখাচ্ছে।
লাজারের মৃতদেহ সাধারনভাবে একটি গাড়িতে করে শহরের বাইরে নিয়ে যাওয়া হল ,যেখানে গরিব লোকদের কবর দেওয়া হতো ।সেখানে কোন শেষ যাত্রার অনুষ্ঠান হয় না এবং তাদের জন্য কেউ শোক পালন করে না।


কিন্তু সেখানে স্বর্গদূতেরা এসে লাজারকে স্বর্গে উঠিয়ে নিয়ে গেল ।
আহা ! কি সুন্দর ভ্রমণ ! আমি কখনো ভাবি নি যে মৃত্যুর পর এমন আনন্দ হয় !
লাজার , আমাদের ভাই ,তোমাকে এই গৃহে স্বাগত । তুমি এখানে কখনো ক্ষুধার্ত হবে না এবং তোমার শরীরে কোন ব্যথা থাকবে না । এসো , তুমি আসার আগেই আমরা একটি ভোজের আয়োজন করেছি ।


সে একজন ভালো লোক ছিল ।মাঝে মাঝে সে কঠোর ছিল তাদের প্রতি যাদের সে ভালবাসত । কিন্তু সে সবসময় তার দেশ ও জাতিকে ভালবাসত এবং নিজের লেনদেনে সৎ ছিল ।
ধনী লোকটিকে অনেক সুন্দর একাট কবরে সমাহিত করা হলো এবং যারা তার টাকা পয়সা ভালবাসত তারা সবাই আসল তাকে দেখতে যে সে অন্যদের ভালোর জন্য কি কি রেখে গেছে।
সে তার পুরস্কার পেয়েছে , তার আত্মা মনে হয় অনন্ত জীবন পেয়েছে।





লূক ১৬:২২


ও ঈশ্বর , আমাকে সাহায্য করুন ! কেউ আমাকে সাহায্য করুন ! আমি এখানে যন্ত্রনা পাচ্ছি !


পিতা আব্রাহাম ,
আমার প্রতি দয়া করুন। আমি ওখানে
লাজারকে দেখেছি।তাকে পাঠিয়ে তার
আঙুলের ডগা ভিজিয়ে আমার জিভ
ভিজিয়ে দিতে বলেন , আমি এখানে
আগুনের তাপে জ্বলে যাচ্ছি।


পুত্র , যদি পারতাম তবে আমি তোমাকে সাহায্য করতাম , কিন্তু তোমাদের আর আমাদের মাঝে এক বিরাট ফাঁক আছে যার শেষ সীমাতে রয়েছে আগুনের নদী ।এখান থেকে আমরা তোমাদের কাছে যেতে পারি না আবার ওখান থেকে তোমরা কেউ আমাদের কাছে আসতে পারো না ।
তাহলে লাজারকে আমার পিতার বাড়িতে পাঠিয়ে দিন যেন সে আমার পাঁচ ভাইকে সতর্ক করতে পারে যাতে করে তাদেরকে শাস্তি ভোগ করতে এই কষ্টের জায়গায় আসতে না হয় ।


লূক ১৬: ২২-৩১
তাদের কাছে মোশী আর ভাববাদীদের লেখা আইন আছে। তারা তাতেই বিশ্বাস করুক।
তাদের জন্য তা যথেষ্ট নয় ।যদি তারা মৃতদের থেকে কাউকে জীবিত হতে দেখে , তবে তারা তাদের ভুল বুঝতে পারবে।
যদি তারা আইনে বিশ্বাস না করে তবে তারা মৃতদের থেকে কাউকে উঠতে দেখলে ও বিশ্বাস করবে না। তাদেরকে অবশ্যই নিজেদের সিদ্ধান্ত নিতে হবে। আমি দুঃখিত ।এখানে আমি কিছুই করতে পারব না।


হে , বন্ধুগণ ।তোমরা কি একটু মজা করতে চাও ? আমার ভালবাসা অনেক সস্তা ।
গুরু ,তাকে এড়িয়ে চলুন ।তাকে পছন্দ করতে অনেক দেরী হয়ে গেছে ।


পবিত্র শাস্ত্রে লেখা আছে ,"কখনো ব্যভিচার করো না ।"
হে , আমি একজন *ধার্মিক* নারী ।আমি ঈশ্বরে বিশ্বাস করি ।
শয়তান তোমাকে **প্ররোচিত** করেছে ।তোমার কোন আশা নেই তোমাকে চির শাস্তির আগুনে যেতে হবে ।


তুমি শুনেছ তোমার বন্ধুরা বলছে অনেক দেরী হয়ে গেছে আমার জন্য ।আমি ছোট বয়স থেকে অনেক পুরুষের সাথে রাত কাটিয়েছি।
ঈশ্বরের জন্য কখনো দেরী হয় না ।যদি তুমি তাকে খোঁজ তবে তুমি তাকে পাবে। তিনি তোমার পাপ ক্ষমা করবেন এবং তোমার আত্মার যত্ন নেবেন।


আমার আত্মা শয়তানের জন্য কিন্তু আমি তা প্রভুকে দিতে চাই ।যদি তিনি..তিনি..তি.তি




যাত্রাপুস্তক ২০:১৪;লূক ৮:২; ১ম যোহন ১:৯


ইইইই!
শয়তান ,এর মধ্য থেকে বের হও !



আমি তোমাকে আদেশ করছি বেরিয়ে যাও আর কখনো ফিরে এসো না।
যীশুর আদেশ মত সাতটি মন্দ আত্মা স্ত্রী লোকটিকে ছেড়ে বেরিয়ে গেল।



তারা চলে গেছে !
আপনি কে ?
আমি যীশু ।




লূক ৮:২, ১১:২৪-২৬
তুমি অবশ্যই তোমার পাপের জন্য অনুতপ্ত হবে এবং ঈশ্বরের সেবা করবে ,তা না হলে মন্দ আত্মারা আরো অনেক মন্দ আত্মা নিয়ে ফিরে আসবে ।
আমি ঈশ্বরের সেবা করতে চাই ।আমি আপনাকে অনুসরন করব এবং ঈশ্বরকে জানব ।
তার কি হয়েছে ?


গুরু , আমি দেখেছি কি হয়েছে ।এটি চমৎকার হয়েছে ।আমাদের ধর্মগুরুরা দিনের আলোয় মেরী মাগদালীনকে এড়িয়ে চলে ।
কিন্তু তাদের মধ্যে অনেকেই রাতে তার কাছে আসে ।আপনি তাকে একটি নতুন জীবন দিয়েছেন ।
আপনি এবং আপনার শিষ্যরা কি আমার বাড়িতে এসে খাওয়া দাওয়া করবেন ? আমি এবং আমার কিছু বন্ধুরা আপনাদের কথা শুনতে চাই ।
আমরা আসব ।


আমাদেরকে বলুন , যীশু,কিভাবে এই অসৎ সমাজে একজন মানুষ সৎ থাকতে পারে ?আমরা যদি আইন কানুন বদলাতে চাই তবে তো আমাদের না খেয়ে থাকতে হবে।
তোমরা এই জগতে নিজেদের জন্য ধন সম্পদ জমা কোরো না ,কিন্তু স্বর্গে ধন সম্পদ জমা করো ।শুধুমাত্র নিজের কথাই ভেবো না কিভাবে তুমি অন্যের ভালো করতে পার তাই ভাবো । দেহটা কেবল কাপড় চোপড় আর খাওয়া দাওয়ার বিষয় নয় ।ঈশ্বর যখন মাঠের ঘাসগুলোকে সাজান তখন তিনি তোমাদের ও সাজাবেন তাতে কোনো সন্দেহ নেই ।


খরভব রং সড়ৎব ঃযধহ **ভড়ড়ফ** ধহফ **পষড়ঃযরহম.** ওভ এড়ফ পষড়ঃযবং ঃযব ষরষরবং ড়ভ ঃযব ভরবষফ, যব রিষষ পষড়ঃযব ুড়ঁ.
এমন সময় আসছে যখন প্রত্যেক মানুষকে বিচারের জন্য ঈশ্বরের সামনে দাঁড়াতে হবে। এবং তার সমস্ত কাজ ও কথার জন্য তাকে হিসাব দিতে হবে।




উপদেশক ১২:১৪; মথি ২৩:২৫,৬:১৯-২১,২৫,২৮-৩০,১২:৩৬; লূক ১৫:১-৩


তাহলে, তুমি এই পাপীদের সাথে বসে তাদের সাথে খাওয়া দাওয়া করছ ? আমি দেখছি মেরী মাগদালীনও অন্য পাপীদের সাথে এখানে আছে ।তুমি কিভাবে নিজেকে ধার্মিক বলে দাবি কর এবং এই পাপীদের সাথে বসে খাওয়া দাওয়া কর ?
আমি তোমাদের একটি গল্প বলছি যা তোমাদের ঈশ্বরের দয়া কি তা বুঝাবে ।


একদা এক ব্যক্তির দুটি ছেলে ছিল ।ছোট ছেলেটি ছিল অবাধ্য এবং সে জগতের অসংযত জীবন যাপন করতে চাইত ।
আচ্ছা ,আমি এই গল্পটি পছন্দ করছি ।


সুতরাং সে তার উত্তরাধীকারী হওয়ার ভাগ দাবি করল।
বাবা ,যদি আপনি এইখামার থেকে আমার ভাগের টাকা আমাকে দিয়ে দেন তবে আমি শহরে গিয়ে আমার ভাগ্যের পরিবর্তন করতে পারি।


কিন্তু পুত্র , আমার যা আছে সবই তো তোমার ।আমি আর বেশী দিন বাঁচব না এবং আমার পরে এ সবই তোমার এবং তোমার ভাইয়ের হবে ।তোমরা তোমাদের বাকি জীবন আরাম আয়েশে কাটাতে পারবে । আমাদের অনেক মেষ এবং ষাঁড় আছে। প্রতি বছর আমাদের ক্ষেতে প্রচুর শস্য হয় । আমাদের অনেক চাকর বাকর ও আছে...


কিন্তু আমি বাইরে গিয়ে এই পৃথিবী দেখতে চাই। আমি এভাবে একজন চাকরের মত এই খামারে জীবন কাটাতে চাই না। এখন আমি যুবক আমি জীবনে আনন্দ করতে চাই। আমার বন্ধুরা ...
তোমার বন্ধুরা যারা কখনোই কাজ করে না , শুধু চিন্তা করে কোন ঘোড়াটি দ্রুতগামী , কোন জয়ী বেশী ভাল , আর কোন স্ত্রী বেশী সুন্দরী।


জীবন সম্পর্কে আপনি কি জানেন ?আপনি তো সারা জীবন এই খামারেই কাটিয়েছেন ।আমি এখনি আমার ভাগ চাই । আমি শহরে যাব এবং আমার নিজের মত করে জীবন কাটাব ।
তাকে দিয়ে দিন ।আমরা তাকে ছাড়া ভালই থাকব । সে তার ভাগ নিয়ে যেখানে খুশি চলে যাক ।


বাবা তার ছোট ছেলেকে উত্তরাধীকারীর ভাগ বুঝিয়ে দিলেন ।তাই ছেলেটি সাগর পাড়ি দিয়ে বড় শহরে চলে গেল যেখানে সে আনন্দ করবে ।
এখন আমি বাঁচব-কেউ আমাকে বলবে না এটা কি করছ ।

লূক ১৫:১১-১৩


ছোট ছেলেটি ...
আহা , এই জায়গা আরো বেশী চমৎকার যেমন আমি ভেবেছিলাম ।সমস্ত মানুষ এবং সমস্ত বাড়িঘর অনেক সুন্দর ।এটি সেই জায়গা যেখানেই এমন হতে পারে ।
আমি অবশ্যই ভাড়াতে একটি থাকার ঘর পেয়ে যাব ।


ইয়াহ , এটি দেখতে অনেক ভাল। আমি এই ঘরটি নেব।
যদি আপনার কিছুর দরকার হয় আমাদের ডাকবেন আমরা দিন রাত আপনার সেবা করব।


এখন এর থেকে
বেশী আর কি চাই ? কাল
বাইরে গিয়ে কিছু মানুষের সাথে
পরিচিত হবো ।
লূক ১৫:১৩


হে , আমরা এখানে কি করছি ? একটি শহরে ছেলে ? সে অবশ্যই অনেক বেশী সুদর্শন হবে যেমন আমরা তাকে দেখছি ।
হে , যদি তুমি কিছু মজা পেতে চাও তবে অনুসরন কর , তুমি অনেক খাবার আয় করতে পারবে আর কিছু ভাল কাপড় ও পাবে ।


দুষ্ট ছেলে। এই নতুন পোশাকে তুমি দেখতে খারাপ লাগছ না।


আমাদের সাথে রাতের খাবারে অংশ নিলে আমরা আনন্দিত হব।
সে কি আরো **বেশী সুদর্শন** হবে না যখন সে আমাদের জালে আটকে যাবে ?


শুভ কামনা
আমাদের নতুন বন্ধুর জন্য যেন সে সবসময় সুখ এবং আনন্দ খুঁজে পায়।
... এবং ভালবাসা...




লূক ১৫:১৩


আমরা কি তোমার বাড়িতে যেতে পারি না , শুধু আমরা দু'জন ?


সেই যুবক ছেলেটি ,বাড়ি থেকে অনেক দূরে বাস করছিল বেশ কয়েক মাস ধরে ।যতক্ষণ তার টাকা ছিল তার অনেক বন্ধুও ছিল ।
একদিন সময় আসল যখন তার এই অহেতুক আনন্দ তার সমস্ত টাকা উড়িয়ে দিল-কিন্তু তখনও তার অনেক বন্ধু ছিল যারা অনেক ধনী ছিল ।



তুমি এসব কি বলছ তোমার কাছে আর কোন টাকা নেই ? আমি ভেবেছিলাম তুমি অনেক ধনী।
আচ্ছা , এখানে থাকতে অনেক টাকা খরচ হয়েছে ,এবং গত সপ্তাহে আমি জুয়া খেলায় আমার সর্বস্ব হারিয়েছি।আমি ভেবেছিলাম আমি নিশ্চিত ভাবে জয়ী হব ,এবং আমি আশা করেছিলাম ...



তার মানে তুমি বলছ এখন তোমার কিছুই নেই ?তুমি কিভাবে আমাকে জামা কিনে দেবে যা তুমি আমাকে কিনে দেবার কথা দিয়েছিলে ?
ঠিক আছে আমি আশা করছি তোমার বাবা আমাকে একটি কাজ দেবেন এবং আমাকে কিছু সম্পত্তি দেবেন।
একটি কাজ ?




আমি বিশ্বাস করতে পারছি না আমি এখন এই নোংরা শূকরদের খাওয়াচ্ছি।
আমি ভেবেছিলাম আমার অনেক বন্ধু আছে। তবে তারা এখন আমার সাথে কথা বলে না।কিন্তু আমি একটি ভাল কাজ খুঁজে নেবো এবং শীঘ্রই সবার উপরে উঠব।
ওয়িক
শালক
ঘোঁত
,ঘোঁত ,ঘোঁত
লূক ১৫:১৩-১৫


তুমি কত অসুস্থ তা আমি জানতে চাই না ।এখান থেকে যাও এবং শূকর গুলো পরিচালনা কর ।এখন যাও !
জি ,মালিক,আমি দুঃখিত। আমি এখনি যাচ্ছি।


এই কাজ করে আমি ভাল কোন খাবার খেতে পারছি না।ধারনা করছি আমার নামমাত্র বন্ধুরা সবাই এখন ভালো ভালো খাবার খাচ্ছে।


আমার এখন কি অবস্থা হয়েছে ।আমি কতো ক্লান্ত ,ক্ষুধার্ত,শীতার্ত ।আমি এই শূকরের খাবার খাচ্ছি ।আমার বাবার বাড়ির চাকরেরা এর থেকে অনেক বেশী খেতে পারে ।যদি আমি ...কিন্তু না ,আমি সেখানে ফিরে যেতে পারব না ,যেভাবে আমি বাড়ি ছেড়েছি ।তারা আমাকে আর গ্রহণ করবে না ।


কি বোকা আমি
।কিভাবে আমি ফিরে গিয়ে
।নজেকে একজন চাকর বলতে পারি
? আমি আমার সমস্ত টাকা পয়সা
উড়িয়ে দিয়েছি ।কিন্তু যদি তাদের
প্রয়োজন হয় কোন চাকরের ?


আমি বাড়ি যাচ্ছি।
তুমি বোকা ! তোমার কাছে টাকা নেই ।তোমাকে হাজার মাইল পায়ে হেঁটে যেতে হবে।


অনেক সপ্তাহ হাঁটার পর অবশেষে সে তার বাড়ির কাছে আসল।
আমি প্রায় সেখানে পৌছে গেছি।আমার কোন অধিকার নেই দয়া পাবার।আমি বাবাকে বলব ,"আমি পাপী এবং তোমার ছেলে হবার যোগ্যতা আমার নেই।আমাকে তোমার একজন কেনা চাকরের মত রাখ।"
লূক ১৫:১৬-১৯


তুমি কি দেখতে পাচ্ছ ঐ লোকটিকে যে এদিকেই আসছে ? আমার বৃদ্ধ চোখগুলো আর আগের মত দেখতে পায় না ।কিন্তু আমি তোমাকে বলছি সে **আমার হারিয়ে** যাওয়া ছোট ছেলের মতই হাঁটে ।
হ্যাঁ ,সে একটু বয়স্ক এবং স্বাস্থ্যহীন , কিন্তু আমি বিশ্বাস করি সে আপনারই ছেলে ।


আমার ছেলে !


আমার
ছেলে ।আমার ছেলে ! তুমি
বাড়ি ফিরে এসেছ !
বাবা , আমি আপনার
এবং ঈশ্বরের চোখে
পাপী ...




লূক১৫:২০-২২


আমরা ভেবেছিলাম তুমি মারা গেছ ,কিন্তু তুমি এখন আবার বেঁচে ফিরেছ। আমরা তোমাকে নতুন করে সাজাবো।
তুমি এভাবে বাড়ি ছেড়ে চলে যেও না ।আমার চাকরেরা তোমার জন্য সবথেকে ভাল জামা এবং জুতা নিয়ে আসবে ।তোমার আংটি হারিয়ে গেছে। হ্যাঁ , তোমার একটি আংটির দরকার। আমার ছেলে যাকে আমি হারিয়ে ফেলেছিলাম তাকে আবার খুঁজে পেয়েছি।


মোটাসোটা বাছুরটা কাট, এবং ভোজের আয়োজন কর ,অতিথিদের আমন্ত্রণ জানাও ,আজকের এই আনন্দের দিনটি আমরা উদযাপন করব।


আমি খুবই আনন্দিত যে আপনারা আমার সাথে এই আনন্দের অনুষ্ঠানে *যোগ দিয়েছেন ।আমার* ছেলে তার কঠোর পরিশ্রমের জন্য এখনও দুর্বল তবে সে দ্রুতই সবল হয়ে উঠবে ।এই দিনটি আমার জীবনের সবচেয়ে ভাল দিন ।


বড় ভাই কিছুদিনের জন্য বাইরে গিয়েছিল ।যখন সে ফিরে আসল ,সে দেখল বাড়িতে আনন্দ উৎসব হচ্ছে ।
আমি যে নাচ গান শুনতে পাচ্ছি তা কিসের জন্য হচ্ছে ?


আপনার ছোট ভাই বাড়ি ফিরে এসেছে খুবই কাতর অবস্থায়। সে খুবই অসুস্থ এবং অসহায় ।আপনার বাবা তার ফিরে আসার আনন্দে বাড়িতে উৎসব পালন করছেন ।তাড়াতাড়ি ভিতরে চলুন।
আমি এই মূর্খতায় অংশ নেব না ।সে পাপের এবং লজ্জার জীবন কাটিয়েছে।
চাকর গিয়ে তার মালিককে জানাল ছেলে যা বলেছে।এবং সে ছেলের সাথে কথা বলতে বাইরে বেরিয়ে আসলেন।


আমি তাকে এতোগুলো দিন ধরে খুঁজেছি ,ভেবেছিলাম তাকে আমি হারিয়ে ফেলেছি। যখন আমি হাল ছেড়ে দিয়েছিলাম দেখলাম তখন সে রাস্তা দিয়ে হেঁটে আসছে।তুমি কি এমন আশীর্বাদে বিশ্বাস কর না ?ঈশ্বর সত্যিই মহান।
আমি বিশ্বাস করতে পারছি না আপনি ওই পাপীর জন্য আনন্দ করছেন ।আমি এই অনুষ্ঠানে অংশ নেব না।


এটি একটি সুন্দর গল্প , কিন্তু তুমি কি আমাদেরকে ওই বড় ভাইয়ের মত বলছ ?
যার শুনবার কান আছে সে শুনুক ।


লূক ১৫:২৩-৩২


এই লোকটি বিপদজ্জনক ।সব মানুষ একে ভালবাসতে শুরু করেছে।
সে তাদেরকে আশা দিচ্ছে।
হ্যাঁ , কিন্তু এতো মিথ্যা আশা। কে পাপীদের অনন্ত জীবন দেওয়ার কথা দিতে পারে ?তাকে অবশ্যই মরতে হবে ।সকলকে একত্রিত কর ।আমরা আজ প্রধান পুরোহিতের বাড়িতে দেখা করব।


এসো , আমরা গালীলে ফিরে যাব এবং সেখানে কিছুক্ষণ বিশ্রাম নেব ।সেই সময় কাছে এসে গেছে যখন তারা আমাকে কারাগারে *নিক্ষেপ* করবে , আমাকে **উপহাস** করবে , আমাকে **মেরে** ফেলবে , কিন্তু তৃতীয় দিন আমি **মৃত্যু থেকে** জীবিত হয়ে **উঠব** ।
তিনি কি বলছেন ,”মৃত্যু *থেকে উঠবেন ?”*
আমার জানা নেই । এটি নিশ্চয় কোন দৃষ্টান্ত হবে ।


গুরু , এটি গুরুত্বপূর্ণ ! মার্থা আমাকে পাঠিয়েছে আপনাকে খুঁজতে ।তার ভাই লাসার অসুস্থ প্রায় মৃতের মত ।সে আপনার ভাল বন্ধু ।যদি আপনি জলদি করেন তবে তার মৃত্যুর পূর্বে সেখানে যেতে পারবেন ।আমরা জানি আপনি তাকে সুস্থ করতে পারেন ।
লাসার অসুস্থ ? আমরা জলদি যাব ।
মার্থা এবং মেরীকে বলবে যে আমি যাব ।এবং তাদেরকে জানাবে এই অসুস্থতা মৃত্যুর জন্য নয় কিন্তু ঈশ্বরের গৌরবের জন্য ।



দুই দিন পর
গুরু , দুই দিন হয়ে গেছে আমরা শুনেছি যে আমাদের বন্ধু লাসার মৃতের মত অসুস্থ্ । এবং আমাদের সেখানে যেতে দুই দিন লাগত । তবে কি আমরা সেখানে যাব না ?
আমরা আগামীকাল যাব । তোমরা ঈশ্বরের মহিমা দেখতে পাবে ।




মথি ২০:১৭-২০; যোহন ১১:১-১৫


যীশু এবং তার শিষ্যরা শহরের বাইরে এসেছে।
তাদেরকে বল আমার জন্য সেখানে অপেক্ষা করতে।তাদের জন্য ফরীশী এবং ধর্ম যাজকদের সামনে আসা বিপদজ্জনক।তারা তাকে মেরে ফেলার জন্য খোঁজ করছে।
নাআআআআ!
আহহহহহহহ!
বেচারা লাসার !


প্রভু , যদি আপনি এখানে থাকতেন আমার ভাই মারা যেত না ।আপনি ঈশ্বরের কাছে কিছু চাইলে তিনি আপনার জন্য তা করতেন ।
তোমার ভাই মৃতদের মধ্য থেকে উঠবে ।
আমি জানি প্রভু সে আবার উঠবে যখন জগত ধ্বংস হয়ে পুনরুত্থান ঘটবে তখন ।


আমিই পুনরুন্থান ও জীবন।
যে আমার উপর বিশ্বাস করে সে মরলেও জীবিত হবে।আর যে জীবিত আছে এবং আমার উপর বিশ্বাস করে সে কখনও মরবে না।তুমি কি এই কথা বিশ্বাস কর ?


হ্যাঁ ,প্রভু , আমি
বিশ্বাস করি আপনিই সেই
**মশীহ , ঈশ্বর** পুত্র , ভবিষ্যৎ
বাণী অনুযায়ী **যার আসার**
কথা ছিল ।


যীশুর সাথে কথা বলার পর সে চাকরকে পাঠালো মেরীকে আনতে।
এসো , সে কবরের কাছে গেছে কাঁদার জন্য।
ওহোহোহো!
যোহন ১১:১৭-৩১


খড়ৎফ, রভুড়ঁ যধফ নববহ যবৎব, সু নৎড়ঃযবৎ ড়িঁষফ হড়ঃ যধাব ফরবফ.
তোমরা তাকে কোথায় সমাধিত করেছ ?


তাকে আমাদের অনেক মনে পড়ছে।


দেখো যীশু লাসারকে কত ভালবাসত।
তিনিই কি সে নন যে অন্ধকে দৃষ্টি ফিরিয়ে দেন তবে কি তিনি নিজের বন্ধুর মৃত্যুকে থ ামাতে পারতেন না ?


পাথরটি সরাও ।
কিন্তু প্রভু , সে মারা গেছে চারদিন হয়ে গেল এখন তো লাশ পচে দুর্গন্ধ ছড়াতে শুরু করেছে ।
আমি কি তোমাকে বলি নি যদি তুমি আমার উপর বিশ্বাস কর তাহলে ঈশ্বরের মহিমা দেখতে পাবে ?পাথরটি সরিয়ে নাও ।


পিতা , তোমাকে ধন্যবাদ যে তুমি আমার কথা শুনছ ।আমি এখন আমার জন্য প্রার্থনা করছি না কারন আমি জানি তুমি সবসময় আমার কথা শুনে থাক ।আমি প্রার্থনা করছি তাদের জন্য যারা তোমার **মহিমা** দেখে বিশ্বাস করবে যে তুমি আমাকে পাঠিয়েছ ।**এখন পিতা** , *তোমার* মহিমা প্রকাশ কর ।
যোহন ১১:৩২-৪২


লাসার ,বের হয়ে এসো।
এই সময়ে সে অনেক দূরে চলে গেছে।
হু , সে নিজেকে হাসির পাত্র করছেন।


কেন , দেহ এতক্ষনে পঁচতে শুরু করেছে ।
যখন সবাই দেখবে যে সে একজন প্রতারক ,তখন আমাদের জন্য তাকে ধরে মেরে ফেলা সহজ হবে ।


কিভাবে ?
আমি বিশ্বাস করতে
পারছি না !
এটা হতে
পারে না !


ঈশ্বরের গৌরব হোক !
কেএএএএএ !




যোহন ১১:৪৩-৪৪


লাসার মৃত্যুর চারদিন পর জীবিত হয়ে, কবর থেকে বেরিয়ে এসেছে , তার হাত পা কবরের কাপড়ে বাঁধা ছিল ।
ওর বাঁধন খুলে দাও এবং ওকে যেতে দেও ।
ঈশ্বর ছাড়া কে এমন কাজ করতে পারে ?


এ কেমন আদিখ্যেতা ? আমাকে এই কবরের কাপড় থেকে বের কর ।
তুমি চারদিন আগে মারা গিয়েছিলে ।
গুরু , আপনাকে দেখে ভাল লাগছে ।আমার বিশ্বাস আমাকে আপনিই আবার ফিরিয়ে এনেছেন ।


ওহ , লাসার তোমাকে আমাদের খুব মনে পড়েছে।
আমি খুবই ক্ষুধার্ত , শোক ছেড়ে চল বাড়িতে গিয়ে খাওয়া দাওয়া করি।
আমাদের প্রভু ঈশ্বর আমাদের প্রতি দয়া করুন।


তুমি কি বিশ্বাস করছ আমরা যা দেখেছি ? এখানে বলা যায় না যে সে মিথ্যাবাদী । লাসারকে কবরে দেওয়ার আগে আমি তাকে দেখেছিলাম । সে সত্যিই মারা গিয়েছিল , কোন সন্দেহ নেই ।
যখন জেরুজালেমে এই খবর যাবে , তারা তাকে রাজা মানতে শুরু করবে । জলদি কিছু করতে হবে ।
আমাদেরকে ভবিষ্যৎবাণী এবং ধর্মশিক্ষা গুলো ভালো করে জানতে হবে যত দ্রুত সম্ভব ।



আজ যীশু অনেক বড় একটি প্রতারনা করেছে। এমন কি যারা আজ দেখেছে তারা ভেবেছে যে *সে সত্যিই* একজন মৃতকে কবর থেকে উঠিয়েছে ।
সে কি করেছে সেটা *কোন* বিষয় নয় ; সে যদি এটি বাদ না দেয় তবে সে মানুষের মনে জায়গা করে নেবে।
যদি এখানে বিদ্রোহ হয় , রোমানরা আমাদের ক্ষমতা কেড়ে নেবে ।তারা আশা করে আমরা এখানে শান্তি বজায় রাখব ।
যোহন ১১:৪৪-৪৮


কিন্তু যীশু কখনওই রোমের বিরুদ্ধে কথা বলে নি বা বিশৃংখলা করে নি।
তার শব্দগুলোই বিশৃংখলা ! সে লোকদের সামনে আমাদের ষড়যন্ত্রকারী বলেছে। লোকেরা আমাদের নিয়ে হাসাহাসি করেছে তারা খোলাখুলিভাবেই আমাদের উপহাস করেছে।


তাকে অবশ্যই মরতে হবে। সে কখনোই নিজেকে মৃত্যু থেকে জীবিত করতে পারবে না।
এটা জলদি করতে হবে , আমাদের ধর্মের প্রতি লোকদের বিশ্বাস উঠে যাবার আগেই।
রোমানরা আমাদের বিরুদ্ধে যাবার আগেই।


তারা আমাকে ফিরিয়ে দিয়েছে এবং আমাকে খোঁজ করছে মেরে ফেলার জন্য ।তারা বুঝতে পারছে না আমি **তাদেরকে মুক্তি** দিতে এসেছি ।আমি তোমাদের বলছি আমার যাবার পর , রোম ধ্বংস হবে এবং এই যে মন্দির তারা এতো ভালবাসে সেই মন্দিরের একটার পর একটা ইট আর থাকবে না ।


সেই সময় আসবে যখন যারা আমাকে ভালবাসে তাদেরকে কষ্ট দেওয়ার জন্য জেলে দেওয়া হবে ।সমস্ত জাতির লোক তোমাদের ঘৃণা করবে কারন তোমরা আমাকে ভালবেসেছ ।তোমাদের মধ্যে কেউ কেউ তাদের হাতে মারা পড়বে ।অন্যরা নিজেদের ঘর থেকে বিতাড়িত হবে এবং কোন কাজের জন্য উপযুক্ত হবে না । ভয় করো না যখন তোমরা এই সব কিছু দেখবে ।সেই সময় অনেক যুদ্ধ হবে ,ভূমিকম্প , মহামারী , দুর্ভিক্ষ এবং আকস্মিক বিপর্যয় আসবে ।তবে এগুলো সবকিছুর শেষ নয় ।



এই সবই দুঃখের
শুরুমাত্র ।জেরুজালেম অন্যদের
দ্বারা সম্পূর্ণ দখল হবে যতক্ষণ না তার
সময় সীমা শেষ হয় ।যখন কেউ তোমাদের
বলবে আমি ফিরে এসেছি তখন তোমরা
আমার সাথে দেখা করার জন্য এখানে
সেখানে ছুটে যেও না ।তাদের বিশ্বাস
করো না ।আমার নাম করে এমন
অনেকেই আসবে ।




মথি ১০:২২,২৪:২,৫-৯,২১,২৭-৩১; লূক ১৯:৪৩-৪৪,২১:৮; যোহন ১১:৪৯-৫৩; প্রকাশিত বাক্য ২:১০


গুরু ,মার্থা আমাকে আপনার কাছে পাঠিয়েছে ।আপনাকে এবং আপনার শিষ্যদের আমাদের বাড়িতে সে স্বাগত জানিয়েছে ।জেরুজালেম আপনার জন্য নিরাপদ নয় ।কিছু লোক অসন্তুষ্ট হয়েছে যে আপনি আমার মালিককে জীবিত করেছেন ।আপনি কি আমাদের বাড়িতে আমাদের সাথে থাকবেন ?
তোমাদের সাথে থাকলে আমরাও আনন্দিত হব ।আমি তাদেরকে আরো একবার দেখতে চাই আমার কষ্টভোগের আগে ।


এই যে যীশু আর তার শিষ্যরা।
প্রভু , আমার ঘর আপনার আসুন এবং এখানে বিশ্রাম করুন।
লাসার , আমার বন্ধু , তোমাকে বেশ ভাল দেখাচ্ছে শেষ বার যখন তোমাকে দেখেছিলাম তখন তোমার ঘর ছিল শোকের ঘর।




মথি ২০:১৯, ২৬:২; যোহন ১২:১-২, ১৪:৬


প্রভু , আমি জানতে পেরেছি যে ইহুদীরা সিদ্ধান্ত নিয়েছে আপনাকে জোর করে আটক করে হত্যা করবে ।
আমি নিজের জীবন দিতে এই জগতে এসেছি ।আমাকে বন্দী করে ক্রুশে দেওয়া হবে কিন্তু আমি তৃতীয় দিন আবার জীবিত হব ।


আপনিই পুনরুত্থান ও জীবন। যে আপনার উপর বিশ্বাস করে সে কখনোই মরবে না।


মেরী , তুমি এতো দামী সুগন্ধি দিয়ে কি করছ ?



প্রভু আমার , আপনিই পুনরুত্থান ও জীবন। যদিও আপনাকে মেরে ফেলা হবে তারপরও আপনি আবার জীবিত হবেন।


মেরী এই সুগন্ধির মূল্য এক বছরের বেতনের সমান , কেন তুমি এটিকে নষ্ট করছ ?
কিন্তু সে এটি প্রভুকে লেপন করছে।
এটিকে বিক্রি করে অনেক টাকা পাওয়া যেত সেই টাকা গরিবদের মাঝে বিলিয়ে দেওয়া যেত।


মেরী নিজের চুল দিয়ে যীশুর পা মুছিয়ে দিলেন।
তাকে করতে দাও। সে আমাকে কবরে যাওয়ার আগে সাজিয়ে দিচ্ছে।




মথি ২০:১৯; যোহন ১২:৩-৮ , ১০:১১


আমি তোমাদের বলছি উত্তম মেষপালক নিজের মেষদের জন্য জীবন দেয় ।আমাকে অত্যাচারিত হতে হবে ,ক্রুশে দেওয়া হবে এবং সমাধিস্থ করা হবে ।কিন্তু তৃতীয় দিন আমি আবার জীবিত হয়ে উঠব ।
মেরী আমাকে কবরের জন্য প্রস্তুত করছে। আমার সময় আসছে , সেই সময় আমাকে মহিমান্বিত করা হবে। এসো , আমাদের জেরুজালেম যেতে হবে , যেখানে এসব ঘটবে।


গুরু , সমস্ত জেরুজালেম আপনার অপেক্ষায় আছে !
যাও , আমার জন্য একটি গাধা নিয়ে এসো চড়ে যাবার জন্য । আমরা শেষবারের মত জেরুজালেমে যাব ।


গুরু ,
জেরুজালেমে প্রবেশের জন্য হাজার মানুষ আপনার অপেক্ষায় আছে ।তারা আপনাকে রাজা বলছে ।
আমাকে অত্যাচার করা হবে , ক্রুশে দেওয়া হবে কিন্তু তৃতীয় দিন আমি মৃত্যু থেকে আবার জীবিত হয়ে উঠব ।


ইহুদী রাজার জয় হোক !
জয় হোক , যিনি প্রভুর নামে এসেছেন ।
দায়ূদ পুত্রের প্রশংসা হোক ।




যোহন ১২:১২-১৩


লোকেরা তাকে ইহুদীদের রাজা বলছে !
তারা মনে করে সে মশীহ , সেই প্রতিজ্ঞিত জন !
কেন সে মন্দিরে এসেছে ? সে অবশ্যই জানে তার জীবন বিপদে আছে।
দায়ূদ পুত্র, আমাদের উদ্ধারকর্তা ।


তারা এখনও **ঈশ্বরের** ঘরকে ব্যবসার ঘর করে রেখেছে। এটি দেখতে **প্রার্থনার ঘর** নয় বরং বাজার বলে মনে হচ্ছে।
আমি তোমাকে ভাল দামে একটি দিতে পারি ।এটি **উৎসর্গের** জন্য ইতিমধ্যে সমর্থিত হয়েছে।



আমি দুঃখিত
, কিন্তু তুমি যদি এর
থেকে ভাল দাম চাও তবে
তোমাকে অন্য কোথাও
যেতে হবে। এটাই আমার
ভালো প্রস্তাব।


মথি ২১:১১-১২


যীশু আবার একই কাজ করলেন ।তিনি চোর এবং অসভ্যদের থেকে মন্দিরকে রক্ষা করতে লাগলেন ।
এই ব্যবসায়ীদের আমার পিতার ঘর থেকে বাইরে নিয়ে যাও ।তোমরা চোর আর ডাকাতের দল ।
যারা প্রার্থনা করতে আসে তোমরা তাদের থেকে টাকা আয় কর । তোমরা তোমাদের টাকা নিয়ে নরকে যাও ।
ঠপাস !
বাইরে দেখো !




কোন অধিকারে তুমি এমন করছ ?
ব্যা !
ঈজঅঝঐ !
তুমি নিজেকে কি মনে করো ?
আমার পিতার ঘরকে ব্যবসার ঘর কোরো না।


গুরু , পণ্ডিতেরা এবং পুরোহিতেরা আমাদের উপর নজর রাখার জন্য গুপ্তচর পাঠিয়েছে ।তারা ষড়যন্ত্র করেছে পর্বের আগেই আপনাকে বন্দী করবে , আর পর্ব দিনের অল্প কিছু দিন বাকী আছে ।
তুমি কি জান এর অর্থ হলো সে মন্দির পরিষ্কার করে জয়ী হয়ে জেরুজালেমে প্রবেশ করেছে ?


আমি তোমাদের বলেছি যে আমাকে **অবশ্যই** তাদের হাতে অত্যাচারিত হতে হবে এবং আমাকে ক্রুশে দেওয়া হবে ।কিন্তু তিন দিনের দিন আমি আবার জীবিত হয়ে উঠব ।
হ্যাঁ , ভাববাদীরা বলেছে যে ,”*তোমার ঘরের জন্য আমার যে গভীর ভালবাসা সেই ভালবাসাই আমার অন্তরকে জ্বালিয়ে তুলেছে ।”এটিই মশীহর দাবি ।*
পর্বের আগেই **তাকে থামাতে** হবে। তার শিষ্যদের মধ্যে আমাদের **একজন** গুপ্তচর আছে।
গীতসংহিতা ৬৯:৯; মথি ২১:১২-১৩


আমি তোমাদের সতর্ক করছি , লোকে তোমাদের বিচার সভার লোকদের হাতে ধরিয়ে দেবে এবং সমাজ ঘরে বেত মারবে ।তোমরা আমার ভালবাসা এবং শক্তির সাক্ষী হবে ।যখন তোমাদের বিচারের জন্য নিয়ে যাওয়া হবে, তখন কি বলতে হবে আমি তা তোমাদের বলে দেবো ।সন্তানরা তাদের পিতা-মাতার বিরুদ্ধে দাড়াবে এবং পিতা-মাতা সন্তানদের বিরুদ্ধে দাড়াবে ।তোমাদের ঘৃণা করা হবে কেননা তোমরা আমাকে ভালবেসেছ ।অনেক ভন্ড নবীরা আসবে এবং নিজেদেরকে আমি বলে দাবী করবে ।পবিত্র আত্মা তোমাদের সাথেই থাকবে ।
গুরু , আপনি যখন আসবেন তখন কেমন চিহ্ন দেখা যাবে এবং এই জগত ধ্বংসের আগেই কেমন চিহ্ন দেখা যাবে ?


গধংঃবৎ, যিধঃ রং ঃযব ংরমহ ড়ভ ুড়ঁৎ ৎবঃঁৎহ ঃড় ঃযব বধৎঃয ধহফ ড়ভ ঃযব বহফ ড়ভ ঃযব ড়িৎষফ?
তখন অনেকেই বলবে মশীহ ওখানে ,মশীহ এখানে ,তাদেরকে বিশ্বাস করো না ,কারন যখন আমি আসব তখন আলোর বেগের মত করে আসব পাপীদের বিচারের দায় থেকে মুক্ত করতে। এবং তোমরা সেই দিন আসার আগে জানতে পারবে না আমি কখন কোন দিন আসব।


নোহর সময়ে যেমন হয়েছিল মনুষ্যপুত্রের সময় ও তেমনই হবে ।লোকেরা আনন্দে ব্যস্ত থাকবে তারা জানতেও পারবে না কখন বন্যার জল এসে তাদের ভাসিয়ে নিয়ে যাবে ।রাতের অন্ধকারে যেমন করে চোর আসে আমি ঠিক তেমন করেই আসব ।
দুইজন একসংগে মাঠে কাজ করবে তাদের একজনকে নেওয়া হবে এবং অন্যজনকে দুঃখ ভোগের জন্য ফেলে যাওয়া হবে।
দুইজন স্ত্রীলোক একসংগে যাঁতা ঘুরাবে তাদের একজনকে নেওয়া হবে অন্যজনকে ফেলে যাওয়া হবে ।আমি এমন দিন আসব যখন তোমরা কেউ ভাবতেই পারবেনা ।


প্রভু
আমাকে একজনকে
খুঁজতে শহরে যেতে
হবে। আমি পরে
ফিরে আসব।
যাও , যুদাস,তুমি
যা করতে চাও তাই
করো।


যদি মূল্য সঠিক হয় , তবে আমি যীশুকে আপনাদের হাতে ধরিয়ে দিতে পারি ।
কিন্তু তুমি তার শিষ্যদের একজন যুদাস,তাই না ?
হ্যাঁ, আমি তার সাথে তিন বছর ধরে আছি,কিন্তু আমি ক্লান্ত হয়ে পড়েছি ।সে পাগলের মত কথা বলে ,আর আমার ও টাকার প্রয়োজন ।




মথি ২৬:১৪-১৬; মার্ক ১৩:৫-১৩; লূক ১৭:২৬-৩৭; যোহন ১২:২৩-২৪; ২য় পিতর ৩:১০



আমার মন এখন অস্থির হয়ে উঠেছে ।আমি কি এই কথাই বলব,'পিতা,যে সময় এসেছে সেই সময়ের হাত থেকে আমাকে রক্ষা কর ?'কিন্তু এরই জন্যতো আমি এই সময় পর্যন্ত এসেছি ।


পিতা, তোমার
মহিমা প্রকাশ কর।



আমি
আমার মহিমা প্রকাশ করেছি
আবার তা প্রকাশ করব।
ওটা মেঘের ডাক।
ঈশ্বর তার সাথে কথা বললেন !
একজন স্বর্গদূত তার সাথে কথা বললেন।


এই কথা আমার জন্য বলা হয়নি , তোমাদের জন্য বলা হয়েছে ।সময় এসেছে যখন জগতের কর্তার হাত থেকে প্রভুত্ব কেড়ে নেওয়া হবে ।আমাকে যখন মাটি থেকে উঁচুতে তোলা হবে তখন আমি সবাইকে আমার কাছে টেনে আনব ।
আমরা জানি ভাববাদীরা বলে গেছেন,মশীহ চিরকাল থাকবেন ,আর আপনি বলছেন আপনাকে মরতে হবে;তাহলে এই মশীহ কে ?


আর অল্প কাল আলো আপনাদের সাথে আছে, সেই আলোতে বিশ্বাস করুন যেন আপনারা আলোর লোক হতে পারেন।
এই কথা **আমাকে** পাগল করে দেবে।


যদি কেউ আমাকে এবং আমার কথাকে অস্বীকার করে তবে তাকেও ঈশ্বরের সামনে অস্বীকার করা হবে ।আমিই জগতের আলো যে কেউ আমার উপর বিশ্বাস করে অন্ধকার তাকে জয় করতে পারবে না,কিন্তু সে অনন্ত জীবন পাবে ।

যোহন ১২:২৭-৩৬



# অধ্যায় ১১

## (উদ্ধঠও ঈর্ঊ এউঝ দণঞখঋেঠগ )


যাও আমাদের জন্য উদ্ধার পর্বের ভোজ প্রস্তুত কর যেন আমরা তা খেতে পারি।



আমি কষ্টভোগ করবার আগে তোমাদের সাথে এই উদ্ধার পর্বের ভোজ খাওয়ার আমার খুব ইচ্ছা ছিল ।আমি তোমাদের বলছি এই জগতে ঈশ্বরের রাজ্য প্রতিষ্ঠিত হওয়ার আগে আমি আর কখনও আঙুর রস খাব না ।তখন তোমরা আমার সাথে বসে খাওয়া দাওয়া করবে এবং সিংহাসনে বসে ইসরায়েলের বারো গোষ্ঠির বিচার করবে ।
আমি তোমাদের বলছি শাস্ত্রে লেখা এই কথা পূর্ণ হবে গীতসংহিতা ৪১:৯,পদে লেখা শাস্ত্র বাণী হলো ,”আমার প্রাণের বন্ধু আমার সাথে বিশ্বাসঘাতকতা করবে এবং আমার বিরুদ্ধে পা তুলবে ।”যে আমার সাথে বিশ্বাসঘাতকতা করবে সে আমার সাথে এই পেয়ালায় হাত দিয়ে আছে ।
২৮ ঢ়ঃ


এটি পূর্ব নির্ধারিত কিন্তু দুঃখ হয় তার জন্য যে এমনটি করবে।


প্রভু সে কি আমি ? আমি আপনার সাথে বিশ্বাসঘাতকতা করতে চাই না ।
প্রভু সে আমি নই , তাই না ?
গুরু , আমি কখনওই আপনার সাথে বিশ্বাসঘাতকতা করব না ।

লূক ২২:৮-২৩


এ সেই যে আমার সাথে একই পান পাত্রে হাত ডুবিয়েছে।


আমরা সবাই আপনার সাথে একই পাত্রে রুটি ভিজিয়েছি।
যোহন চুপিচুপি যীশুকে জিজ্ঞেস করল প্রভু কে আপনার সাথে বিশ্বাসঘাতকতা করবে।যীশু বললেন ,"এই রুটির টুকরাটা পাত্রে ডুবিয়ে আমি যাকে দেব সে-ই সেই লোক।"



প্রভু,
সে কি আমি ?
তুমিই বল।


যীশু রুটির টুকরাটি
ভিজিয়ে যিহূদাকে দিলেন।




মথি ২৬:২৩-২৯; যোহন ১৩:২৬-৩০


যিহূদা কোথায় যাচ্ছে ?
গুরু তাকে কোথাও তাড়াতাড়ি যেতে বললেন ; যেহেতু সে টাকার থলি নিয়ে যাচ্ছে মনে হয় সে গরিবদের দান করতে যাচ্ছে।



এখন সময় হয়েছে আমার মহিমা প্রকাশ হবার ।সন্তানেরা আর অল্প সময় আমি তোমাদের সংগে আছি ।
আমি যেখানে যাচ্ছি তোমরা সেখানে যেতে পারবে না ।এখন আমি তোমাদের একটা নতুন আদেশ দিচ্ছি যে তোমরা একে অপরকে ভালবাসবে ।যাতে সবাই বুঝতে পারবে যে তোমরা আমার শিষ্য সেইজন্যই তোমরা একে অপরকে ভালবাস ।
সখরিয় ভাববাদী এই সময় সম্পর্কে বলেছেন ,”আমি মেষশাবককে আঘাত করব তাতে তার মেষগুলো ছড়িয়ে পড়বে ।”আমার মৃত্যুর পর তোমরা গালীলে যাবার আগেই আমি সেখানে যাব ।এবং আজ রাতে তোমরা সকলে আমাকে অস্বীকার করবে ।


গুরু , যদিও সবাই আপনাকে অস্বীকার করে তবুও আমি আপনাকে অস্বীকার করব না ।
পিতর , আজ ভোর রাতে মোরগ ডাকার পূর্বেই তুমি তিনবার আমাকে অস্বীকার করবে ।


আপনাকে অস্বীকার করার পূর্বেই আমি আপনার সাথে মরে যাবো।
আপনাকে কখনওই অস্বীকার করব না !
তোমরা আমাকে অস্বীকার না করা পর্যন্ত তারা আমাকে অত্যাচার করবে না।



শাস্ত্রে পরিষ্কার লেখা আছে : তোমরা সকলে আমাকে অস্বীকার করবে ।ভাববাদী যিশাইয় আমার সম্পর্কে বলেছেন যে ,”আমার সাথে পাপীদের মত আচরন করা হবে” ।
পিতর , যখন আমার প্রতি তোমার বিশ্বাস আবার ফিরে আসবে তখন তোমার ভাইদের বিশ্বাসকে আরো বেশী শক্তিশালী করো ।


হে জগতের শাসনকর্তা , আমাদের ঈশ্বর সদাপ্রভু , আমাদের আশীর্বাদ কর ।তুমি এই জগতকে উদ্ধারের জন্য এই ব্যবস্থা করেছ। ২৪৫,
-৫-২ ঞযরং নংবধফ রিষষ... এই নাও এ আমার দেহ যা তোমাদের দেওয়া হবে আমাকে স্মরণ করে তোমরা এমন করো ।




মথি ২৬:৩৩-৩৫; যোহন ১৩:৩১-৩৮; ১ম করিন্থীয় ১১:২৪-২৫



এটা নাও
এবং সবাই খাও ।


আমার
রক্তের দ্বারা ঈশ্বরের যে
নতুন ব্যবস্থা বহাল করা হবে
সেই ব্যবস্থার চিহ্ন হল এই
পেয়ালা যা তোমাদের জন্য
দেওয়া হবে।


তোমরা সকলে এটি ভাগ করে খাও ।এখন থেকে যতদিন আমি আমার পিতার রাজ্যে তোমাদের সংগে আংগুর ফলের রস নতুন ভাবে না খাই ততদিন পর্যন্ত আমি আর তা খাব না ।





যোহন ১৪:১-৩; ১ম করিন্থীয় ১১:২৪-২৬


তোমাদের মন যেন আর অস্থির না
হয় ।ঈশ্বরের উপর বিশ্বাস কর,আমার উপরেও বিশ্বাস
কর ।আমার পিতার বাড়িতে থাকবার অনেক জায়গা আছে ।তা না
হলে আমি তোমাদের বলতাম,কারণ আমি তোমাদের জন্য জায়গা
ঠিক করতে যাচ্ছি ।আমি গিয়ে তোমাদের জন্য জায়গা ঠিক করে
আবার আসব আর তোমাদের নিয়ে যাব, যেন আমি যেখানে
থাকি তোমরাও সেখানে থাকতে পার ।


কিন্তু প্রভু,আপনি কোথায় যাচ্ছেন আমরা তো তাই জানি না তবে আপনার কাছে যাবার পথ কি করে জানব?


তুমি জান সেই পথ,আমিই পথ, সত্য ও
জীবন ।আমার মধ্য দিয়ে না গেলে কেউই পিতার কাছে
যেতে পারে না ।যদি তোমরা আমাকে জানতে তবে আমার
পিতাকেও জানতে ।এখন তোমরা তাঁকে জেনেছ আর
তাঁকে দেখতেও পেয়েছ।


গুরু , পিতাকে আমাদের দেখান তাহলেই আমরা সন্তুষ্ট হব।
ফিলিপ , এতদিন আমি তোমাদের সংগে সংগে আছি,তবুও কি তুমি আমাকে জানতে পার নি ? যে আমাকে দেখেছে সে পিতাকেও দেখেছে ।আমি এবং পিতা একই ।


আমি তোমাদের একা ফেলে **যাব না** ।আমি আবার তোমাদের কাছে আসব ।এই জগত আমাকে আর দেখবে না ।তবে আমি তোমাদের **জন্য সাহায্যকা**রী পবিত্র আত্মাকে পাঠিয়ে দেব ।সে তোমাদের পরিচালনা করবে এবং তোমাদেরকে সত্য শিক্ষা দেবে ।
যদি তোমরা আমাকে ভালবাস তবে আমার *আদেশ পালন* করবে ।আমি তোমাদের কাছে **শান্তি** রেখে যাচ্ছি যা এই জগত কেড়ে নিতে পারবে না ।



যদি তোমরা আমাকে ভালবাসতে তবে আমি পিতার কাছে যাচ্ছি বলে তোমরা খুশি হতে ।এইসব আমি তোমাদের বলে রাখলাম যেন এসব ঘটলে পরে তোমরা বিশ্বাস করতে পার ।
ওঠো,চল আমরা একটি গান গেয়ে প্রার্থনা করার জন্য বাগানে যাই ।






মথি ২৬:৩০; যোহন ১৪:৫-১০, ১৫,২৫-৩০


জলদি অনুসরন করো। আমাদেরকে আমাদের গোপন জায়গায় গিয়ে প্রার্থনা করতে হবে।


আমি তোমাদের বলছি তোমরা দুঃখিত হয়ো না অল্প কিছু সময়ের জন্য আমাকে তোমাদের কাছ থেকে নিয়ে যাওয়া হবে , আবার অল্প কিছু সময় পর তোমরা আমাকে দেখতে পারবে ।
তোমরা কাঁদবে আর দুঃখে ভেংগে পড়বে ,কিন্তু তোমাদের দুঃখ পরে **আনন্দে পরিণত** হবে ।আমি পিতার কাছ থেকে এসেছি আবার তার কাছেই ফিরে যাচ্ছি ।


এখন আপনি খোলাখুলিভাবেই কথা বলছেন এবং আমরা আপনাকে বিশ্বাসও করি।
এখন কি তবে বিশ্বাস হচ্ছে ? অল্প সময়ের মধ্যে তোমরা আমাকে ছেড়ে চলে যাবে এবং দলছাড়া হয়ে যাবে। এখানেই থাকো যতক্ষণ না আমি একটু দূরে গিয়ে প্রার্থনা করে ফিরে আসি।


পিতা,সময় এসেছে।তুমি যে কাজ আমাকে করতে দিয়েছ তা শেষ করে এই জগতে আমি তোমার মহিমা প্রকাশ করেছি।জগত সৃষ্টি হবার আগে তোমার পাশে আমার যে মহিমা ছিল সেই মহিমা আবার আমাকে দাও।আমি তাদেরকে তোমার বিষয়ে শিক্ষা দিয়েছি এবং তারা তা বিশ্বাস করেছে। এই জগত তাদেরকে ঘৃণা করবে যেভাবে তারা আমাকে ঘৃণা করেছে,কারণ আমি তাদেরকে সত্য জানিয়েছি।তারা কেউই এই জগতের নয়। আমি তোমার কাছে প্রার্থনা করছি না যে তুমি তাদেরকে এই জগতের বাইরে নিয়ে যাও আমি তোমার কাছে প্রার্থনা করছি তুমি তাদেরকে শয়তানের হাত থেকে রক্ষা কর।


আমি তাদের জন্যও প্রার্থনা করছি যারা তাঁদের কথার মধ্য দিয়ে আমার উপর বিশ্বাস করবে ।তারা যেন সকলে আমার সাথে যুক্ত থাকে যেভাবে তুমি আমার সাথে যুক্ত আছো ।পিতা যেভাবে আমাকে তুমি ভালবাস সেভাবে এদেরকেও ভালবেসো ।






মথি ২৬:৩১,৩৮; যোহন
১৬:১৯-২০,১৭:১-১০


পিতা যদি সম্ভব হয় এই দুঃখের **পানপাত্র** আমার কাছ থেকে দূর কর তবে তা আমার ইচ্ছায় নয়, তোমার ইচ্ছা হলে আমি অবশ্যই তা গ্রহণ করব।


যীশু এই জগতে পাপীদের পাপ নিজে বহন করতে এসেছে।ঐ সময়ের ক্রুশের লজ্জাজনক মৃত্যুকেও গ্রহণ করেছে,এর অর্থ হলো জগতের সব কালের মানুষদের জন্য যীশু নিজেই পাপ বহন করছেন।
পিতা যদি সম্ভব হয় এই দুঃখের পেয়ালা আমার কাছ থেকে সরিয়ে নাও।


কিন্তু আমার ইচ্ছা নয় , তোমার ইচ্ছাই পূর্ণ হোক।
যীশুর ঘাম রক্তের ফোঁটা হয়ে পড়তে লাগল।


হঠাৎ এক স্বর্গীয় দূত যীশুর সামনে আবির্ভূত হয়ে যীশুকে সান্তনা দিতে লাগল।
পবিত্র জন , আপনার দুঃখভোগের সময় এসেছে, কিন্তু পিতা আপনার সাথেই আছেন।স্বর্গীয় দূতেরা অপেক্ষায় আছে সেই মুহূর্ত দেখার যখন আপনি এই জগতের পাপ নিজের কাঁধে তুলে নেবেন।
আমরা সেখানেও ছিলাম যখন আপনি এই জগত সৃষ্টি করেছিলেন আবার আপনি যখন এই জগত জয় করবেন তখনও আমরা থাকব।



গীতসংহিতা ২৩:৫-৬; লূক ২২:৪১-৪৪; ইব্রীয় ৬:৬,১২:২
আগামীকাল শয়তানকে পরাজিত **করা হবে** এবং পাপের ঋণ শোধ করা হবে।
আব্রাহাম সহ **সমস্ত দেবদূতগণ** আপনার আসার অপেক্ষায় আছে ।আপনি আপনার শত্রুকে পরাজিত করার আগেই তাঁরা আপনার জন্য জায়গা প্রস্তুত করবে ।এই দুঃখের পেয়ালা শেষ হলে পরে ঈশ্বরের দয়া এবং অনুগ্রহ আসবে ।এবং আপনি চিরকাল ধরে ঈশ্বরের ঘরে থাকবেন ।
ওঠো ,পাপের **দাস** যিহূদা আসছে আমার সাথে বিশ্বাসঘাতকতা করতে ।


পিতা , এই কারণের জন্যই আমি এই জগতে এসেছি ।


তোমরা আবার ঘুমিয়ে পড়েছ ।তোমরা কি আমার জন্য এক ঘন্টাও জেগে থাকতে পার না ?ওঠো , আমাকে পাপীদের হাতে তুলে দেওয়া হবে ।


গুরু , আপনাকে এখানে দেখে ভালো লাগছে ।কিন্তু আমি আপনাকে অনুসরণ করতে ভয় পাচ্ছিলাম ।


যিহূদা , তুমি কি একটি চুমো দিয়ে আমার সাথে বিশ্বাসঘাতকতা করছ ?


যিহূদা ! তুমি নোংরা বিশ্বাসঘাতক !
যদি তারা বাধা দেয় তবে তাদেরকে হত্যা কর ।
দাঁড়াও ! তোমরা কাকে খুঁজছ ?
মথি ২৬:৪০,৪৫-৫০; যোহন ১২:২৭, ১৮:১-৪


নাজারেথের যীশু ।
আমিই সে ।



সাবধান থেকো ! তাঁর কাছে শক্তি আছে !
সৈনিকেরা যীশুকে ভয় পেল এবং তারা মাটিতে লুটিয়ে পড়ল।



ঐ যে সে ।কেন তোমরা তাঁকে ভয় পাচ্ছ ? তাঁকে নিয়ে এসো ।


আমার গুরুকে তোমরা নিয়ে যেতে পারবে না।




যোহন ১৮:৪-৬,১০


থামো ! এখানে আর কোন রক্তপাত নয় ।পিতর,তোমার তলোয়াড়টি তার জায়গায় রেখে দেও ।যদি আমি চাই , আমাকে সাহায্য করার জন্য আমি ১০,০০০ হাজার দূত ডাকতে পারি ।এই সময়টি অন্ধকারময় ।
সে আমার কান কেটে দিয়েছে !


তোমরা আমাকে তলোয়াড় নিয়ে ধরতে এসেছ যেন আমি একজন অপরাধী ।আমি তোমাদের সাথে মন্দিরে ছিলাম তখন তোমরা কেন আমাকে ধরনি ?আমি বলছি কেন। যাতে শাস্ত্রের লেখা কথা সত্যি হয়।


ঈশ্বর আমাকে সাহায্য কর !


এখানে ,নতুন কিছু হোক।


তোমরা যাকে চাও সে আমি ।তোমাদেরকে বাধা দেওয়া হবে না ।আমাকে নিয়ে চল এবং এদেরকে যেতে দাও ।


এটা আশ্চর্য ঘটনা ! সে আমার কান ভালো করে দিয়েছে ! সে আমার কান ভাল করে দিয়েছে !




মথি ২৬:৫২-৫৭; মার্ক ১৪:৫১-৫২; লূক ২২:৫০-৫১


চলতে থাক;লোকেরা এই কথা শোনার আগে নিয়ে চল।


তারা যীশুকে সেখানে নিয়ে গেল যেখানে পণ্ডিতেরা প্রধান পুরোহিতেরা এবং সাক্ষীরা একত্র হয়েছিল।
তারা আমাকে বলেছে তুমি নিজেকে মশীহ বলে দাবি কর , এবং বলে থাকো ঈশ্বর তোমার পিতা ।তুমি বল তুমি এই জগতের নও ।তুমি কোথা থেকে এসেছো ?
আমি সমাজ-গৃহে এবং মন্দিরে শিক্ষা দিয়েছি। আমি গোপনে শিক্ষা দেই নি ।তবে কেন আমাকে জিজ্ঞেস করছ ?যারা তা শুনেছে তাদেরকে জিজ্ঞেস কর ।আমি যা বলেছি তারা সবই জানে।


টিসুম !


তুমি প্রধান পুরোহিতকে এইভাবে উত্তর দিতে পার না।
যদি আমি ভুল কথা বলে থাকি তবে এই ভুলের বিপক্ষে সাক্ষী নিয়ে এসো।আর যদি আমি ঠিক কথা বলি তবে কেন তুমি আমাকে আঘাত করছ ?




যোহন ১৮:১৯-২৩



সে বলেছিল মন্দির ভেংগে ফেলবে এবং হাত না লাগিয়েই তিন দিনের দিন তা আবার গড়ে তুলবে।
না,সে বলেছিল যদি কেউ তা ধ্বংস করে তবে সে নতুন করে গড়ে তুলবে।
তুমি সেখানে ছিলে না।আমি শুনেছিলাম সে কি বলেছিল।যখন সে মন্দির ধ্বংসের কথা বলেছিল তখন তিনি নিজেকেই নির্দেশ করেছিলেন।আমার মনে হয় সে নিজের দেহের ধ্বংসের বিষয়েই বলেছিল।


এগুলো অবাস্তব ।কিভাবে সে নিজের দেহকে তিন দিন পর আবার নতুন করে উঠাতে পারে ?
আমি জানি না ।কিভাবে সে তিন দিনের দিন মন্দির আবার গড়ে তুলতে পারে ?


তুমি কি শুনতে পাওনি
এরা তোমাকে দোষী করছে
?তুমি নিজে এই বিষয়ে কি
বলবে ?


যীশু চুপ করে রইলেন।
বোকাটা কিছুই বলবে না।


তুমি জীবন্ত ঈশ্বরের দিব্যি দিয়ে আমাদের বল যে ,তুমি সেই মশীহ এবং ঈশ্বরের পুত্র।
আমিই মশীহ এবং আপনারা মনুষ্যপুত্রকে ঈশ্বরের ডান পাশে বসে থাকতে দেখবেন এবং মেঘে করে স্বর্গ থেকে নেমে আসতে দেখবেন।


আমাদের আর কোন সাক্ষীর প্রয়োজন নেই। আমরা সবাই নিজের কানেই শুনেছি সে নিজেকে ঈশ্বর পুত্র বলে ঈশ্বরকে অপমান করেছে।সে মৃত্যুর উপযুক্ত।
পুরোহিত তাঁর জামা ছিঁড়ে দিল তাঁর কষ্টভোগের চিহ্ন হিসেবে।
ওর চোখ বেঁধে দাও, এবং আমরা দেখি সে কেমন ভাববাদী।

মথি ২৬:৫৯-৬৫


দেখো ,সে ভবিষ্যৎবাণী করতে পারে।
মারো ওকে ! ও আমার ব্যবসা ধ্বংস করে দিয়েছিল মন্দিরে।
তাঁকে অলৌকিক কাজ করতে বল।


তাঁকে আবার
আঘাত কর!


ক্রাক !
দেখো সে কতো দূর্বল !
উপপপ !
ভবিষ্যৎবানী করে বলতো কে তোমাকে আঘাত করেছে ।আমি ভেবেছিলাম তুমি একজন ভাববাদী ।



ক্রাক !
উপপপ !
নিজের আঘাতকে সারিয়ে তোলো ।আমাদের আশ্চর্য কাজ করে দেখাও ।


অন্যদিকে, পিতর যীশুকে অনুসরণ করে মন্দিরের বাইরে পর্যন্ত এসেছে।
আমি তোমাকে চিনি !আমি তোমাকে যীশুর সাথে দেখেছি।তুমি তো তার শিষ্যদের একজন,তাই নয় কি ?
আমি যীশু নামের ওই লোককে চিনি না।আমি তো দেখতে এসেছিলাম এখানে কি হচ্ছে।




মথি ২৬:৬৭-৭০;
লূক ২২:৬৪-৬৫


হ্যাঁ , তুমি অবশ্যই তাঁর শিষ্যদের একজন ।আমি তোমাকে তাঁর সাথে বিভিন্ন জায়গায় দেখেছি ।
পাগল মহিলা , আমি আমার জীবনে তাঁকে আগে কখনও দেখি নি ।



মোরগটি আজ একটু আগেই ডেকেছে , তাই নয় কি ?
কু-কু-রুক-কু
কু-কু-রুক-কু
তারা তাঁকে বাইরে নিয়ে আসছে ।দেখো তারা তার কি অবস্থা করেছে ।


তারা
বলেছে তাঁকে সাজা দেওয়ার জন্য
শাসনকর্তার কাছে নিয়ে যেতে।
তাঁকে
চাবুক মারো।
পিতর মোরগের ডাক শুনল এবং যীশুর বলা কথা তার মনে পড়ে গেল, দুই বার মোরগ ডাকার আগে তুমি যীশুকে তিনবার অস্বীকার করবে ।সে তার কাপুরুষতার জন্য লজ্জা অনুভব করল।
মাথা মোটা
বিশ্বাসঘাতকটা চায় কেউ
তাদের হয়ে এই নোংরা কাজ
করুক।
মথি ২৬:৭১-৭৫, ২৭:১-২;
লূক ২২;৫৮-৬২,২৩:১


চাবুক দিয়ে আঘাত করো ওকে।
ঈশ্বর , আমি কি করব ? আমি তাঁকে তিনবার অস্বীকার করেছি , যেমনটি সে আমাকে বলেছিল। কেন এমন ঘটল ? কেন সে এতো কষ্ট পাচ্ছে ?
চলে এসো ।আমাদের হাতে সমস্ত রাত সময় নেই।
পিতা,আমাকে শক্তি দিন।


তুমি এখানে কি চাও ? আমরা কি তোমাকে পর্যাপ্ত পাওনা দেই নি তোমার গুরুর সাথে বেঈমানী করার জন্য?
আমি আমার মন পরিবর্তন করেছি ।আমি তোমাদের টাকা ফিরিয়ে দিচ্ছি তোমরা তাঁকে ছেড়ে দাও ।
এটা রক্তের দাম এই টাকা অপবিত্র ; আমরা তা ধরব না ।আজকের দিন শেষ হবার আগেই তোমার গুরুকে মেরে ফেলা হবে ।তোমার ভয়ের কোন কারন নেই ।আমরা তোমাকে অন্যের বিপক্ষে ব্যবহার করতে পারি ।


তোমাদের টাকা ফিরিয়ে নাও ।এই টাকা আমার চাই না । আমি এই অপরাধবোধ নিয়ে বাঁচতে চাই না ।
ক্লিং !
পিং !




মথি ২৭:৩-৬


আমি এভাবে বাঁচতে পারব না।


ঈশ্বর
আমার সাথে এ
কি হচ্ছে ?


আমি কেন আমার লোভকে সামলাতে পারলাম না ?


মনে হয় মৃত্যু আমাকে শান্তি দিতে পারবে...



আমি তাকে দেখেছিলাম কিন্তু তাকে আমি কোন ভাবেই থ ামাতে পারি নি ।
জলদি কর , আমাদের তাকে নিচে নামানো উচিত যদি সে জীবিত থাকে ।


কিন্তু তারা গাছে উঠার অনেক আগেই যিহূদার আত্মা নরকের আগুনে প্রবেশ করেছে।




মথি ২৭:৫; প্রেরিত ১:১৮


সে অনেক আগেই চলে গিয়েছে।


এ কেমন দূর্ঘটনা ।তার হৃদয় ফেটে গেছে !
ইসসস !এটা আমাকে অসুস্থ করে দেবে।
এই ছিল ভাববাদীদের ভবিষ্যৎবাণী।


তোমরা আমার কাছে কাকে নিয়ে এসেছ,আরো একজন অন্য মতবাদীকে ?একে নিয়ে যাও এবং তোমাদের আইন অনুযায়ী এর বিচার কর।
তার অপরাধ কি ?
সে মৃত্যুর যোগ্য,অন্যথায় আমরা তাকে আপনার কাছে আনতাম না।আমাদের আইন বলে ধর্মনিন্দাকারীকে পাথর ছুঁড়ে মেরে ফেলতে তাই আমরা আপনার অনুমতি নিতে এসেছি।


সে নিজেকে রাজা বলে দাবি করে।
তুমি কি যিহূদীদের রাজা ?
আমার রাজ্য এ জগতের নয় ।যদি এখানে হতো তবে আমার সৈনিকেরা আমাকে বাঁচানোর জন্য যুদ্ধ করত ।



তাহলে কি তুমি একজন রাজা ?


আমি এই জগতে এসেছি সত্যের সাক্ষী হতে।প্রত্যেকে সেই সত্য শুনেছে যা আমি তাদের বলেছি।




সখরিয় ১১:১২-১৩; মথি ২৭:৮; লূক ২৩:১-৪; যোহন ১৮:২৯-৩৮; আদিপুস্তক ১:১৮


কত দোররা মারতে হবে তাঁকে ?
তারা বলেছে তাঁকে কমপক্ষে ৩৯ দোররা মারতে।
আমরা দেখব সে কত **বড় প্র**চারক।
নয় ফিতা যুক্ত চাবুক হলো এমন এক চাবুক যার হাতলটি কাঠের তৈরী এবং আঠারো ইঞ্চি লম্বা এর সাথে নয়টি চামড়ার ফিতা সংযুক্ত যার দৈর্ঘ্য হল তিন ফুট এবং প্রতিটি ফিতার শেষ প্রান্তে পাথর অথবা শিলা অথবা ধাতু বাঁধা থাকে।


আএএএ !
কত নিষ্ঠুর !
তাঁর বন্ধুরা এখন কোথায় ?
সে দয়া ভিক্ষা করবে না।
ঠাসসসস !
এভাবে সম্ভবত তাঁকে মেরে ফেলা হবে এবং আমরা তাঁর আশ্চর্য কাজের শেষ দেখব।




লূক ২৩:১১; যোহন ১৯:১-২


তাঁর পিঠটা একেবারে শেষ হয়ে গেল।
বেশ ভাল,আমি সবসময় একজন রাজাকে চাবুক মারতে চেয়েছিলাম।


সে বলেছিল সে একজন রাজা ।রাজাকে তাঁর রাজকীয় পোশাক পরাও ।
একজন রাজার তো মুকুট দরকার ।


হে,হে,হে
!এই দিয়ে সব থেকে
ভাল মুকুট হবে।
আহহহহহ !


এই নাও তোমার রাজদন্ড,ওহ মহান রাজা ।হে,হে,হে !
ভাল করে এবং শক্তভাবে মুকুট দাও তাঁর মাথায়।


সমস্ত জগতের রাজা এই নিন আপনার মুকুট !
আআআহহহহ !


এখন, উঠে দাঁড়াও সোজা হয়ে।
তোমার রাজদন্ড ধরো।
হো,হো !দীর্ঘজীবী হোন ,রাজা।
ইয়াহ,ভাগ্য ভাল হলে সে সূর্যাস্ত পর্যন্ত থাকবে।

যোহন ১৯:১-৩


একজন রোমান শাসকের দাড়ি থাকে না।


এখন,দেখতে অনেকটা রাজার মত লাগছে।


সে মজা পাচ্ছে না ; সে দয়া ভিক্ষা চাইবে না ।চল তাকে পিলাতের কাছে তাঁকে নিয়ে যাই ।


তোমাদের রাজাকে তুলে ধর।
সিজার ছাড়া আমাদের কোন রাজা নেই।
দেখো এই লোককে।তোমরা এর সাথে আমাকে কি করতে বল ?
ওকে ক্রুশে দাও , ওকে ক্রুশে দাও !


তোমরা নিয়ে গিয়ে ওকে ক্রুশে দাও ।আমি এর কোন অপরাধ খুঁজে পাচ্ছি না ।


আপনি কি বলছেন এর কোন অপরাধ নেই ?সে নিজেকে ঈশ্বর পুত্র বলে দাবি করে।




গীতসংহিতা ২২; যিশাইয় ৫০:৬,৫৩:৫,৭; লূক ২৩:১৩-২২; যোহন ১৯:৪-৮


কে তুমি ? আমাকে কেন উত্তর করছ না ?তুমি জান তোমাকে মেরে ফেলার ক্ষমতা আমার আছে ?
আমার পিতা আপনাকে ক্ষমতা না দিলে আপনার কোন ক্ষমতাই থাকতনা ।


আমি তোমাদের, বলছি আমি এই লোকের কোন অপরাধই পাচ্ছি না ।আমি তাকে মুক্ত করব ।
যদি আপনি তাকে মুক্ত করেন তবে আপনি সিজারের বন্ধু নন ।


একে নিয়ে যাও এবং তোমরা যা করতে চাও তাই কর ।আমি এর অপরাধ কাগজে লিখে দিচ্ছি ।তবে আমি নিরঅপরাধ, এই লোকের রক্ত ঝরানোতে আমার কোন দায় নেই ।
ওকে ক্রুশে দাও , ওকে ক্রুশে দাও !




মথি ২৭:২৪; যোহন ১৯:৯-১৭


আমার মনে হয় সে এটা নিতে পারবে।
ঠাসসসস!
ক্রানচ!


উঠে দাঁড়াও, তা না হলে আমি তোমাকে চাবুক মারব।
এই,তুমি !এই লোককে তাঁর ক্রুশ বহন করতে সাহায্য কর।
আমি কেন ?


সে কি করেছিল ?
সে সবাইকে ভালবেসেছিল ।


ওহ,যীশু,আমরা দুঃখিত ।
জেরুজালেমের কন্যাগণ,আমার জন্য কেঁদো না ।তোমাদের নিজেদের জন্য এবং নিজ নিজ সন্তানদের জন্য কাঁদো ।এমন সময় আসবে যখন জেরুজালেম ভয়ে লুকাবে এবং মৃত্যুর জন্য প্রার্থনা করবে ।


যীশু তার নিজের ক্রুশ বহন করে মৃত্যুর স্থানে গেলেন।ঐ দিন আরো দু’জন চোর তাদের ক্রুশও বহন করে নিয়ে গিয়েছিল।
সেখানে অনেক লোক ছিল যারা যীশুকে ভালবাসত এবং সম্মান করত,কিন্তু তারা কিছু বলতে ভয় পেয়েছিল।
মথি ২৭:৩২; লূক ২৩:২৬-৩৩


এই নাও, এটা খাও, এটা তোমার ব্যথা কম করবে।
না,আমি তাই করব আমার পিতা আমাকে যা করতে বলেছে।
সে এখনও নিজেকে ঈশ্বরের পুত্র ভাবছে।


তাঁকে শুইয়ে দাও।
হাতুড়ি এবং পেরেক নিয়ে এসো।


তাঁকে শক্ত করে ধরে রাখ ।সেই প্রথম যে *পাগলের* মত *ধর্মবি*রোধীতা করেছে ।তুমি তাকে সোজা করে ধরে রাখ যতক্ষণ না পেরেক তাঁর হাড় এবং কাঠে না ঢোকে ।




গীতসংহিতা ২২; যিশাইয় ৫২;
মথি ২৭:৩৩-৩৪


কেন তুমি ভাবছ যে সে ঈশ্বর পুত্র ?
কে জানত ? পুরাতন ভাববাদীরা কিছু জানত কিনা ?


সোজা করে তাঁর পা ধরে রাখ ।সাধারনত পায়ের হাড়ের মধ্যে দিয়ে পেরেক আলাদা ভাবে ঢুকাতে হয় ।


ওহ মেরী,আমি বিশ্বাস করতে পারছি না আমাকে এটা সহ্য করতে হবে।
আমি কখনোই ভাবি নি সবকিছু এভাবে ঘটবে।
টেনে তোলো,তুমি গাঁধা।
আমি তোমাকে অল্প সাহায্য করতে পারি,তুমি অলস শূয়র।


পিতা,এদের ক্ষমা করো এরা কি করছে তা জানে না।
আমরা সবাই তাকে ত্যাগ করেছি।
যোহন আমি সত্যিই খুশি হয়েছি তুমি এখানে এসেছ। এই দৃশ্য খুবই ভয়ংকর।
সখরিয় ১৩:৬; লূক ২৩:৩২-৩৪


এই যে তার পোশাক ।এই একটা আমিই নেব ।
না তুমি একা পাবে না ।আমরা এটাকে **চার** ভাগ করব ।
আমরা এটা ভাগ করতে পারব না । এটা সুতায় বোনা ।
আমরা এটার জন্য গুলিবাঁট করি ।
শাস্ত্রের ভাববাণী সত্যি হল তারা আমার কাপড় চোপড় গুলিবাট করছে ।




গীতসংহিতা ২২:১৮; মথি ২৭:৩৯-৪৩; যোহন ১৯:২৩-২৪


সে
অন্যদের বাঁচিয়েছে ।এখন
নিজেকে বাঁচাতে পারছে না ।
হে, যীশু , তুমি
বলেছিলে মন্দির ভেংগে ফেলে তুমি আবার তিন
দিনের দিন তা উঠাবে ।এখন ক্রুশ থেকে নেমে
এসো এবং নিজেকে বাঁচাও ।
যিহূদীদের
রাজা ,খ্রীষ্ট এখন ক্রুশ
থেকে নেমে এসো যা
দেখে আমরা তোমাকে
বিশ্বাস করতে পারি ।
প্রতারক !
সে বিশ্বাস করত
যে ঈশ্বর তাকে পাঠিয়েছে ।ঈশ্বর
তাকে পাঠিয়েছে ভেবে সে
ঈশ্বরে আনন্দ করত ।


এই
নাও,এটা পান
করো যা তোমার
ব্যথা কমাবে।
না।


যদি তুমি সত্যি ঈশ্বরের পুত্র হও তবে নিজেকে এবংআমাদের বাঁচাও ক্রুশ থেকে নিচে নামাও এবং কিছু রোমানদের মেরে ফেল।
কেন তুমি এভাবে বলছ ? তোমার কি ঈশ্বরে ভয় নেই,তুমি নিজেও তো মরতে চলেছ ?


আমরা তো উচিত শাস্তিই পাচ্ছি ।কিন্তু উনি তো যীশু তিনি কোন অন্যায় কাজ করেন নি । যীশু
যখন আপনি নিজের রাজ্যে প্রবেশ করবেন তখন আমার কথা স্মরণ করবেন ।


আজই তুমি আমার সাথে পরমদেশে যাবে।




গীতসংহিতা ৬৯:২১; লূক ২৩:৩৬-৪৩; যোহন ১৯:২৫-২৭


যীশুকে ক্রুশে দেওয়ার পর সমস্ত আকাশ তিন ঘন্টার জন্য
রাতের মত অন্ধকার হয়ে রইল ।মানব পুত্র যীশু খ্রীষ্ট এই
জগতের সবার পাপ নিজের কাঁধে নিয়ে মরতে চলছিল ।




মথি ২৭:৪৫-৫০; লূক ২৩:৪৪-৪৬; যোহন ১৯:৩০; ২য় কারন্থীয় ৫:২১


ঈশ্বর তাকে আমাদের পাপের জন্যই এই জগতে পাঠালেন ।
পিতা,তোমার হাতে আমার প্রাণ সমর্পন করলাম ।
ওহ যোহন,সে মারা যাচ্ছে !আমি বিশ্বাস করতে পারছি না সে সত্যিই মারা যাচ্ছে !
সব শেষ হল ।
এবং সে মারা গেল ।


এবং হঠাৎ সেখানে বড় ভূমিকম্প হল।
এই হল যীশু ,যিহূদীদের রাজা ।তিনিই এই অলৌকিক কাজ করেছেন।
কি হচ্ছে ?প্রথমে আকাশ রাতের মত অন্ধকার হয়ে গেল আর এখন এই ভূমির আলোড়ন।
সে কোন অলৌকিক কাজ করছে না এখন সে মারা গেছে।


আবার আলো প্রকাশ পেল ।এটা একটা অদ্ভূদ দিন ছিল ।
হ্যাঁ, এবং এই সবকিছু ঘটেছে এই লোকটির মৃত্যুর পর ।


সত্যিই সে
ঈশ্বর পুত্র ছিল।


আমরা আদেশ পেয়েছি এদের **পা** ভেংগে দেওয়ার ।তাঁরা চাইছে সূর্যাস্তের আগে এদের মেরে ক্রুশ থেকে নামাতে ।আগামীকাল তাঁদের পবিত্র পর্বের দিন ।
এটা ঘটেছিল যেন ভাববাণী পূর্ণ হয় সে ক্রুশে মারা যাবে তবুও তার একটাও হাড় ভাংগা হবে না ।
এর পা ভাংগতে হবে না । সে ইতোমধ্যেই মারা গেছে ।তুমি জান মৃত্যুর আগে সে কি বলছিল সে তাঁর পিতাকে বলেছে আমা**দের ক্ষমা** করতে ।তারা আমাকে বলেছিল সে একজন পবিত্র জন যে অলৌকিক কাজ করতে পারেন ।




গীতসংহিতা ৩৪:২০; সখরিয় ১২:১০; মথি ২৭:৫৪; যোহন ১৯:৩১-৩৭


অন্তত তারা তাঁর পা ভাংগেনি।
মেরী,আমি দেখি কেউ তাঁকে কবর দেওয়ার জন্য সাহায্য করে কিনা।


সূর্যাস্তের সাথে সাথে বিশ্রামবার শুরু হয়ে গেল ।তাই সৈন্যরা তাড়াতাড়ি করে তাঁদেরকে ক্রুশ থেমে নামালো সমাধিস্ত করার জন্য ।


যোহন ১৯:৩১,৩৮
জলদি বিশ্রামবার শুরু হয়ে যাবে ।আমরা তাঁকে আমার নিজের জন্য তৈরী কবরে সমাধি দেবো ।
যোসেফ,একজন ধনী লোক যে ওই বারো জন সৈন্যদের কেউ ছিল না, সে সেচ্ছায় নিজের কবরে যীশুকে সমাধিস্ত করতে চাইল ।
এটা খুবই ভালো হয়,যোসেফ ।সত্যিই তুমি একজন ভালো বন্ধু ।



# অধ্যায় ১২:

## ঈণইওঈঠই এঊঝঈথএ এঊওঢ


জলদি কর ।দেরী হয়ে যাচ্ছে ।
তুমি জান, এই সব যে ঘটবে তা তিনি অনেক বার আমাদের বলেছিলেন ।আমি শুধু বুঝতে পারছি না কেন ঘটল এই সব ।এমন মনে হচ্ছে যে তিনি এভাবেই মরতে চেয়েছিলেন ।তিনি সময় এবং সবই জানতেন ।তিনি গতরাতেও আমাদের এ সব বলেছিলেন ।


তাঁর শরীরকে সুগন্ধি দিয়ে প্রস্তুত করার মত সময় আমাদের নেই।
বিশ্রামবার শেষ হলে পরে আমরা আবার আসব।
কিন্তু তখনতো তিন দিন সময় হয়ে যাবে।
তখন আমরা সবকিছু করব।
এই পথ দিয়ে ধীরে ধীরে যাও।


পন্ডিতেরা পিলাতের কাছে ফিরে গেল।
জনাব,সেই প্রতারক যাকে আপনি ক্রুশে হত্যা করেছেন সে বলেছিল মৃত্যুর তিন দিন পর সে আবার জীবিত হয়ে উঠবে।
এটা খুবই দুঃখের বিষয় হবে যদি তাঁর শিষ্যরা রাতের অন্ধকারে তাঁর লাশ চুরি করে নিয়ে যায় ।আপনার উচিত এটা থ
ামানের জন্য কবরের বাইরে সৈন্যদের পাহারায় রাখা।
আমি সৈন্য পাঠিয়ে দিচ্ছি তোমরা বিষয়টা নিশ্চিত কর।




মথি ২৭:৫৯-৬৬; যোহন ১৯:৪০


চিন্তা করবেন না আপনাদের মৃত মশীহকে নিয়ে।আমরা কোন লাশ হারাবো না,আমার লোকেরা আছে না ?
হে,হে,হে


যীশুকে সমাধি দেওয়ার তিনদিন পর।
এই প্রথম বার আমরা কোন মৃত লাশের পাহারা দিচ্ছি।
জলদি আলো ফুটবে,আর আমাদের কাজ শেষ হবে।


শীঘ্রই আলো উঠবে, জলদি কর।এখন তিনদিন হয়ে গেছে।
আমি আশা করি আমরা সব কিছু তাড়াতাড়ি শেষ করতে পারব।




মথি ২৮:১-২; লূক ২৪:১


এটা সত্যিই অনেক বড় ছিল।
শুনেছ কিছু লোক চিৎকার করছে ? কেউ নিশ্চয় আহত হয়েছে।


কি এটা ... ?
আহহহহহ !


এটা ঈশ্বর !
তিনি আমাদের হত্যা করবে !
তিনি পাথ রটা সরাচ্ছেন !
ঈশ্বর আমাদের, রক্ষা করুন !



আমাকে ছেড়ে যেও না !ঈশ্বর দয়াময় !
এটা হতে পারে না !
জীবন নিয়ে পালাও !
মথি ২৮:২-৪


ওই পাথরটি বেশ বড় ।কিভাবে ওটা সরানোর জন্য আমরা কোন লোক খুঁজে পাব ?
আমি জানি না ।কিন্তু এখন তিন দিন পার হয়ে গেছে কোন প্রকার সুগন্ধি ছাড়া লাশ থেকে তো দুর্গন্ধ ছড়াবে ।
তারা জানত না সৈন্যরা কবরটি পাহারা দিচ্ছিল ।


কিছু সময় পর।
কেউ ইতোমধ্যেই পাথরটি সরিয়েছে।


তাঁর লাশটি নেই। কবরটি শূণ্য।


ওহ
! কে আপনি ?যীশুর
দেহ কোথায় ?
এখানে
কবরের কাপড়গুলো
পড়ে আছে।


অবাক হয়ো না...
আমি জানি তোমরা যীশুকে খুঁজছ,যে
ক্রুশে মৃত্যুবরণ করেছে ।তিনি এখানে
নেই ।তিনি জীবিত হয়ে উঠেছেন যেমনটি
তিনি বলেছিলেন ।
এসো দেখে যাও যেখানে তাঁকে শোয়ানো হয়েছিল
এবং তাঁর শিষ্যদের গিয়ে বল যীশু তাঁদের সাথে গালীলে
দেখা করবেন ।


যীশু জীবিত হয়েছেন !আপনি বলছেন তিনি মৃত্যু থেকে জীবিত হয়েছেন:যেমনটি লাসার হয়েছিলেন।
জলদি কর ,আমাদের যেতে হবে এবং শিষ্যদের জানাতে হবে।
এই লোকগুলো স্বর্গদূত !
যীশু জীবিত হয়েছেন !

মার্ক ১৬:৩-৮


যীশু জীবিত হয়েছেন !আমরা মাত্রই কবর থেকে ফিরলাম।
যীশু সেখানে নেই,কিন্তু সেখানে স্বর্গদূতরা ছিলেন।
আমাদের মনে পড়েছে তিনি বলেছিলেন মৃত্যুর তৃতীয় দিন পর তিনি জীবিত হয়ে উঠবেন।
স্বর্গদূতরা আমাদের বলেছেন তিনি তোমাদের সাথে গালীলে দেখা করবেন।


পিতর,তুমি কোথায় যাচ্ছ ?
কবরে যাচ্ছি।


যোহন অনুসরণ করল,এবং পিতরের পিছনে পিছনে কবরের কাছে গেলেন।
যোহন !অপেক্ষা কর ; আমি তোমার মত দ্রুত দৌড়াতে পারছিনা।


এটা শূণ্য !




যোহন ২০:২-৯


যোহন কবরের কাপড়গুলো এমন ভাবে পড়ে আছে যেন তিনি উঠেছেন এবং হেঁটে গেছেন।
না,এটা হতে পারে না।
কিন্তু স্বর্গীয়দূত কোথায় ?স্ত্রীলোকেরা যাদের দেখেছে।



তোমরা সাদা কাপড় পরা স্বর্গীয় দূত দেখেছ ?
সেখানে কোন মানুষ,কোন স্বর্গীয় দূত কেউ ছিল না ।তাঁর দেহও সেখানে নেই ।


না,না !
হে স্ত্রী ,কেন তুমি কাঁদছ ?


কারন তারা আমার প্রভুকে নিয়ে গেছে এবং আমি জানি না তাঁকে তারা কোথায় রেখেছে।


মেরী৷


প্রভু !


মেরী,আমাকে এখন **স্পর্শ** করো না ।আমি এখনও আমার পিতার রাজ্যে প্রবেশ করি নি ।যাও এবং শিষ্যদের জানাও **তুমি কি** দেখেছ এবংআমি তাদের সাথে গালীলে দেখা করব ।
প্রভু আমার,আপনি জীবিত আছেন ।

যোহন ২০:৭-১৭


শিষ্যরা এই কথা বিশ্বাস করল না যে যীশু মৃতদের মধ্য থেকে পুনরায় জীবিত হয়ে উঠেছেন।
পিতর এবং যোহন কবরের মধ্যে কিছুই দেখতে পায়নি।তাই আমার মনে হয় কেউ তাঁর দেহ চুরি করে নিয়ে গেছে।ওই পাগল স্ত্রীদের এইসব বলা বন্ধ করা উচিত কারন সবাই এতে হতাশ হয়ে পড়ছে।
আমাদের ইম্মায়ূতে ফিরে যাওয়া উচিত।এখানে আমাদের জন্য কিছুই নেই।


আজ তৃতীয় দিন।
হ্যাঁ,তবে কেন তিনি তাদেরকে তাঁকে মারতে দিলেন যদি তিনি জানতেনই যে তিনি আবার মৃতদের মধ্য থেকে উঠবেন ?
হ্যাঁ,যদি তিনি রাজা হতে চাইতেন তবে তিনি এসব কিছু গোপন করতেন না,তাই নয় কি ?


আমি কি তোমাদের সাথে হাঁটতে পারি ?
উহহহ !তুমি তো আমাকে ভয় পাইয়ে দিয়েছ ।তুমি কোথা থেকে এসেছ ?
অবশ্যই,আজকের দিনটা হাঁটার জন্য খুবই ভালো ।


আমি শুনলাম তুমি এমন ভাবে কথা বলছ যেন তুমি দুঃখ অনুভব করছ।
তুমি কি জান না গত তিন দিন ধরে নাজারথের যীশুকে নিয়ে কি ঘটেছে ?


আমরা আশা করেছিলাম যে তিনি হয়ত মশীহ কিন্তু তিনি তো ক্রুশে মৃত্যুবরণ করেছেন।
আজ সকালে কিছু মহিলারা কবরে গিয়েছিল এবং তারা তাঁর দেহ খুঁজে পায়নি ! তারা বলছে যে তারা স্বর্গদূত দেখেছে যে তাদের বলেছে তিনি জীবিত হয়েছেন।




গীতসংহিতা ২২; সখরিয় ১৩:৭;
লূক ২৪:১৩-২৬


নাজারথের যীশু যাকে তারা ক্রুশে দিয়ে হত্যা করেছে,তিনি নিজেকে মশীহ বলে দাবি করতেন,ঈশ্বরের সমান ছিলেন,তাই নয় কি ? যিশাইয় বলেছিলেন খ্রীষ্টকে ডাকা হবে”সর্বশক্তিমান ঈশ্বর,অনন্তকালীন পিতা।”যীশু কি বলেননি যে যদি তুমি তাঁকে দেখ তবে তুমি পিতা ঈশ্বরকে দেখেছ ? পবিত্র শাস্ত্রমতে তাঁর করা দাবী সত্য ও প্রমাণিত।


যিশাইয় আরো বলেছেন যে খ্রীষ্ট তখন আসবেন যখন ইহূদীদের কোন রাজা থাকবে না ।এবং ঠিক সেই সময় একজন কুমারী গর্ভবতী হবে এবং একটি পুত্র সন্তানের জন্ম দেবে ।ভাববাদী মীখার ভাববাণী অনুসারে তিনি যিহূদার বেথলেহেমে জন্মাবে এবং তাকে যীশু বলা হবে ।
অনেক ভাববাদী বলেছেন তিনি দায়ূদের বংশের লোক হবে ।সেই হিসেবে যোসেফ এবং মারীয়া দুজনেই দায়ূদের বংশোভূত ।


ভাববাদী বলেছিলেন যে খ্রীষ্ট অন্ধের চোখ খুলে দেবেন এবং বন্দীদের মুক্ত করবেন ।তিনি ইসরায়েলকে পরিচালনা করবেন এবং তিনি মুক্তিদাতা হিসেবে আমাদের মাঝে আসবেন ।

যিশাইয় ভাববাণী
করেছিলেন যে ইসরায়েলীয়েরা তাঁকে
প্রত্যাখান করবে ।ভাববাদী আরো জানিয়েছিলেন
তাঁকে দুঃখভোগ করতে **হবে ।একজন বন্ধু** ত্রিশটি রুপার
টাকার **বিনিময়ে তাঁর সাথে** বিশ্বাসঘাতকতা করবে**,যেন**
তাঁকে অভিযুক্ত করার আগে তিনি নিজেকে রক্ষা করতে না
পারেন,তাঁকে প্রকাশ্যেই আঘাত করা হবে,তাঁকে উলঙ্গ করে
তারা তাঁর মুখে থুথু দেবে,তাঁকে ততক্ষণ আঘাত করা হবে
যতক্ষণ তাঁর মুখে যন্ত্রণার ছাপ ফুটে না ওঠে। ভাববাদী সখরিয়
আমাদের জানিয়েছিলেন যে আমাদের উদ্ধারকর্তাকে হত্যা
করা হবে ,তাঁর বন্ধু তাঁকে আঘাত করবে যে আঘাতে তাঁর
হাতে ক্ষত হবে যেন কোন নিষ্পাপ মেষ শিশুকেই হত্যা
করা হবে এবং তাঁর মৃত্যুর পর তাঁকে এক ধনীর
কবরে সমাধি দেওয়া হবে।




ঞওযব
ঢ়ৎড়ঢ়যবঃ তবপযধৎরধয
ঃবষষংঁ ং ঃযধঃ ঃযব ঝধারড়ৎ
ড়িঁষফ নব **ঢ়রবৎপবফ**, ধহফ
ঃযধঃ যরং ভৎরবহফং ড়িঁষফ ংসরঃব
যরস ধহফ পৎবধঃব ড়িঁহফং রহ যরং
যধহফং, ঃযধঃ যব ড়িঁষফ নব ধং ধ
ষধসন ষবফ ঃড় ঃযব ংষধঁমযঃবৎ,
অহফ ধষষ ড়ভ ঃযরং ড়িঁষফ ৎবধঁষঃ
রহ যরং **ফবধঃয**, ধহফ ঃযধঃ
যব ড়িঁষফ নব নঁৎরবফ রহ ধ
**ৎরপয সধহ্ং ঃড়সন**.


কিন্তু তাঁর মৃত্যুতেই সব শেষ হবে না ।যীশু কি বলেননি কেউ তাঁর প্রাণ কেড়ে নেবে না বরং তিনি নিজেই তা দেবেন ।যিশাইয় বলেছেন পাপের দাবি পূর্ণ করার জন্য এবং ঈশ্বরের সন্তুষ্টির জন্য তাঁকে মরতে হবে ।অন্যদের পাপের জন্য তাঁকে হত্যা করা হবে এবং তাঁর মৃত্যুতে অনেককে বিচারিত হতে হবে ।
যেহেতু মৃত্যুই শেষ নয় তাই যিশাইয় দেখেছিলেন যে মৃত্যুর পরও তাঁর জীবন চলবে;তাঁকে মহিমান্বিত এবং প্রশংসিত করা হবে এবং অনেক উঁচুতে উঠানো হবে ।তিনি এই জগতের উদ্ধারকর্তা হবেন ।তিনি ব্যর্থ হবেন না ।মশীহ হবে এক নতুন ব্যবস্থার চুক্তিপত্র ।


এক নতুন পৃথীবিতে এক নতুন শহরে নতুন ভাবে সৃষ্ট ইসরায়েলের শাসনকর্তা হয়ে তিনি তার বিচার করবেন ।এমন এক সময় আসবে যখন সকলে তাঁর সামনে হাঁটু দেবে এবং সকল মুখ তাঁকে প্রভু বলে স্বীকার করবে ।
তাই তোমরা আমাকে বল কেন তোমরা দুঃখিত ? সেই স্ত্রী লোকেরা কি তোমাদের বলে নি যে স্বর্গ দূত তাদের জানিয়েছেন তিনি মৃতদের মধ্য থেকে জীবিত হয়েছেন ?




যিশাইয় ৭:১৪,১৬, ৯:৬, ১১:১, ৪০:১১, ৪২:৭, ৪৯:৭, ৫৩:১,৩, ৫৯:২০; মীখা ৫:২; যিরিমিয় ২৩:৫-৬; গীতসংহিতা ১১:১,৪, ২২:১৫, ৪১:৯, ৪২:৪,৬-৭, ৪৫:২৩, ৪৯:৬-৭, ৫০:৬, ৫২:১৩-১৪, ৫৩:১,৩,৫,৯- ১০,১২; সখরিয় ১১:১২-১৩, ১২:১০, ১৩:৬-৭, ৫০:৬, ৫২:১৪, ৫৩:৫,৭,৯,১২; যোহন ১০:১৮


এই
আমার ঘর ।আজ অনেক দেরী
হয়ে গেছে দয়াকরে, প্রভু আমাদের
সাথে আজ রাত এখানে থাকুন ।আমি
যীশু সম্পর্কে ভাববাদীদের বলা
সতর্কবাণী শুনতে চাই ।


প্রভু আমরা সম্মানিত হব যদি আপনি আমাদের খাবারকে আশীর্বাদ করেন।


আমাদেরকে আশীর্বাদ কর প্রভু ।আমাদের ঈশ্বর এই জগতের রাজা যিনি এই জগতে এই খাবার পাঠিয়েছেন ।এই খাবারের জন্য আমরা আপনাকে ধন্যবাদ জানাই ।


নাও
এবং খাও।
যীশু !আপনি।
প্রভু !


তিনি তো নেই।
তিনি মারা গেছেন !
উনিই যীশু এই জগতে সব সময় আছেন !
এতে অবাক হওয়ার কিছু নেই তিনি তো ভাববাদীদের ভাববাণী সবই জানতেন।


যীশু জীবিত আছেন
!মৃত্যু তাঁকে বেঁধে রাখতে
পারে নি ।তিনি মৃতদের
মধ্য থেকে জীবিত হয়েছেন
!চল আমরা জেরুজালেমে
ফিরে যাই এবং শিষ্যদের
জানাই ।

লূক ২৪:২৮-৩২

অতঃপর তারা জেরুজালেমে ফিরে আসলেন।




তিনি বলেছিলেন তৃতীয় দিন তিনি আবার জীবিত হবেন।
আমি যতক্ষন তাঁকে নিজের চোখে না দেখব এবং আমার আঙুল তাঁর হাতের ক্ষতে না রাখব ততক্ষন বিশ্বাস করব না যে তিনি জীবিত হয়েছেন।


এটা আত্মা !
তিনি যীশু !
সাহায্য কর !
ভয় পেয়ো না ।থমাস তুমি বলেছ তুমি বিশ্বাস করবে না যতক্ষন তুমি আমাকে না দেখবে ।আর আমার হাতের ক্ষতে তোমার আঙুল না ছোঁয়াবে ।এসো,আমার ক্ষত স্পর্শ কর ।


ঈশ্বর আমার ,প্রভু আমার ।
থমাস , তুমি আশীর্বাদ পাবে কারন তুমি দেখেছ এবং বিশ্বাস করেছ , কিন্তু যারা আমাকে না দেখেও বিশ্বাস করবে তারা আরো বেশী আশীর্বাদ পাবে ।




যোহন ২০:২৬-৩১;
লূক ২৪:৩৬-৪৩


তোমরা আমার সমস্ত শিষ্যদের বলবে আমার সাথে গালীলে দেখা করতে ।আমি তোমাদের সাথে সেখানেই কথা বলব ।
অনেক আগে শাস্ত্রে লেখা ছিল যে তোমার পাপের জন্য তাঁকে দুখঃভোগ করতে হবে এবং তিন দিন পর তিনি আবার মৃত্যু থেকে জীবিত হবেন ।এবং তাঁর নামের এই সত্য জেরুজালেম থেকে শুরু করে সমস্ত জাতির কাছে পৌছে যাবে ।




মথি ২৮:১৮-২০; লূক ২৪:৪৪-৪৯; যোহন ১৪:২-৪


জেরুজালেম যাও এবং সেখানে অপেক্ষা কর যতক্ষন পবিত্র আত্মা তোমাদের উপর না আসে এবং আমার নামে প্রচার করার শক্তি না দেয়।
তিনি উপরে উঠে যাচ্ছেন !
তিনি তাঁর পিতার কাছে ফিরে যাচ্ছেন।


জগত শেষ না হওয়া পর্যন্ত আমি তোমাদের সাথেই আছি।
তিনি যাচ্ছেন।তিনি স্বর্গে ফিরে যাচ্ছেন।


কেন তুমি এখনও আকাশের দিকে তাকিয়ে আছ ?
কি ? কে ওখানে ?
এতো সেই দুইজন স্বর্গদূত যাদেরকে আমি কবরে দেখেছিলাম ।


কোন একদিন যীশু যেভাবে স্বর্গে গেলেন সেইভাবেই তিনি ফিরে আসবেন।
তিনি স্বর্গে তাঁর পিতার কাছে ফিরে গেছেন।
লূক ২৪:৪৯-৫১; প্রেরিত ১:৭-১১
চল আমরা জেরুজালেমে যাই এবং সেই পবিত্র আত্মার অপেক্ষা করি।



যীশুর শিষ্যরা জেরুজালেমে গেলেন তাঁর আদেশ মত,এবং সেখানে তারা দশদিন ধরে প্রার্থনা করতে লাগলেন,আর উপর থেকে সেই শক্তি আসার অপেক্ষা করতে লাগলেন ।তারা যীশুর পুনরুত্থান সম্পর্কে খোলাখুলিভাবে কথা বলতে ভয় পাচ্ছিলেন যদি তাদেরকেও মৃত্যুবরণ করতে হয় ।


সেই জায়গায় যেখানে শিষ্যরা প্রার্থনা
করছিলেন সেখানে হঠাৎ এক শক্তিশালী
বাতাস বয়ে গেল এবং পবিত্র আত্মা
আগুনের জিভের আকারে প্রত্যেক
শিষ্যের উপরে নেমে আসলেন।


তারা পবিত্র আত্মাতে পূর্ণ হয়ে ঈশ্বরের গৌরব করতে লাগলেন বিভিন্ন ভাষাতে যা তাদের কাছে ছিল অপরিচিত।


পবিত্র আত্মা তাদের উপর নেমে আসলে পর তারা লোকদের ভয় ভুলে গেল এবং সবার সামনে এসে ঈশ্বরের গৌরব করতে লাগলেন।
যীশু খ্রীষ্টের নামে পিতা ঈশ্বর আমাদের আশীর্বাদ করুন।
আমি বলছি তারা সবাই মাতাল হয়েছে।কিন্তু তারা আমাদের ভাষাতে কোন প্রকার বাধা ছাড়াই সঠিক ভাবে কথা বলছে।
প্রেরিত ১:১২-১৪; ২:১-১৩,৩২,৩৬


তারা আমার ভাষাতেও কথা বলছে ।কিন্তু তারা কিভাবে এইসব ভাষাতে এতো ভালো করে কথা বলছে ?তারা তো তেমন শিক্ষিত নয় ।
ইসরায়েলের লোকেরা, যীশু যে সব অলৌকিক কাজ করেছেন তা তোমরা দেখেছ ।এতে প্রমানিত হয় যে ঈশ্বর তাঁর সংগে ছিলেন,এবং যদিও তাঁকে ক্রুশে হত্যা করা হয়েছে তবুও ঈশ্বর তাঁকে আবার জীবিত করে তুলেছেন ।



১০০০ বছর আগে ভাববাদী দায়ূদ তাঁর সম্পর্কে বলেছিলেন,”হে ঈশ্বর তুমি আমাকে ত্যাগ করনি সে কারনেই আমার পাপের জন্য এক পবিত্র জনকে দুখঃভোগ করতে হবে।”
ইসরায়েলের সমস্ত জন তোমরা নিশ্চয় করে জান যে ঈশ্বর তাঁর সাদৃশ্যে পুত্রকে পাঠিয়েছিলেন আর আমরা তাকে ক্রুশে দিয়ে হত্যা করেছি ।


আমরা কি করব,খ্রীষ্টকে আমরা ক্রুশে প্রাণ দিতে দেখেছি ?
তোমরা মন পরিবর্তন কর যীশুতে বিশ্বাস করে জলে বাপ্তিস্ম নাও তাহলে তিনি তোমাদের পাপ ক্ষমা করবেন এবং দান হিসেবে তোমাদের পবিত্র আত্মা দেবেন।




যীশুই প্রভু।
আমি যীশুকে বিশ্বাস করি।আমাকে বাপ্তিস্ম দিন !
তারপর যারা তাঁর কথায় বিশ্বাস করল তারা জলে বাপ্তিস্ম নেওয়ার মধ্য দিয়ে যীশুকে আনন্দের সাথে তাদের হৃদয়ে গ্রহণ করল ; এবং সেই একই দিনে সেইসব লোকের সংখ্যা হলো প্রায় তিন হাজারের মত।


কয়েক মাস পর।
এমন মনে হচ্ছে যীশু যেন **গতকালও** ছিল আমাদের সংগে।
এখানে প্রতি ঘন্টায় **হাজার** লোক যীশুকে অনুসরণ করছে।
হ্যাঁ,কিন্তু তুমি জান যখন তিনি আমাদের সাথে হাঁটতেন তার থেকে *এখন* আমি **তাঁকে** অনেক বেশী করে তাঁর উপস্থিতি অনুভব করি।
গীতসংহিতা ২,১৬:২; প্রেরিত ২:২৭,৩৭-৪১



দয়া করুন প্রভু,এই গরিব পক্ষাঘাতকে কি একটি পয়সা দিতে পারেন ?
পিতর,আমার কাছে কোন পয়সা নেই ।তোমার কাছে কি কোন পয়সা আছে ?
না,কিন্তু যেহেতু পবিত্র আত্মা আমাদের উপর এসেছে তাই আমরা তার জন্য কিছু করতে পারি ।


আমার কাছে কোন সোনার বা রূপার টাকা নেই কিন্তু আমার যা আছে তা আমি তোমাকে দিতে পারি ।যীশু খ্রীষ্টের নামে ওঠো এবং হেঁটে বেড়াও ।
মজা করো না ।এই লোকটি জন্ম থেকেই পক্ষাঘাতগ্রস্থ ।তার পা কোন কাজেরই নয় ।


খ্রীস্ট যীশু তোমাকে সুস্থ করুন।


উপসস !
ঈশ্বর সর্বশক্তিমান !
তার পা ঠিক হয়ে গেছে !


আমি এটা বিশ্বাস করতে পারছি না ।পক্ষাঘাতগ্রস্থ লোক হেঁটে বেড়াচ্ছে !
না, সে লাফাচ্ছে।
ঈশ্বরের গৌরব হোক !যীশু তোমাকে ধন্যবাদ !
প্রেরিত ৩:১-১১


এই সেই পক্ষাঘাতগ্রস্থ লোকটি ।তার পা কোন কিছু ছাড়াই ভালো হয়ে গেছে ।
তারা বলছে সে যীশুর নামে সুস্থ হয়েছে,যাকে ক্রুশে দিয়ে হত্যা করা হয়েছে ।
কেন তোমরা আমাদের এভাবে দেখছ যেন আমরা এই অলৌকিক কাজ করেছি? আব্রাহাম,ইসহাক,যাকোবের ঈশ্বর তাঁর পুত্র যীশুকে মহিমান্বিত করেছেন,যাকে তোমরা ক্রুশে দিয়েছ ? তোমরা
জীবন স্বামীকে হত্যা করেছ,কিন্তু ঈশ্বর তাঁকে মৃতদের মধ্য থেকে জীবিত করেছেন,আমরা তাঁকে জীবিত দেখেছি ।এটা হয়েছে যেন যে কেউ যীশুকে বিশ্বাস করে সে সুস্থ হয় ।



আমি জানি যে যদিও তোমরা তাঁকে *অবহেলা* করেছ এবং তাঁকে ক্রুশে দিয়ে হত্যা করেছ।কিন্তু ভাববাদীরাতো এই সময় সম্পর্কে আগেই তোমাদের সতর্ক করেছিলেন।
তোমরা সবাই আমাকে *চেনো*।শুধুমাত্র ঈশ্বরই আমার পা ফিরিয়ে দিতে পারেন।যীশুকে বিশ্বাস কর এবং তাঁকে অনুসরণ কর।


তোমাদের মন পরিবর্তন কর এবং তাঁর শিষ্য হও যেন তিনি **তোমাদের** পাপ মোচন করতে পারেন।

যারা যীশুকে ক্রুশে দিয়ে হত্যা করেছিল সেই পুরোহিতরাই সৈন্য পাঠিয়ে পিতর ও যোহনকে বন্দী করে আনল।




প্রেরিত ৩:১২,১৪-১৯,৪:১-৩


এখন তারা পক্ষাঘাত লোককে সুস্থ করার অপরাধে বন্দী হলো।
এটা একটি অলৌকিক কাজ,যীশু যেভাবে এখানে থাকতে করতেন ঠিক তেমনই।
আমার একজন প্রতিবেশী আছে সে দাবী করছে যে মৃত্যুর পর সে যীশুকে জীবত দেখেছে।তারা বলছে তিনি একই সময়ে ৫০০ বার প্রকাশ হতে পারেন।
আমি অন্য শিষ্যদের খুঁজে তাদের কাছ থেকে আরো কিছু শিখতে চাই।


আমি ভেবেছিলাম আমরা তাদের গুরুকে মেরে আমাদের ইহূদী গোষ্ঠকে ধর্মদ্রোহিতার অপরাধ থেকে মুক্ত করব।
তারা দাবি করছে সে মরে নি।
তারপর আমরা তাঁর শিষ্যদের এবং অনুসারিদেরকে হত্যা করব।
তারা বলছে তিনি স্বর্গে পিতার কাছে আছেন।
ঠিক আছে,তাদের দুইজন আমাদের কাছে আসছে।
প্রেরিত ৪:৩-৬


আমরা জানি এই লোকটি জন্ম থেকেই পক্ষাঘাতে আক্রান্ত ।তোমরা কিভাবে তাকে সুস্থ করলে ?কিসের নামে তোমরা এমন করলে ?
নাজারথের যীশু খ্রীষ্টের নামে, যাকে আপনারা ক্রুশে দিয়েছিলেন,যাকে ঈশ্বর মৃতদের থেকে জীবিত করেছেন,তাঁর নামেই এই লোকটি সুস্থ হয়েছে ।শাস্ত্রের কথা স্মরণ করুন,"রাজমিস্ত্রীরা যে পাথরটিকে বাতিল করেছিল সেটিই সবচেয়ে দামী হয়ে উঠল ।"


এখানে কেউ অন্যের মুক্তি দিতে পারে না : তাঁর নাম ছাড়া আর কারোর নামে স্বর্গ দেওয়া হবে না লোকদের, যেখানে আমরা সবাই নিরাপদ থাকব।


এই লোকদের গুরুত্ব দেওয়ার কিছু নেই ।তারা এতো জ্ঞানী নয় যে তারা খোলাখুলি ভাবে ধর্ম প্রচার করবে ।
আমি তাদেরকে চিনেছি ।তারা যীশুর সাথে ছিল ।
এই অলৌকিক কাজকে অস্বীকার করার কোন কারন নেই ।সবাই জানে এই লোকটি সুস্থ হয়েছে এবং যীশুর শিষ্যরা তাঁর নামেই তাকে সুস্থ করেছে ।আমরা আবার একটি সমস্যায় পড়লাম ।
গীতসংহিতা ১১৮:২২; প্রেরিত ৪:৭-২১


এদেরকে এখান থেকে বাইরে ফেলে দেও !
যদি তোমরা এইভাবে আবার শিক্ষা দেও এবং মৃত যীশুর নামে আবার লোকদের সুস্থ্ কর তবে তোমাদের আবার এখানে নিয়ে আসা হবে ।তোমরা কি আমার কথা বুঝতে পেরেছ ?এখন আমার চোখের সামনে থেকে দূর হও এবং আমরা যেন শুনি না এই রকম আর কোন অহেতুক অলৌকিক কাজ করেছ।
তোমরা বিচার করবে যদি ঈশ্বরের চোখে তোমাদের বিচারের অধিকার থাকে ,তবে আমরা তাই বলব যা আমরা দেখেছি এবং শুনেছি।


এই সত্য সুখবর সমস্ত ইসরায়েলে ছড়িয়ে পড়ল ।অনেকে যীশুর উপর বিশ্বাস করল এবং জলে বাপ্তিস্ম নিল ।
হাজার মানুষকে নিয়ে মন্ডলী ভালবাসা এবং শান্তির একটি পরিবার হয়ে উঠল ।
তুমি কি যীশু খ্রীষ্টের সুখবর শুনেছ ?
যীশু মৃত্যু থেকে উঠেছেন ।তিনি জীবিত আছেন এবং এখন আমাদের সাথে বাস করছেন ।


মন্ডলীতে স্ত্রী লোকেরা সম্মান এবং মর্যাদা পেত।
যখন থেকে আমার পরিবার যীশু খ্রীষ্টে বিশ্বাস করেছে তখন থেকেই আমার পরিবারে শান্তি বিরাজ করছে।


খ্রীষ্টানরা হাজারে হাজারে বাড়তে লাগল এবং তারা নিজেদের সবকিছু ভাগাভাগি করে নিত।তারা প্রতিদিন ঘরে ঘরে গিয়ে এবং রাস্তায় যাদের সাথে তাদের দেখা হত সবার কাছে যীশুর বাণী প্রচার করতে লাগল।
তারা কাজের সময় খ্রীষ্টিয় ধর্ম গান গাইত।
প্রেরিত ১৩:৩০-৩২,৪:১০


তোমরা ইসরায়েলের লোকেরা জান যে আমার পিতা ঈশ্বর বলেছিলেন তোমার বংশধর এক অজানা দেশে চারশ বছর দাস হিসেবে জীবন কাটাবে,পরে ঈশ্বর আবার বলেছিলেন আমি তাদেরকে সেই দেশ থেকে বের করে আনব এবং সেই অত্যাচারি জাতির বিচার করব এবং তাদেরকে আব্রাহামকে দেয়া সেই ভূমিতে ফিরিয়ে আনব।




যিশাইয় ৬৬:১; প্রেরিত ৭:১-৫৭


তোমরা একগুঁয়ে এবং অবাধ্য ।তোমাদের অন্তরে ঈশ্বর নেই ।তোমরা
পবিত্র আত্মাকে তাঁর কাজে বাঁধা দিচ্ছ যেমন তোমাদের পূর্বপুরুষেরা
করেছিল ।তোমরা এবং তোমাদের পূর্বপুরুষেরা সেই সব ভাববাদীদের হত্যা করেছ
যারা যীশুর সম্পর্কে ভাববাণী করেছিল,কিন্তু তোমরা তাঁর সাথেও বিশ্বাসঘাতকতা
করেছ এবং তাঁকে ক্রুশে দিয়ে হত্যা করেছ।


স্তিফান,তুমি কি নিজেকে একজন ইহূদী বল ?
তুমি আমাদের আইন এবং আমাদের ঐতিহ্যকে কিসের সাথে বদলাতে চাইছ ? রোমানরা যাকে ক্রুশে দিয়েছে সেই মৃত ব্যক্তিকে কি কেউ দেখে নি ?
উপরের দিকে তাঁকিয়ে দেখে স্তিফান বলে উঠল,আমি স্বর্গ খুলে যেতে দেখলাম ,এবং ঈশ্বর পুত্রকে পিতার ডান পাশে দাড়িয়ে থাকতে দেখলাম ।ওহ !কি মহিমা !


তোমরা কানে আঙুল দেও ।এমন ধর্মনিন্দার কথা আমরা শুনব না !
সে মৃত্যুর যোগ্য !
তাকে শহরের বাইরে নিয়ে যাও এবং পাথর ছুঁড়ে মেরে ফেল ।


ধর্মদ্রোহী।
সে আমাদের ধর্মকে **ধ্বংস করতে** চাইছে।
আমরা **যীশুকে** ক্রুশে দিয়েছি এবং তোমাকে **পাথর ছুঁড়ে** মারব।
তোমরা আমাকে **পাথর** মারার পরও যীশুই প্রভু হয়ে থাকবেন।



সে আমাদের ধর্মের বিরোধীতা করেছে ।আমরা বলি তাকে মরতে হবে ।শৌল,তুমি কি আমাদের এই কাজে সাহায্য করতে পারবে ?
আমি তাকে শাস্তি দিতে রাজি আছি ।সে নাজারাথের মৃত যীশুর একজন অনুসারী ।এই ধর্মদ্রোহীতাকে অবশ্যই বন্ধ করতে হবে পাথর ছুঁড়ে হত্যা করে ।


শৌল,আমার জামাটি দেখো।
প্রভু যীশু,আমার আত্মাকে গ্রহণ করো,এবং এদের পাপ ধরো না।
প্রেরিত ৭:৫৮-৫৯


ক্লাংক


এবং ওই সময় পরেই জেরুজালেমে খ্রীষ্টিয় মন্ডলীর বিরুদ্ধে নিপীড়ন শুরু হলো,সবাই শহর ছেড়ে চলে যেতে শুরু করল,শুধুমাত্র প্রেরিতেরা বাদে।
এটা কেবল শুরু।
এটা নাও এবং যীশুর এই অনুসারীকে মেরে ফেল।
হত্যা কর এই ধর্মদ্রোহীকে !


এখানে আর কোন খ্রীষ্টের অনুসারী আছে ?
আমার বাবাকে আঘাত কর না।
এই স্ত্রীকেও আটক কর।
ইহূদী ধর্মগোষ্ঠীর নেতা শৌল খ্রীষ্টিয় মন্ডলীর বিরুদ্ধে যুদ্ধ শুরু করল,প্রত্যেক ঘরে ঘরে গিয়ে পুরুষ এবং স্ত্রীদের ধরে নিয়ে জেলে আটক করল।
প্রেরিত ৭:৫৯, ৮:৩


একজন খ্রীষ্টান যার নাম ফিলীপ
সে প্রার্থনা করছিলেন এবং
স্বর্গদূত তার সাথে কথা বললেন।
ফিলীপ,ওঠো
এবং বড় রাস্তা ধরে দক্ষিণে
যাও যে রাস্তা জেরুজালেম
থেকে গাঁজায় যায়।


আমি জানি না
তিনি আমাকে কেন সেখানে
যেতে বলেছেন,কিন্তু যেহেতু ঈশ্বর
বলেছেন তাই আমি যাব।


এটা সেই জায়গা এখন কি প্রভু ?


প্রভু,এখন তুমি কি চাও ?


একটি মরুযাত্রী দল !প্রভু,এই জন্যই কি তুমি আমাকে এখানে এনেছ ? সেখানে কি কেউ আছে যাকে তুমি তোমার জন্য মনোনীত করেছ ?
যাও এবং ওই মরুযাত্রী দলের সাথে যোগ দাও।
প্রেরিত ৮:২৬-২৯


এখানে একজন লোক আছে যে ইথিয়পিয়া রাণীর সভাষদদের মধ্যে একজন বড় মাপের কর্মকর্তা ।সে তার রাজ্যের কোষাধক্ষ্য এবং সমস্ত সম্পদের ভারপ্রাপ্ত কর্মকর্তা ।তিনি জেরুজালেম গিয়েছিলেন ইহূদী ধর্মের নিয়ম পালন করতে ।এখন ইথিয়পিয়া ফিরে যাচ্ছেন ।এবং পবিত্র শাস্ত্র পড়ছেন ।
”তিনি জবাই করা ভেড়ার মত হলেন,এবংলোম ছাড়ানো ভেড়ার বাচ্চা হলেন,তাই সে তাঁর মুখ খুললেন না,কারন তাঁর জীবন এই জগত থেকে নিয়ে নেওয়া হয়েছিল ।”


আমি শুনলাম আপনি যিশাইয়ের লেখা ধর্মগ্রন্থ পড়ছেন ।যা পড়ছেন তা কি বুঝতে পারছেন ?
আপনি বুঝতে পেরেছেন আমি কি পড়ছি ।কিন্তু যতক্ষন কেউ বুঝিয়ে না দেয় ততক্ষন আমি বুঝতে পারছি না ।আপনি আমার সাথে চলুন ।


আপনি এখন জেরুজালেম থেকে আসলেন ?
হ্যাঁ,আমি আমাদের ধর্মের উপাসনা করতে গিয়েছিলাম যা আমাদের দেশে কোন শান্তি আনতে পারছে না ।ঈশ্বর যেন আমাদের থেকে অনেক দূরে চলে গেছেন ।
যিশাইয় ৫৩; প্রেরিত ৮:২৭, ৩০-৩৭


আমি মশীহ সম্পর্কে প্রতিজ্ঞার কথা পড়েছি ।এখন যখন আমি জেরুজালেম গেলাম সেখানে হাজারো লোককে দাবি করতে শুনলাম যে মশীহ এসেছিলেন ,কিন্তু তাঁকে ক্রুশে দেওয়া হয়েছে এবং তৃতীয় দিন তিনি মৃত্যু থেকে জীবিত হয়েছেন ।
আমি ভাববাদীদের ভবিষ্যৎবাণীতে এমন লেখা আছে কিনা তাই খুঁজছিলাম ।আপনি কি বলতে পারেন যিশাইয় এই কথা নিজের বিষর্য়ে না অন্য কারো বিষয়ে বলেছেন ?




যেভাবে আপনি জানেন এই বই যিশাইয় ৮০০ বছর আগে লিখেছিলেন।৫৩ অধ্যায় এর সব পদেই মশীহর বিষয় ভবিষ্যৎবাণী করা হয়েছে।এখানে বলা হয়েছে ,"তাঁকে ঘৃণিত এবং অবহেলিত হতে হবে।"
আপনি জেরুজালেম থেকে আসলেন সেহেতু আপনি শুনেছেন যদিও তিনি অনেক অলৌকিক কাজ করেছেন তবুও আমাদের ধর্মনেতারা তাঁকে গ্রহন করেননি।




৭ পদে
ভবিষ্যৎবাণী করা আছে যে যখন
যীশু বিচারের সামনে দাড়ালেন
তখন তিনি নিজের **বিষয়ে কিছুই**
বললেন না।

যিশাইয়
ভবিষ্যৎবাণী করেছিলেন যে যীশুকে
আমাদের **পাপের** ঋণ শোধ করতে
**হবে** ।এবং ৫ পদে বলা হয়েছে যে যে
শাস্তি আমাদের পাপীদের পাওনা সেই
শাস্তি তাঁকে দেওয়া হবে।



আমি ৬ পদ পছন্দ করি যেখানে লেখা আছে,”আমরা সবাই ভেড়ার মত করে বিপথে গিয়েছি ; আমরা প্রত্যেকে নিজের নিজের পথের দিকে ফিরেছি ; সদাপ্রভু আমাদের সকলের অন্যায় তাঁর উপর চাপিয়েছেন ।”এটা বলে যে আমরা মানুষেরা ঈশ্বরের দেখানো পথ ছেড়ে পাপের পথে গিয়েছি,কিন্তু ঈশ্বর আমাদের পাপ সকল যীশুর কাঁধে চাপিয়ে দিয়েছেন যেন তিনি আমাদের পাপের ঋণ শোধ করতে পারেন ।
৮ পদে বলেছেন তাঁর নিজের লোকদের পাপের জন্য তাঁকে জেলে দেওয়া হবে এবং তাঁকে মেরে ফেলা হবে ।
INRI


৯ পদে বলেছেন যে মৃত্যুর মধ্য দিয়ে তিনি পাপীদের এবং ধনীদের সংগী হবেন।
এবং ৯ পদে আরো বলা হয়েছে যে যীশু কোন পাপ করেননি তবুও তাঁকে দুখঃভোগ করতে হবে এবং পাপীদের সাথে মৃত্যুবরন করতে হবে ,কারন যীশু তাঁর আত্মাকে পাপের পাওনা হিসেবে দান করেছেন।


১০ পদে তাঁর পুনরুত্থান বিষয়ে বলা হয়েছে,এবং তাঁর চলে যাবার পর যে মন্ডলী গঠিত হবে সেই কথাও বলা হয়েছে।
যিশাইয় ৫৩:৩-১০; প্রেরিত ৮:৩৫; রোমীয় ২:১৬; ২য় করিন্থীয় ৫:২১
এবং অনেক ভাববাদীরা আমাদের জানিয়েছেন যে যীশুর পুনরুত্থানের পর তিনি রাজ মুকুট পড়ে সিংহাসনে বসে থাকবেন এবং আমাদের মৃত্যুর পর আমরা কি ভাবে এই জগতে জীবন কাটিয়েছি সেই হিসেবেই তিনি আমাদের বিচার করবেন।


আমি শুনেছি ধর্মশিক্ষকেরা এবং পুরোহিতেরা মশীহর বিষয়ে অনেক বার ভবিষ্যৎবাণী বলেছেন ।তবে কেন তাদের মধ্যে অনেকে যীশুকে **প্রত্যাখান** করল ?
**কিছু ধর্ম**শিক্ষক এবং পুরোহিতেরা যীশুকে গ্রহন করেছিল,কিন্তু অন্যরা তাঁর বিরোধীতা করল যখন তিনি তাদের ষড়যন্ত্রগুলো প্রকাশ করল ।*তারা চেয়ে*ছিল মশীহ তাদের হয়ে রোমানদের হত্যা করুক ,*তাদের* পাপ প্রকাশ না করুক ।তারা তাঁকে **রাজ্য** শাসন করতে দেখতে চেয়েছিল,কিন্তু **ঈশ্বরকে নি**জেদের হৃদয় শাসন করতে দিতে চায় নি ।


আর কি কোন ভবিষ্যৎবাণী আছে যেখানে যীশুর বিষয়ে বলা সব কথা পূর্ণ হয়েছে ?
গীতসংহিতা ২২ অধ্যায়ে এক ভবিষ্যৎবাণী আছে **যেখানে তাঁর ক্রুশীয়** মৃত্যুর কথা বলা হয়েছে।
কিন্তু গীতসংহিতা কি ১০০০ বছর **আগে** লেখা হয়নি,যখন ক্রুশীয় মৃত্যুকে মারা**ত্মক শাস্তি** হিসেবে দেওয়া হতো না ?




গীতসংহিতা ২২:১৬ পদ যেখানে আমাদের বলা হয়েছে যে তাঁর হাত এবং পা বিদ্ধ করা হবে −-- যেভাবে তারা পেরেক দিয়ে বিদ্ধ করেছিল ।গীতসংহিতা ২২:১৪ পদে বলা হয়েছে তিনি কিভাবে পিপাসিত হবেন এবং মৃত্যুতে তাঁর হাঁড়গুলো জোড়া থেকে খুলে যাবে,কিন্তু তারপর গীতসংহিতা ৩৪:২০ পদে আমাদের বলা হয়েছে যে যখন তাঁকে ক্রুশে দেওয়া হবে তখন তাঁর একটা হাঁড়ও ভাংগা হবে না ।এবং যেভাবে আপনি জানেন যে,বাকী দুইজনের হাঁড় ভাংগা হয়েছিল যাদেরকে তাঁর সাথে ক্রুশে দেওয়া হয়েছিল,কিন্তু যীশুর হাঁড় ভাংগার আগেই তিনি মৃত্যুবরণ করেছিলেন। গীতসংহিতা ২২:১৭

পদে ভবিষ্যৎবাণী করা আছে যে তারা সবাই হাঁটু দিয়ে তাঁকে দেখবে এবং ১৮ পদে বলা হয়েছে কিভাবে তারা তাঁর একমাত্র কাপড় নিজেদের মধ্যে ভাগা ভাগি করে নেবে। তাছাড়া সখরিয় ১২:১০ পদে আমাদের বলা হয়েছে যে তাঁর হাত বিদ্ধ করা হবে এবং পরবর্তীতে ইহূদীরা তাঁর হাতে সেই চিহ্ন দেখতে পাবে।যিশাইয় ৫০:৬ পদে বলা আছে যে তাঁর পিঠে আঘাত করা হবে এবং তাঁর গালের দাঁড়ি ছিঁড়ে নেওয়া হবে। গীতসংহিতা ১৬:১০ পদে বলা আছে যে যদিও তাঁকে কবর দেওয়া হবে তবুও কবর তাঁর দেহ ধ্বংস করবে ততো সময় তাঁর দেহ সেখানে থাকবে না।ভাববাণী আমাদের আরো জানায় যে এক বন্ধু তাঁর সাথে বিশ্বাসঘাতকতা করবে ,এবং সেই বিশ্বাসঘাতক নিজেই নিজেকে ঝুলিয়ে হত্যা করবে,এবং তার দেহ রক্তাক্ত অবস্থায় খোলা মাঠে মাটিতে পরে থাকবে,এবং অপরিচিত হিসেবে তাকে কবর দেওয়া হবে। এই সব এবং আরো অনেক ভবিষ্যৎবাণী যেখানে তাঁর বিষয়ে বলা হয়েছে তা সবই পূর্ণ হয়েছে।এখন আর কোন প্রশড়ব নেই যে নাজারথের যীশু খ্রীস্টই মশীহ ,এই জগতের উদ্ধারকর্তা।

গীতসংহিতা ২২:৬,১৭-১৮,১৬:১০,৩৪:২০;
যিশাইয় ৫০:৬; সখরিয় ১২:১০


আমি বিশ্বাস করি যে যীশুই মশীহ ।তিনিই সেই প্রতিজ্ঞিত মেষ শাবক যিনি আমাদের সব পাপ নিজে বহন করেছেন ।আমাদের এখন আর কোন ত্যাগ স্বীকার করতে হবে না ।যীশুই ঈশ্বরের কাছে যাবার দরজা ।আমি যীশুর একজন শিষ্য হতে চাই ।


এখানে জল আছে !আমাকে বাপ্তিস্ম দিতে আপনার কি কোন বাঁধা আছে ?
আমি আপনাকে বাপ্তিস্ম দেব যদি আপনি বিশ্বাস করেন যে যীশু আপনার অন্তরে আছেন।
ওহ !কিন্তু আমি করি !আমি বিশ্বাস করি !


পিতা
পুত্র এবং পবিত্র
আত্মার নামে আমি
আপনাকে বাপ্তিস্ম
দিলাম।




প্রেরিত ৮:৩৬-৩৯


সেই লোকটি কোথায় গেল ?
সে মাত্রই অদৃশ্য হয়ে গেল !
তাঁকে নিশ্চয় ঈশ্বরের অন্য কোথাও প্রয়োজন আছে ।চল আমরা ইথিওপিয়া ফিরে যাই এবং রানীকে বলি আমরা মশীহর বিষয়ে কি শিখেছি ।
ইথিওপিয়াতে মন্ডলী প্রতিষ্ঠিত হলো এবং তখন থেকে এখন এই আধুনিক যুগ পর্যন্ত অনেক খ্রীষ্টানদের মুসলিমরা হত্যা করেছে ।



# অধ্যায় ১৩

# গএস্ত জগতেও ঈ্ড়ত


জীবনের ভয় না করে খ্রীষ্টানরা গোপনে ঈশ্বরের বাক্য শুনতে লাগলেন এবং ঈশ্বরের গৌরব করতে লাগলেন।
যীশু বলেছেন ,”যদি কেউ আমার শিষ্য হতে চায় তবে সে নিজের ক্রুশ বহন করে আমাকে অনুসরণ করুক।”এর অর্থ হল যদি আমরা তাঁর শিষ্য হতে চাই তবে আমাদেরকে নিজেদের প্রতিদিনের কষ্ট সহ্য করে যীশুর সাথে সেই পাহাড়ে উঠতে হবে নিজেদের ক্রুশ বহন করে।গীতসংহিতা ২২ অধ্যায় আমাদের বলে....


প্রিয় বন্ধুরা,আমাদের প্রভু আমাদের পাপের বোঝা নিজে বহন করেছেন আর সেজন্যই তিনি এতো কষ্ট ভোগ করেছেন ।এতে অবাক হওয়ার কিছু নেই যে আমাদেরকেও তাঁর জন্য দুঃখভোগ করতে হবে ।আমরা যে নিপীড়ন ভোগ করছি এতে বিস্মিত হওয়ার কিছু নেই ।


ঈশ্বর আমাদের সাহায্য করুন ।এই সেই হত্যাকারী ,শৌল ।
তুমি কোথায় থাকো !এই বিদেশী ধর্ম এখানে চলবে না ।আমাদের পূর্বপুরুষদের সাথে এবং জাতির সাথে তুমি ধর্মদ্রোহীতা করেছ ।তুমি বোকা ! তোমাকে এগুলো ছাড়তে হবে না হয় মরতে হবে। ওদের নেতাকে আটক কর ।আমরা তার জন্য একটি উদাহরন তৈরী করব ।
এৎধন ঃযবরৎ ষবধফবৎ. ডব রিষষ সধশব ধহ বীধসঢ়ষব ঙভ যরস.



আমাদের সমস্ত মশীহ বা নেতারা আমাদের সাথেই থাকে ।কেন তোমরা একজন মৃত কাঠমিস্ত্রীর উপাসনা কর ?
আমাদের প্রভু যীশু জীবিত আছেন এবং তিনি এই জগতের সৃষ্টিকর্তা ।
তুমি ঠিকভাবে কথা বলবে যখন আমরা তোমার স্ত্রীকে পঁচানোর জন্য জেলে ঢোকাব ।




মথি ১৬;২৪; মার্ক ৮:৩৪; প্রেরিত ৯:১-২


এখানে আরো একজন খ্রীষ্ট প্রেমিক।
আমরা জানি এমনই হবে যখন আমরা খ্রীষ্টান।


এটা ইহূদী ধর্মনেতা শৌল এর কাজ ।তার হৃদয় ঘৃণা এবং হিংসায় পরিপূর্ণ ।
শৌলের হৃদয় ঘৃণায় ভরা ।
হ্যাঁ,আমাদের অবশ্যই তার জন্য প্রার্থনা করা উচিত ।যেন ঈশ্বর তার হৃদয় নরম করেন এবং সে যেন সত্যকে দেখতে পারে ।
মনে রেখ, আমাদের অনেকের ভিতরেই প্রথমে সন্দেহ ছিল ।


বেশ ভাল,শৌল,যীশুর অনুসারীদের জেরুজালেম থেকে উচ্ছেদ করার জন্য আমি তোমাকে ধন্যবাদ জানাচ্ছি।
না,বৃদ্ধি পাওয়াদের মধ্যে অনেককেই আমরা হত্যা করেছি এবং অনেককেই আমরা জেলে বন্দী করেছি।তারা অন্য শহরে বিক্ষিপ্ত ভাবে ছড়িয়ে পড়েছে।দামেস্কের সমাজগৃহে রয়েছে এখন তারা।


আমি তোমাকে আটক করার অনুমতি দেব,তুমি দামেস্কে গিয়ে তোমার কাজ কর।
আমি সেখানে যাব।
শৌল ভেবেছিল যে তার দায়িত্ব হল তার জাতিকে এবং ধর্মকে অন্য বিশ্বাসীদের হাত থেকে রক্ষা করা।কিন্তু তার বিরক্তির বিষয় ছিল যে খ্রীষ্টানরা এতো বেশী শান্তিপূর্ণ এবং তাদের এতো বিশ্বাস যা সে আগে কখনও দেখেনি।


হঠাৎ সেখানে শৌলের সামনে সূর্যের চেয়েও আরো প্রখর আলোর আবির্ভাব ঘটল।
শৌল,শৌল,কেন তুমি আমাকে অত্যাচার করছ ?
শৌলের ঘোড়া ভীষণ ভয় পেল এবং এটি শৌলকে মাটিতে ফেলে দিয়ে দৌড়ে পালাল।


আপনি কে,প্রভু,যে আমি আপনাকে অত্যাচার করছি ?
আমি যীশু,যখন তুমি আমার অনুসারীদের অত্যাচার করেছ তখন তুমি আমাকেই অত্যাচার করেছ ।
প্রভু,আপনি এখন আমাকে কি করতে বলেন ?
ওঠো,শহরের ভিতরে যাও,এবং কি করতে হবে তা তোমাকে বলা হবে।
প্রেরিত ৯:১-৬


তোমরা এই কন্ঠস্বর শুনেছ ?
হ্যাঁ,কিন্তু কি বলেছে আমি কিছুই বুঝতে পারি নি ।
না তা নয়,এটা মেঘের ডাক ছিল ।
এটা ঈশ্বরের কন্ঠ ছিল !
আমি দেখতে পাচ্ছি না !আমাকে সাহায্য কর ।আমি দেখতে পাচ্ছি না ।আমাকে শহরের ভিতরে নিয়ে চল ।


আমার নাম অননিয় ।যীশু আমাকে দর্শন দিয়েছেন এবং বলেছেন আপনার কাছে আসতে যেন তিনি আপনার চোখের আলো ফিরিয়ে দিতে পারেন।
আমি অন্ধ হয়ে গেছি।



যীশু খ্রীষ্টের নামে আপনার চোখের আলো ফিরে আসুক।



আমি দেখতে পাচ্ছি !এবং আপনি বলছেন যীশু এই কাজ করেছে ?যীশুর বিষয়ে আমাকে আরো বলুন।


অননিয় পবিত্র ধর্মগ্রন্থ খুললেন এবং যীশুর বিষয়ে করা ভবিষ্যৎবাণী শৌলকে দেখালেন।
হ্যাঁ,আমি সত্যিই বোকা ছিলাম।শাস্ত্রে সবকিছুই আগে থেকে ছিল।আমি আমার ধর্মের প্রভাবে অন্ধ হয়ে ছিলাম ।আমি বাপ্তিস্ম নিয়ে যীশুর একজন অনুসারী হতে চাই।
ঈশ্বর শৌলের মন পরিবর্তন করে তার নাম রাখলেন পৌল।
প্রেরিত ৯:৭-১৯


শৌল,এখন পৌল,একজন নতুন মানুষ হয়ে নতুন বার্তা নিয়ে এসেছে।সে এখন কোন খ্রীষ্টানকে মারতে চায় না।সে যীশু খ্রীষ্টের উপর অন্যদের বিশ্বাস বাড়াতে চায়।
আমি তোমাদের সন্দেহ বুঝতে *পারছি*।আমিও আগে **বিশ্বাসী ছিলাম** না,কিন্তু এখন আমি তোমাদের বলছি,নাজারেথের যীশু আগেকার ভাববাদীদের বলা সমস্ত ভবিষ্যৎবাণী পূর্ণ করেছিলেন যা তারা মশীহর বিষয়ে বলেছিলেন।
কিন্তু সবথেকে **বড় প্রমাণ** হল ঈশ্বর তাঁকে মৃতদের মধ্য থেকে জীবিত করেছেন।


তিনি ছিলেন ঈশ্বরের মেষশাবক,যিনি আমাদের পাপ নিজে বহন করেছেন।
তুমি কেমন বোকা ?কিভাবে মশীহ আমাদের শত্রুদের হাতে নিজেকে মরতে দিলেন।


ঈশ্বর অযিহূদীদের কাছেও নিজেকে প্রকাশ করেছিলেন ।সেখানে একজন রোমান সৈন্য ছিল যিনি প্রার্থনার মধ্য দিয়ে ঈশ্বরের খোঁজ করছিলেন ।
ঈশ্বর ,আমি জানি তুমি সেই একজন যিনি সমস্ত মানুষের সৃষ্টিকর্তা ।আমার ধর্মের লোকেরা পাপ করছে এবং যা কখনওই শান্তি আনতে পারে না ।আমাকে তোমার পথ দেখাও এবং আমি সেখানে হাঁটতে চাই ।


কে ? কি ? কে আপনি ?আপনি কোথা থেকে এসেছেন ?
তোমার প্রার্থনা শোনা হয়েছে ।আমি ঈশ্বরের কাছ থেকে এসেছি ।যোফা শহরে চামড়ার কাজ করে শিমোন নামে এক লোক বাস করে তার বাড়িতে তোমার লোক পাঠাও ।তুমি তাকে সাগর পাড়ে খুঁজে পাবে ।পিতর নামে এক লোকের কথা জিজ্ঞেস করবে ।সে এখানে এসে তোমাকে ঈশ্বরের সত্য জানাবে ।



প্রভু ক্রুশে রক্ত দিয়ে শান্তি দান করেছেন ।
পিতর,আমাদের মালিক একজন ধার্মিক লোক,তিনি একজন ভাল মানুষ,কিন্তু সে বিভিন্ন বিষয় নিয়ে দুশ্চিন্তায় আছেন ।তিনি সবসময়ই প্রার্থনা করেন এবং গরিবদের দান করেন ।কিন্তু তিনি ঈশ্বরের শান্তি লাভ করেন নি ।
এর অর্থ কি ?
আমি তোমাদের সেনাপতিকে বুঝিয়ে বলব ।



সেনাপতি দরজায় পিতরকে দেখে হাঁটু গেড়ে তাকে প্রণাম করলেন ।
উঠে দাঁড়াও ।আমাকে এভাবে *সম্মান দেখিয়ো* না ।আমি তোমার মতই একজন সাধারন মানুষ ।সবাইকে ডাক আমি তোমাদের সুখবর শোনাব ।
প্রেরিত ৯:২০-২২,১০:১-২৭,৩৮-৪১


আজ একটি মহৎ দিন যখন ঈশ্বর যীশুর শিষ্য পিতরকে আমাদের কাছে যীশুর বিষয়ে সাক্ষ্য দিতে পাঠিয়েছেন।
হ্যাঁ,আমি যীশুর সাথে সাড়ে তিন বছর হেঁটেছি।আমি তাঁকে ক্রুশে প্রাণ দিতে দেখেছি,এবং আমি তাঁকে মৃত্যুর পরে পুনরায় জীবিত হতে দেখেছি।আজ এখানে আমাদের ৫০০ লোক সমবেত হয়েছে তাঁর পুনরুত্থানের জয়গান শুনতে।তিনি আমাদের সাথে খাওয়া দাওয়া করেছেন এবং আমরা তাঁকে স্পর্শ করেছি।তিনি আমাদের শিখিয়েছেন শত্রুদের এবং যারা আমাদের অত্যাচার করে তাদের ভালবাসতে।তিনি তাঁর আত্মাকে দিয়েছেন....


সেনাপতি কর্ণীলিয়স এবং তার বাড়ির সবাই যীশু খ্রীষ্টের সুসমাচারে বিশ্বাস করল এবং ঐ দিনই তারা সবাই জলে বাপ্তিস্ম নিল।


ইহূদীদের উদ্ধার পর্বের দিন পৌল সমাজঘরে গেলেন এবং প্রচার করতে লাগলেন।
তোমরা আমাকে জান।আমি সেই যে খ্রীষ্টানদের আমৃত্যু অত্যাচার করতাম,কিন্তু যীশু আমার সামনে উজ্জ্বল আলোর মতো প্রকাশিত হলেন ,এবং বজ্রপাতের শব্দের মতো করে আমার সাথে কথা বলে আমাকে তাঁর বিষয়ে প্রচার করতে বললেন।আমি শাস্ত্রগ্রন্থে মশীহর বিষয়ে লেখা সতর্কবাণী খুঁজলাম এবং দেখলাম যীশু সমস্তই পূর্ণ করেছেন যেমনটি শাস্ত্রে লেখা ছিল।


ঈশ্বর বলেছিলেন যে,দায়ূদ বংশ থেকে ইসরায়েলের উদ্ধার কর্তা আসবেন এবং জেরুজালেমের প্রধান নেতারা তাঁকে মেরে ফেলার ষড়যন্ত্র করবে। গীতসংহিতা ২য় অধ্যায়ে লেখা আছে,”তুমিই আমার পুত্র,আজই আমি তোমার পিতা হলাম ।”


অন্য গীতসংহিতার গীতে বলা আছে যে,ঈশ্বর তাঁর পবিত্র জনের সাথে করা অন্যায় মেনে নেবেন না ।এই ভবিষ্যৎবাণী বলে যে,যদিও তিনি মৃত্যুবরণ করবেন তবুও তাঁর দেহ ধ্বংস করা হবে না ।যেন সবাই জানতে পারে যে যীশুর কাছেই তোমরা সকল পাপের ক্ষমা পাবে,কিছু এমন জিনিস যা মোশী আমাদের দিতে পারে নি ।




গীতসংহিতা ২:৭,১৬:১০; প্রেরিত ২:২৭,১০:৪৭,১৩:৩৩-৩৫


যদি তোমরা অনন্ত জীবনের সুখবর বিশ্বাস না করে আমাদের ফিরিয়ে দাও, তবে আমরা আমাদের এই সুখবর অযিহূদীদের কাছেই প্রচার করব ,শাস্ত্রে ঠিক যেমন লেখা আছে।
তোমার অবিশ্বাসের কারনে তোমাকে পাথর ছুঁড়ে মারা হবে।


পৌল যখন বুঝতে পারল যে যিহূদীর খ্রীষ্টকে অস্বীকার করছে,তখন সে অযিহূদীদের প্রতি তার মনোযোগ দিলেন।
ঈশ্বর এবং তাঁর পুত্র যীশুর গৌরব হোক।অযিহূদীদের কাছে আজ উদ্ধার এলো !
পৌল,আমাকে বাপ্তিস্ম দাও !
আমাদেরকে যীশুর বিষয়ে ভাববাদীদের বলা ভাববাণী বলুন।
অনেক অযিহূদী সুখবরে বিশ্বাস করে ঈশ্বরের গৌরব করতে লাগলেন।


যিহূদীরা রেগে গিয়ে পৌল এবং বার্ণাবাসকে শহর থেকে বের করে দিলেন,ফিরে আসলে তাদেরকে মেরে ফেলার হুমকি দিলেন। পৌল এবং বার্ণাবাস এশিয়াতে চলে গেলেন এবং যাদের সাথে দেখা হলো তাদের কাছে সুখবর প্রচার করতে লাগলেন।
বার্ণাবাস,যদি আমি পড়ে যাই,চলতে থাকবে।থামবে না।


লুস্ত্রাতে,যিহূদীরা পৌলকে পাথর ছুঁড়ে মেরে ফেলল এবং তার দেহটি শহরের বাইরে ফেলে দিল।
ঈশ্বর তুমি তাদের ক্ষমা করো ,তারা পৌলকে মেরে ফেলেছে।
প্রেরিত ১৪:১৮-২০


কিন্তু ঈশ্বর অলৌকিক কাজ করলেন এবং পৌল উঠে বসলেন।
পৌল,আমি ভেবেছিলাম তুমি মারা গেছ !
এখনই না,ঈশ্বর আমাকে অনেক কিছু দেখিয়েছেন যে তাঁর নামের জন্য আমাকে অনেক দুঃখভোগ করতে হবে,এবং আমরা **কেবল** শুরু করেছি।চল **আম**রা শহরে ফিরে যাই।


আমাদের প্রভু ও ঈশ্বর তুমিই গৌরব আর সম্মান পাবার যোগ্য...
ম্যাসিডোনিয়ার ফিলীপিয় শহরে,পৌল এবং শীলকে ৩৯ বার বেত মারা হলো এবং পরে তাদেরকে জেলে বন্দী করে রাখা হলো ।এতো কষ্ট সত্ত্বেও তাদের হৃদয় ছিল আনন্দে পূর্ণ,তারা মাঝরাতে ঈশ্বরের গৌরব গান করছিলেন ।


আহহহহহহ !
যীশুই প্রভু !





প্রেরিত ১৪:১৯-২০,১৬:২৩-২৫; ২য় করিন্থীয় ১১:২৪-২৫; প্রকাশিত বাক্য ৪:১১


পৌল প্রচার করার জন্য বিভিন্ন জায়গায় যেতেন ।জাহাজ ভ্রমনের সময় তিনবার তার জাহাজ ডুবি ঘটেছিল ।
একবার তো সে সাগরে এক রাত এক দিন ছিল যতক্ষন না অন্য জাহাজ এসে তাকে তুলে না নিয়েছে ।
ডাকাতরা মাঝে মাঝেই পৌলকে আক্রমণ করতো ।
কিন্তু তবুও সে প্রচার করতে গিয়েছেন ।


পৌল যখন যীশুর বিষয়ে প্রচার করতে গিয়েছেন তখন অনেকবার রোগে ভুগেছে,ঠান্ডায়,গরমে,ক্ষুধায় এবং আরো অনেক সমস্যায় পড়েছেন।
প্রভু,এই দেহকে সুস্থ কর যেন আমি যেতে পারি এবং পরের শহরে প্রচার করতে পারি।


পৌল শহর থেকে শহরে গিয়েছেন এবং প্রতিমা পূজার বিরুদ্ধে সাবধান করে লোকজনের কাছে যীশুর সুসমাচার প্রচার করেছেন।
তোমরা তোমাদের মূর্তি ছেড়ে ঈশ্বরের কাছে ফিরে এসো,এবং তিনি তোমাদের বিচার করবেন বিশ্বাস দিয়ে আইন দিয়ে নয় ।তোমরা তাঁরই দেহের অংশ হবে এবং তাঁর সাথেই বাস করবে।
ঈশ্বরের গৌরব হোক !




১ম করিন্‌থীয় ১০:১৪,১২:১২-১৩,১৮,; ২য় করিন্থীয় ১১:২৫; গালাতীয় ২:৬; ইফিষীয় ২:১৯

যীশু তাঁর শিষ্যদের সতর্ক করেছিলেন,”সেই সময় লোকে তোমাদের কষ্ট দেবার জন্য ধরিয়ে দেবে,তোমাদের হত্যা করবে:এবং সমস্ত জাতির লোক আমার জন্য তোমাদের ঘৃণা করবে ।তোমাদের মধ্যে অনেকে পিছিয়ে যাবে এবং তোমাদের সাথে প্রতারনা করবে,তোমাদের ঘৃণা করবে ।অনেক ভন্ড নবী আসবে এবং তোমাদের ঠকাবে ।







যখন তারা দেখবে যে খ্রীষ্টানরা সমস্ত রোমান সাম্রাজ্যে ছড়িয়ে পড়েছে এবং মন্ডলী গড়ে তুলছে তখন রোমানরা খ্রীষ্টানদের তাড়িয়ে দিতে শুরু করবে এবং তাদের অত্যাচার করে মেরে ফেলবে ।তারা তাদেরকে রঙ্গভূমিতে রাখবে এবং লোকেরা দেখবে কিভাবে সিংহ ও বাঘ তাদেরকে টুকরো টুকরো করে।


গাররররর !
আইইইই !

মাঝে মাঝে তারা খ্রীষ্টানদের মারার জন্য রোমান গ্লাডিয়েটরসদের সাথে যুদ্ধে পাঠাত।লোকেরা অবাক হয়ে দেখত এই বিশ্বাসীদের যারা বিশ্বাসকে ত্যাগ করত না।তারা যীশুর জন্য মরতেও রাজি ছিল।




মথি ২৪:৯-১১




চল্লিশ বছর পরে,৭০ দশকে রোমানরা আসবে এবং এই শহর আর মন্দির ধ্বংস করবে।যখন মন্দিরের ভেতরের কাঠগুলো জ্বলবে,তখন মন্দিরের ভেতরের সোনা গুলো গলে মন্দিরের শক্ত মেঝেতে গড়িয়ে পড়বে।রোমানরা চেষ্টা করবে সোনা গুলো বের করার,তবে তারা কিছু দরকারি পাথর সরাতে পারবে।যীশুর করা এই ভবিষ্যৎবাণী সত্যি হয়েছিল।

জেরুজালেম এবং ইসরায়েলের যে সমস্ত ইহূদীরা এই যুদ্ধে বেচে থাকবে তারা পালিয়ে অযিহূদীদের কাছে চলে যাবে ।যেখানে তাদের বংশধরেরা আজও অনেকে বাস করে ।




খ্রীষ্টানরাও ইহূদীদের মতো পালিয়ে গিয়েছিল সেখানে যেখানে খ্রীষ্টের সুখবর প্রচার করা হয়েছিল এবং মন্ডলী গড়ে উঠেছিল ।


যখন তারা পালিয়ে গেল,সেখানে খ্রীষ্টানরা তাদেরকে অভিবাদন জানানোর জন্য ইতো পূর্বেই দাড়িয়ে ছিল।




মথি ২৪:২; লূক ১৯:৪৩-৪৪


যীশুর মনোনীত জনরা মৃত্যুর আগ পর্যন্ত যীশুর পুনরুত্থানের বিষয়ে প্রচার করতে লাগলেন ।এক এক করে তাদের সবাইকে মেরে ফেলা হলো ।তারা সাহসের সাথে মরল ,কারন তারা জানত যে স্বর্গে তাদের জন্য ভাল থাকার জায়গা রয়েছে।
রোমানরা অনেককে ক্রুশে দিয়ে হত্যা করল।
অন্যদেরকে জীবন্ত অবস্থায় পেট কেটে নাড়ী ভূড়ি বের করল এবং পরে তাদেরকে টুকরো টুকরো করে কাটল।


অন্যদের কে বন্য জন্তু দিয়ে খাওয়ালো।
কিছু সংখ্যককে পাথর ছুঁড়ে মারল।
অনেকের মাথা কেটে হত্যা করল।
মথি ১৪:১০; যোহন ২১:১৮


পিতরকে উল্টো করে ক্রুশে দেওয়া হলো।
অনেককে গরম তেলে দিয়ে ধীরে ধীরে মারা হলো।
আমি অনেক ভালো জায়গায় যাচ্ছি।ঈশ্বর যেন তোমাদের ক্ষমা করেন।
প্রভু,তোমার মতো করে মরার যোগ্য আমি নই।
তারা সবাই বিশ্বাসে মারা গেল,এই নিশ্চয়তাও তাদের ছিল যে তাদের জন্য একটি নতুন দেহ এবং নতুন ঘর অপেক্ষা করছে।


যীশুর পুনরুত্থানের ৬০ বছর পর,একমাত্র শিষ্য যোহনই বেঁচে ছিলেন ।তিনি পটেমাস নামে এক পাথুরে দ্বীপে নির্বাসনে ছিলেন ।পবিত্র আত্মা তাকে স্বর্গে নিয়ে গেলেন এবং ঈশ্বর তাকে ভবিষ্যৎ দেখালেন ।
যোহন,ভবিষ্যতে কি ঘটবে তা আমি তোমাকে দেখাব ।তুমি যা কিছু দেখবে তা একটি বইয়ে লিখে রাখ এবং এশিয়ার সাতটি মন্ডলীর কাছে পাঠিয়ে দেও ।



যখন শেষ সময় এগিয়ে আসবে,যীশু ফিরে আসবে এবং যারা তাঁকে বিশ্বাস করেছিল তাদের কবরগুলো খুলে যাবে ।মৃত বিশ্বাসীরা কবর থেকে উঠবে এবং জীবিত বিশ্বাসীরা একসাথে যীশুর সাথে মিলিত হওয়ার জন্য মেঘের মধ্যে উঠবে এবং তাঁর সাথেই চিরকাল থাকবে।
দিনের শেষে ,ঈশ্বর এই জগতে আসবেন এক ভীষণ খারাপ জলবায়ু নিয়ে ।কোথাও আগুন পড়বে কোথাও মহামারী হয়ে এই জগতের বেশীর ভাগ মানুষ মারা যাবে।

একজন লোক আসবে এবং নিজেকে মশীহ বলে দাবি করবে,সে অনেকের সাথে বিশ্বাসঘাতকতা করবে ।সেই লোকের প্রতি অনেকেই তাদের বিশ্বস্ততা দেখাবে এবং তার সরকার সেই বিশ্বস্তদের কপালে অথবা তাদের ডান হাতে চিহ্ন এঁকে দেবে ।




১ম থিষলনীকিয়
৪:১৪,৪:১৬-১;
২য় থিষলনীকিয়
২:৩-৪; প্রকাশিত
বাক্য ১:৯,১১,৮:১-
১৩,৯:১৮,১৩:১৬,২০:৪

যারা সেই চিহ্ন গ্রহন করবে না তাদের মাথা কেটে হত্যা করা হবে ।সেই সময়টা অনেক কষ্টের হবে এই জগতে যারা তখনও অবশিষ্ট থাকবে তাদের জন্য ।


ভাববাণী করা আছে,যীশু শেষ সময়ের আগে আবার এই জগতে আসবেন।
তিনি তাঁর সমস্ত গৌরব এবং শক্তি নিয়েই ফিরে আসবেন।এবং সাধারন মানুষ বেশে আসবেন না।স্বর্গ খুলে যাবে এবং তিনি একটি সাদা ঘোড়ায় চড়ে স্বর্গ থেকে নেমে আসবেন।
সূর্যের মতো তেজদ্বীপ্ত থাকবে তাঁর মুখ এবং তাঁর মাথায় থাকবে অনেক মুকুট।তাঁর হাতে থাকবে সাতটি তারা এবং তাঁর মুখ থেকে বের হবে সত্যের ধারালো তলোয়ার।

তিনি শয়তানের সাথে যুদ্ধ করবেন এবং শয়তানকে পরাজিত করে তাকে জ্বলন্ত আগুনের হ্রদে নিক্ষেপ করবেন সেই আগুনে সে অনন্তকাল জ্বলবে আর কখনো সে মানুষের মাঝে আসতে পারবেনা ।এরপর তিনি সেই আগুনে নিক্ষেপ করবেন তাঁর শেষ শত্রু মৃত্যুকে ।এবং এই জগত তখন নতুন হয়ে উঠবে ।




ঈশ্বর তাদের সকলকে জড়ো করবেন যারা তাঁর পুত্রকে বিশ্বাস করেছে নতুন পৃথিবীতে তাদেরকে অনন্ত জীবন দেবেন ।সেই পৃথিবীতে কোন দুঃখ,মৃত্যু,ব্যথা থাকবে না ঈশ্বর নিজে চোখের জল মুছে দেবেন ।আগের পৃথিবীর সবকিছু মুছে যাবে ।মৃত্যু এবং পাপ বিহীন নতুন পৃথিবীতে যীশু নিজে উদ্ধার কর্তা হিসেবে তাঁর ধার্মিক লোকদের নিয়ে রাজত্ব করবেন ।

১ম থিষলনীকিয় ৪:১৬; প্রকাশিত বাক্য ১:১৬,১৯:১১-২১,২০:১০-১৫,২১:১-৪



যীশুর এই সুখবর ২০০০
বছর ধরে প্রচারিত
হচ্ছে।যীশু বলেছিলেন
যে তাঁর রাজ্যের
সুসমাচার সমস্ত জগতে
সব জাতির কাছে,সব
গোষ্ঠীর কাছে,পরিবারের
কাছে প্রচার করতে যেন
তারা সেই সুসমাচার
জানতে পারে।


ঈশ্বর মাত্র একজন
আছেন এবং তাঁর
একজনই পুত্র।একটিই
বিশ্বাস এবং একটি পবিত্র
গ্রন্থ।এই জীবনের পরে
অনন্ত জীবনে প্রবেশের
একটাই পথ।যীশুই
পথ,সত্য ও জীবন।যে
পথ আজ অনেক জাতির
লোক খুঁজে পেয়েছে।
যোহন ৩:১৬,১৪:৬

খ্রীষ্টের সুখবর এই জগতের অন্য ধর্মের থেকে আলাদা কেননা এই সুখবর জোর করে বা হুমকি দিয়ে ছড়ানো হয়নি ।যীশু তাঁর অনুসারীদের শিক্ষা দিয়েছেন শত্রুকেও ভালবাসতে এবং হৃদয় আনন্দে পূর্ণ রাখতে আর আনন্দ গান গাইতে ।আজ সমস্ত জাতি এবং ভাষার লোকেরা ক্ষমা এবং অনন্ত জীবনের জন্য আনন্দ করছে ।



যাইহোক,২০০০ বছর আগে যীশু মৃত্যু থেকে জীবিত হয়েছিলেন,এবং এখনও অনেক মানুষ আছে যারা এই সুখবর শোনেনি ।তবে কেউ না কেউ তাদের কাছে এই সুখবর অবশ্যই প্রচার করবে ।

# একটি আধুনিক বিচার ব্যবস্থা




"এবং এই ব্যবস্থা প্রত্যেকের উপরই কার্যকরী হবে,তবে তা প্রত্যেকের মৃত্যুর পর।"


আপনি কি স্বর্গদূত ? আমাকে কোথায় নিয়ে যাচ্ছেন ?




ইব্রীয় ৯:২৭


তিনি পরীক্ষণ করছেন যদি তোমার নাম মেষ শিশুর জীবন বইয়ে পাওয়া যায়।
এবং আমি দেখলাম মৃতদের মধ্যে ছোট বড় সকলকে ঈশ্বরের সামনে দাড়াতে ; এবং বইটি খোলা হয়েছিল : এবং অন্য আরেকটি বই খোলা হয়েছিল,যেটা ছিল জীবন বই ; এবং মৃতদের বিচার করা হচ্ছিল সেই বইয়ে লেখা তাদের সকল কাজ অনুসারে।”


যোহন ডিউ,তুমি এই সিংহাসনের সামনে আসতে পার।
”যীশু খ্রীষ্টের মাধ্যমে ঈশ্বর প্রত্যেকের গোপন কাজের বিচার করবেন।”



যোহন ডিউ,আজ তোমার বিচারের দিন।তুমি অনেক পাপ করার অপরাধে দোষী হয়েছ,তুমি নিজের বিষয়ে কি বলবে ?
ঠিকআছে,আমি ছোট খাট পাপ করেছি,কিন্তু আমি একজন ভাল মানুষ ; যারা আমাকে চেনে আপনি তাদের কাছে জিজ্ঞেস করুন।






রোমীয় ২:৬; প্রকাশিত বাক্য ২০:১২


তার বইটি আন।


বইটি ছিলো জীবন বই।


এই বইয়েতো আমার নাম লেখা আছে !
বইটি ছিলো জীবন বই ।


পাপের তালিকা
পাপের তালিকা
মিথ্যা বলা ১-৪৮
কামপ্রবণতা ৪৯-৭৪
ঘৃণা করা ৭৫-৯১
লোভ করা ৯২-১১৫
প্রতিমা পূজা করা ১১৬-১৩২
অহংকার করা ১৩৩-১৭৫
ব্যভিচার করা ১৭৬-২০৪
অবিশ্বাস করা ২০৫-২৫০
ভোজন করা ২৫১-২৭১
করা ২৭২
করা ২৭৩-২৭৪


তোমার বই প্রকাশ করছে যে তুমি অনেক পাপ করেছ।




”কোন সৎ কাজের জন্য তিনি আমাদের উদ্ধার করেন নি,তাঁর করুনার জন্যই তা করলেন।”

তীত ৩:৫


তুমি কিভাবে একজন ভাল মানুষ হলে যখন তুমি মিথ্যা বলেছ ?


তুমি কিভাবে একজন ভাল মানুষ হলে যখন তুমি কামুকতা করেছ ?
তুমি কিভাবে একজন ভাল মানুষ হলে যখন তুমি অন্যের উপর রাগ করেছ ?


কিন্তু আমি কোন খারাপ পাপ করি নি ।আমি একজন ধার্মিক মানুষ ছিলাম ।
এখনও অজুহাত দিচ্ছ ।সব পাপই খারাপ পাপ ।
আমার সামনে থেকে দূর হও,যারা সবাই পাপ করেছ :আমি তোমাদের চিনি না ।


ওহো ঈশ্বর,এটা হতে পারে না।
আমি দুঃখিত,ঈশ্বরকে ডাকার জন্য এখন অনেক দেরী হয়ে গেছে।


আইইইঈ!


পাপীদের আগুনের গর্তে ফেলে
দেওয়া হবে এবং তারা সেখানে
কান্নাকাটি করবে আর দাঁতে দাঁত
ঘষবে।মথি ১৩:৪৯-৫০

বিচারকের আসনে যীশু বসলেন।





যোহন ১১:২৫-২৬


তোমার নাম জীবন বইয়ে লেখা আছে।
তোমার পুরস্কার গ্রহণের সময় হয়েছে।


”কারণ তিনি এমন একটা দিন ঠিক করেছেন যে দিনে তাঁর নিযুক্ত করা লোকের দ্বারা তিনি ন্যায় ভাবে মানুষের বিচার করবেন : তিনি সেই লোককে মৃত্যু থেকে জীবিত করে সব মানুষের কাছে এর প্রমাণ দিয়েছেন।”
যিবৎবড়ভ যব যধঃয মরাবহ ধংংঁৎধহপব ঁহঃড় ধষষ সবহ, রহ ঃযধঃ যব যধঃয ৎধরংবফ যরস ভৎড়স ঃযব ফবধফ.চ




প্রেরিত ১৭:৩১ ডযধঃ রং ঃযব
ইরনষব বাইবেল কি ?

আমাদের প্রবল আকাংখা এই যে ভাল এবং মন্দ বইটি পড়ার পর আপনি উদ্দেশ্য মূলক ভাবে পুরো বাইবেলটি পড়বেন যা আপনাকে জীবন দেবে ।প্রতিদিন বাইবেলের একটি অংশ পড়ার অভ্যাস করুন এবং প্রার্থনা করুন যেন ঈশ্বর আপনাকে এর অর্থ বুঝতে এবং তা আপনার জীবনে কাজে লাগাতে সাহায্য করেন ।

কপিরাইট (সি) ২০০৮,২০১৬ মাইকেল এবং ডেবী পার্ল ।সকল নথিপত্র সংরক্ষিত ।

লেখক : মাইকেল পার্ল

চিত্রকর : ড্যানি বুল্যানডি

রঙকরণ : স্বচ্ছ পরিষ্কার

https://goodandevilbook.com/